# হিসাববিজ্ঞান

## ঢাকা বোর্ড-২০২৫

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 4 6

সময় : ৩০ মিনিট [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. হিসাববিজ্ঞান তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
ক) ব্যবস্থাপক খ) সরকার গ) পাওনাদার ঘ) দেনাদার

**২. মুনাফাভোগী প্রতিষ্ঠান কোনটি?**
ক) স্কুল খ) কলেজ গ) দোকান ঘ) হাসপাতাল

**৩. $A = L + (C + R - Ex - D)$ সমীকরণটির R উপাদানটি নির্দেশ করে–**
ক) মূলধন খ) উত্তোলন গ) আয় ঘ) ব্যয়

**৪. নিচের কোনটি লেনদেন?**
ক) আসমার নিকট হতে ৩০,০০০ টাকার পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান
খ) মিনহাজকে মাসিক ২০,০০০ টাকা বেতনে ব্যবসায়ের ম্যানেজার নিয়োগ
গ) মালিকের ব্যক্তিগত অর্থ হতে ২,০০০ টাকা চুরি হয়েছে
ঘ) জনাব আবরারের নিকট পণ্য বিক্রয় ৩০,০০০ টাকা

**৫. হিসাব সমীকরণ হচ্ছে–**
i. $A = L + E$ ii. $A - L = E$ iii. $A - E = L$
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৬. "প্রাপ্য বিল" কোন শ্রেণির হিসাব?**
ক) মালিকানা স্বত্ব খ) ব্যয় গ) সম্পদ ঘ) দায়

**৭. একই শ্রেণিভুক্ত হিসাবগুলো–**
i. আসবাবপত্র ii. হাতে নগদ iii. ব্যাংক জমাতিরিক্ত
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**☐ নিচের তথ্যের ভিত্তিতে ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :**
হাসান ট্রেডার্স এর ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ ছিল :
যন্ত্রপাতি ৫০,০০০ টাকা, দালানকোঠা ১,০০,০০০ টাকা, নগদ ৪০,০০০ টাকা, বেতন ২০,০০০, প্রাপ্ত সুদ ৩০,০০০ টাকা, আয়কর ১০,০০০ টাকা, মূলধন ২,০০,০০০ টাকা।

**৮. হাসান ট্রেডার্সের মোট সম্পদের পরিমাণ কত?**
ক) ১,৯০,০০০ টাকা খ) ২,৩০,০০০ টাকা
গ) ২,৮০,০০০ টাকা ঘ) ২,৯০,০০০ টাকা

**৯. হাসান ট্রেডার্সের মালিকানা স্বত্বের পরিমাণ কত হবে?**
ক) ৯০,০০০ টাকা খ) ১,০০,০০০ টাকা
গ) ১,৯০,০০০ টাকা ঘ) ২,০০,০০০ টাকা

**১০. মূলধনজাতীয় ব্যয় কোনটি?**
ক) পণ্য ক্রয় খ) মনিহারি গ) ভাড়া প্রদান ঘ) জমি ক্রয়

**১১. ব্যবসায়ের জন্য ঋণ গ্রহণ–**
ক) মূলধনজাতীয় ব্যয় খ) মূলধনজাতীয় প্রাপ্তি
গ) বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় ঘ) মূলধনজাতীয় আয়

**১২. কোনটি ক্রয়ের জন্য 'অফিস সাপ্লাইজ' ডেবিট হবে?**
ক) কম্পিউটার খ) ঘড়ি গ) আলমারি ঘ) প্রিন্টার

**১৩. বিশেষ জাবেদা হলো–**
i. ক্রয় ফেরত বই ii. বিক্রয় ফেরত বই iii. সমন্বয় জাবেদা বই
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৪. কিবরিয়া হতে পণ্য ক্রয়। এর সঠিক জাবেদা কোনটি?**
ক) কিবরিয়া হিসাব ডে. ক্রয় হিসাব ক্রে.
খ) ক্রয় হিসাব ডে. কিবরিয়া হিসাব ক্রে.
গ) ক্রয় হিসাব ডে. নগদান হিসাব ক্রে.
ঘ) কিবরিয়া হিসাব ডে. নগদান হিসাব ক্রে.

**১৫. খতিয়ান হিসাবের–**
i. প্রধান বই ii. পাকা বই iii. স্থায়ী বই
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৬. মালিকানা স্বত্ব হিসাবসমূহ সর্বদা কোন জের প্রকাশ করে?**
ক) ডেবিট জের খ) ক্রেডিট জের গ) প্রারম্ভিক জের ঘ) সমাপনী জের

**১৭. নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ করা হয়–**
ক) আসবাবপত্র বিক্রয় খ) পাওনা আদায়
গ) ঋণ পরিশোধ ঘ) পণ্য বিক্রয়

**☐ নিচের তথ্যের ভিত্তিতে ১৮ ও ১৯নং প্রশ্নের উত্তর দাও :**
লিজা স্টোর ২০২৪ সালের জানুয়ারি মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ১ | চেকের মাধ্যমে পণ্য ক্রয় ৮,০০০ টাকা |
| " | ৫ | ব্যাংকে জমা দেওয়া হলো ১০,০০০ টাকা |
| " | ১০ | ব্যাংক হতে উত্তোলন ৫,০০০ টাকা |
| " | ৩০ | চেকের মাধ্যমে পণ্য বিক্রয় ১৫,০০০ টাকা |

**১৮. লিজা স্টোরের মোট কন্ট্রাএন্ট্রির পরিমাণ নির্ণয় কর।**
ক) ৮,০০০ টাকা খ) ১৫,০০০ টাকা
গ) ২০,০০০ টাকা ঘ) ৩০,০০০ টাকা

**১৯. লিজা স্টোরের ব্যাংক উদ্বৃত্তের পরিমাণ কত?**
ক) ৮,০০০ টাকা খ) ১০,০০০ টাকা
গ) ১২,০০০ টাকা ঘ) ১৫,০০০ টাকা

**২০. কোনটি অন্য তিনটি হতে ভিন্ন?**
ক) মজুরি খ) বিজ্ঞাপন গ) ভাড়া ঘ) উপভাড়া

**২১. জমি ক্রয় ৫০,০০০ টাকা, ক্রয় হিসাব ডেবিট করা হয়েছে। এ ক্ষেত্রে কোন ধরনের ভুল হয়েছে?**
ক) নীতিগত ভুল খ) পরিপূরক ভুল
গ) লেখার ভুল ঘ) বে-দাখিলার ভুল

**২২. রেওয়ামিলের ক্রেডিট দিকে বসে–**
ক) ব্যাংক চার্জ খ) ব্যাংক জমার সুদ
গ) বেতন ঘ) রপ্তানি শুল্ক

**☐ নিচের তথ্যের ভিত্তিতে ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :**
মোট মুনাফা ৭০,০০০ টাকা, বেতন ১০,০০০ টাকা, ভাড়া ৫,০০০ টাকা, প্রাপ্ত কমিশন ১,০০০ টাকা, ঋণ পত্রের সুদ ৫০০ টাকা, মূলধন ২,০০,০০০ টাকা।

**২৩. পরিচালন মুনাফার পরিমাণ কত?**
ক) ৫৫,০০০ টাকা খ) ৬০,০০০ টাকা
গ) ৭০,০০০ টাকা ঘ) ৮০,০০০ টাকা

**২৪. মালিকানা স্বত্বের পরিমাণ নির্ণয় কর।**
ক) ২,০০,০০০ টাকা খ) ২,১০,০০০ টাকা
গ) ২,৫৫,৫০০ টাকা ঘ) ২,৭০,০০০ টাকা

**২৫. কোনটি বিক্রীত পণ্যের ব্যয় অন্তর্ভুক্ত হবে?**
ক) আমদানি শুল্ক খ) রপ্তানি শুল্ক
গ) বিক্রয় পরিবহণ ঘ) ব্যাংক চার্জ

**২৬. 'দেনাদার' আর্থিক অবস্থার বিবরণীতে কোন অংশে থাকে?**
ক) স্থায়ী সম্পদ খ) চলতি সম্পদ
গ) চলতি দায় ঘ) দীর্ঘমেয়াদি দায়

**২৭. উৎপাদন ব্যয় বলতে কোনটিকে বুঝায়?**
ক) প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ মজুরি খ) প্রত্যক্ষ শ্রম + কারখানা উপরিব্যয়
গ) মুখ্য ব্যয় + কারখানা উপরিব্যয় ঘ) মোট ব্যয় + প্রত্যাশিত মুনাফা

**২৮. কোনটি প্রশাসনিক উপরিব্যয়?**
ক) কারখানা ভাড়া খ) বিক্রয় পরিবহণ
গ) বিজ্ঞাপন খরচ ঘ) আইন খরচ

**২৯. পরিবারের স্থায়ী সম্পদ কোনটি?**
ক) নগদ অর্থ খ) তৈজসপত্র
গ) ব্যাংক ব্যালেন্স ঘ) দেনাদার

**৩০. আয়-ব্যয় বিবরণীতে লিপিবদ্ধ করা হয়–**
i. মূলধনজাতীয় প্রাপ্তি ii. মুনাফাজাতীয় আয় iii. মুনাফাজাতীয় ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# ঢাকা বোর্ড-২০২৫

## হিসাববিজ্ঞান (সৃজনশীল)

**বিষয় কোড :** 1 | 4 | 6

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** — **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দুটি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১। ফাহিম এন্টারপ্রাইজের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**ফাহিম এন্টারপ্রাইজ**
৩১ ডিসেম্বর, ২০২৪

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৯৯,৭০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৭০,০০০ | ৭,০০০ |
| বাট্টা | | ২,৫০০ |
| পরিবহন | ৫০০ | |
| কমিশন | ৪,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৩০,০০০ | ৪৫,০০০ |
| আসবাবপত্র | ৬০,০০০ | |
| হাতে নগদ | ৩০,০০০ | |
| মজুরি | ১,২০০ | |
| মজুদ পণ্য (১-১-২০২৪) | ৩৩,৫০০ | |
| ফেরত | ৩,০০ | ২,০০০ |
| বেতন (৮ মাস) | ২৪,০০০ | |
| | ২,৫৬,২০০ | ২,৫৬,২০০ |

**সমন্বয়সমূহ :**
(১) স্থায়ী সম্পদের অবচয় ৫%।
(২) মজুরি অগ্রিম প্রদান করা হয়েছে ৮০০ টাকা।
(৩) ধারে ক্রয় ৫,০০০ টাকা অন্তর্ভুক্ত হয়নি।
(৪) সমাপনি মজুদ, পণ্যের ক্রয়মূল্য ৫১,৬০০ টাকা কিন্তু বাজারমূল্য ৫৪,৪০০ টাকা।

(ক) ফাহিম এন্টারপ্রাইজের নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ফাহিম এন্টারপ্রাইজের ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের সমাপ্ত বছরের মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) মোট মুনাফা ৬১,৫০০ টাকা ধরে উপরোক্ত তথ্যর আলোকে পরিচালন মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

২। জনাব রুশদী একজন ব্যবসায়ী। তাঁর ব্যবসায়ের ডিসেম্বর, ২০২৪ সালের রেওয়ামিলটি নিম্নরূপ :

জনাব রুশদীর রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২৪

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-২০২৪) | ৩,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৭৫,০০০ | ১,৪১,৭৫০ |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ৫০০ |
| পণ্য ফেরত | ৮,০০০ | |
| মূলধন | | ২,০০,০০০ |
| বেতন | ২০,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ৭,০০০ | ১৫,০০০ |
| ১০% ঋণ | | ৭৫,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ২,৫০০ | |
| ব্যাংক জমা | ২০,০০০ | |
| জমি | ১,৭৯,৭৫০ | |
| যন্ত্রপাতি | ১,১৪,০০০ | |
| বহিঃপরিবহণ | ১,০০০ | |
| আন্তঃপরিবহণ | ২,০০০ | |
| মোট = | ৪,৩২,২৫০ | ৪,৩২,২৫০ |

**সমন্বয়সমূহ :**
(১) ঋণের সুদ বকেয়া আছে।
(২) ২ মাসের বেতন বকেয়া রয়েছে।
(৩) মজুদ পণ্য (৩১–১২–২০২৪) ১৮,০০০ টাকা।
(৪) যন্ত্রপাতির অবচয় ১০% ধরতে হবে।

(ক) বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২
(খ) মোট লাভ ৭৪,০০০ টাকা ধরে নীট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪
(গ) জনাব রুশদীর ২০২৪ সালের মালিকানা স্বত্ব ২,২৫,৮৫০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

### খ বিভাগ

৩। হ্যানয় ব্রাদার্সের ২০২৪ সালের মার্চ মাসের ঘটনাসমূহ নিম্নরূপ :
মার্চ ১ : ২,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
" ৫ : ৫% বাট্টায় নগদে পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা।
" ৭ : ২০,০০০ টাকা মাসিক বেতনে ম্যানেজার নিয়োগ দেওয়া হলো।
" ১০ : পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান ৯০,০০০ টাকা।
" ১৫ : ১০,০০০ টাকার পণ্য ক্রয়।
" ২০ : ধারে মেশিন ক্রয় ৩,০০,০০০ টাকা।

(ক) উদ্দীপকে লেনদেন বহির্ভূত টাকার পরিমাণ কত? ২
(খ) হ্যানয় ব্রাদার্সের আয়ের জন্য একটি ক্রেডিট ভাউচার প্রস্তুত কর। ৪
(গ) হিসাব সমীকরণের উপর হ্যানয় ব্রাদার্সের লেনদেনের প্রভাব বিবরণী ছকে দেখাও। ৪

৪। জনাব তারেক একজন খুচরা ব্যবসায়ী। ২০২৩ সালের জানুয়ারি মাসে তার সম্পদ ও দায় ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ১,৫০,০০০ টাকা। তিনি প্রতি মাসে নগদ ২,০০০ টাকা ও ১,০০০ টাকার পণ্য উত্তোলন করেন এবং বছরের মাঝামাঝি ৪০,০০০ টাকা ব্যবসায় বিনিয়োগ করেন। বছর শেষে সম্পদ ও দায়সমূহ নগদ ৭০,০০০ টাকা, ফার্নিচার ১,৪০,০০০ টাকা, দেনাদার ১,২০,০০০ টাকা, ঋণ ১,৬০,০০০ টাকা, মজুদপণ্য ১,০০,০০০ টাকা, বকেয়া খরচ ৬,০০০ টাকা, পাওনাদার ৩০,০০০ টাকা।

(ক) জনাব তারেকের ব্যবসায়ে মোট উত্তোলনের পরিমাণ কত? ২
(খ) উক্ত ব্যবসায় প্রতিষ্ঠানের সমাপণী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) উক্ত বছরে জনাব তারেকের ব্যবসায়ের লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

৫। জনাব ইমাম মজুমদারের ব্যবসায়ের ২০২৩ সালের মে মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :
২০২৩
মে ১ : নতুন মেশিন ক্রয় ১,০০,০০০ টাকা।
" ২ : নতুন মেশিন সংস্থাপন ব্যয় ৮,০০০ টাকা।
" ৪ : রংপুর হতে সৈয়দপুরে ব্যবসায় স্থানান্তর ব্যয় ৩০,০০০ টাকা।
" ৮ : নতুন ক্রীত মেশিন মেরামত ব্যয় ৬,০০০ টাকা।
" ১২ : বিদ্যুৎ বিল পরিশোধ ৪,০০০ টাকা।
" ১৬ : পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ৪,০০০ টাকা।
" ২০ : বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় ৪০,০০০ টাকা।
" ২৪ : বিজ্ঞাপণ খরচ প্রদান (৩ বছরের জন্য) ৩৬,০০০ টাকা।

(ক) বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২
(খ) মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) ১ তারিখে ক্রীত মেশিন ১,২৪,০০০ টাকায় বিক্রয় করা হলে মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত হবে? ৪

৬। চালান নং ৬০ মেসার্স সালমা ব্রাদার্স তারিখ ০১-০৩-২০২৪

**ক্রেতার নাম :** হাসি ক্লথ স্টোর **চালান**

**ঠিকানা :** পৌরবাজার, গাইবান্ধা

| ক্রয় | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ছাপা কাপড়<br>বাদ পাইকারী বাট্টা ৫% | ১০০ | ৪০০ গজ | ৪০,০০০<br>২,০০০<br>৩৮,০০০ |

**কথায় :** আটত্রিশ হাজার টাকা মাত্র

বিক্রয় শর্ত ২/১০, নীট ২০

সালমা
বিক্রেতার স্বাক্ষর

বি.দ্র. : ভুলত্রুটি সংশোধনযোগ্য।

২৫ মার্চ ২০২৪ নমুনামাফিক না হওয়ায় হাসি ক্লথ স্টোর হতে ১০০ গজ কাপড় ফেরত পাওয়া গেল।

(ক) বিক্রয় শর্ত অনুযায়ী হাসি ক্লথ স্টোর কত টাকা ছাড় পাবে? ২

(খ) উপর্যুক্ত চালান সংশ্লিষ্ট পক্ষসমূহের প্রয়োজনীয় জাবেদা বহি প্রস্তুত কর। ৪

(গ) ২৫ মার্চ তারিখের লেনদেনের জন্য একটি ক্রেডিট নোট প্রস্তুত কর। ৪

৭। জনাব আজীম একজন কলম ব্যবসায়ী। ১ জুন ২০২৪ তারিখে নগদ ১,২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। ঐ মাসে তাঁর অন্যান্য লেনদেন নিম্নরূপ :

জুন ৫ : সুমি ট্রেডিং থেকে ১০% বাট্টায় প্রতি ডজন ৬০ টাকা দরে ৬০ ডজন কলম ক্রয়, চালান নং ৫০।

" ৭ : হাসান স্টোর থেকে ৫% বাট্টায় ২০,০০০ টাকার কলম ক্রয়, চালান নং ৫৮।

" ১৫ : ৩০,০০০ টাকা জমা দিয়ে একটি ব্যাংক হিসাব খোলা হল।

" ২০ : ছেলের স্কুলের পিকনিকের চাঁদা দেওয়ার জন্য ক্যাশ বাক্স থেকে ১,০০০ টাকা নিলেন।

" ২৭ : চেক মারফত ১০,০০০ টাকার মাল ক্রয়।

(ক) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) চলমান জের ছকে নগদান হিসাব ও ব্যাংক হিসাব প্রস্তুত কর। ৪

(গ) উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে সহকারী খতিয়ানসমূহ তৈরি কর। ৪

৮। জনাব কাজলের ২০২৪ সালের ডিসেম্বর মাসের কিছু লেনদেন :

ডিসেম্বর ০১ : নগদ তহবিল ২৭,০০০ টাকা, ব্যাংকে জমা ৩১,০০০ টাকা।

" ০৩ : ব্যাংক হতে উত্তোলন ৬,০০০ টাকা।

" ০৫ : উপভাড়া ২,৫০০ টাকা।

" ০৭ : ৫% বাট্টায় ১৪,০০০ টাকার পণ্য ক্রয়।

" ০৯ : ৪০,০০০ টাকার পণ্য বিক্রয় (১০% বাট্টায়)।

" ১১ : ববি স্টোর হতে চেক প্রাপ্তি ৫,৬০০ টাকা এবং বাট্টা প্রদান ৪০০ টাকা।

" ১৫ : ৫% বাট্টায় ৮,০০০ টাকার দেনা নিষ্পত্তি করা হল।

" ১৭ : ১৫,০০০ টাকার পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ১৪,৪০০ টাকা পাওয়া গেল।

(ক) নগদান বইতে কত টাকা লিপিবদ্ধ হবে না নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত লেনদেন হতে জনাব, কাজলের নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) নগদ প্রাপ্তি জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অন্যান্য লেনদেনগুলোর দ্বারা একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত কর। ৪

৯। জাহিন ব্রাদার্সের ২০২৪ সালে সমাপ্ত বছরের খতিয়ানের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| প্রারম্ভিক নগদ তহবিল | ৫৬,০০০ |
| বিনিয়োগ | ৮০,০০০ |
| দেনাদার | ১,২০,০০০ |
| ক্রয় | ৯০,০০০ |
| মূলধন | ২,০০,০০০ |
| উত্তোলন | ২২,০০০ |
| প্রদেয় বিল | ২৪,০০০ |
| গৃহীত ঋণ | ৪০,০০০ |
| ক্রয় পরিবহণ | ১৩,০০০ |
| পাওনাদার | ৮০,০০০ |
| মজুদ পণ্য (১-১-২০২৪) | ১,৬০,০০০ |
| ব্যাংক জমা (১-১-২০২৪) | ৪৪,০০০ |
| বিক্রয় পরিবহণ | ১৫,০০০ |
| ব্যাংক জমা (৩১-১২-২০২৪) | ১,০০,০০০ |
| বিক্রয় | ২,০০,০০০ |
| বকেয়া বেতন | ৩৬,০০০ |
| ব্যাংক জমার সুদ | ১০,০০০ |
| অগ্রিম শিক্ষাণবিশ সেলামি | ১০,০০০ |

(ক) জাহিন ব্রাদার্সের রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন দফার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত প্রতিষ্ঠানের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

১০। জনাব মুবিন একজন ঠিকাদার। তিনি ১০,০০০ মিটার রাস্তা তৈরির জন্য নিম্নোক্ত খরচগুলো করেন :

| বিবরণ | টাকা |
|---|---|
| মাটি ক্রয় | ১,৪০,০০০ |
| মাটি বহন খরচ | ১০,০০০ |
| শ্রমিকের মজুরি প্রদান | ৬০,০০০ |
| অফিস ও অন্যান্য খরচ পরিবহণ খরচের ৪০% টেলিফোন বিল | ১০,০০০ |
| প্রতিমিটার রাস্তার চুক্তিমূল্য | ২০০ |

(ক) রাস্তা তৈরির চুক্তিমূল্য নিণয় কর। ২

(খ) জনাব মুবিনের রাস্তা তৈরির মোট ব্যয় নির্ণয় কর। ৪

(গ) শ্রমিকের মজুরি ৫% এবং অফিস ও অন্যান্য খরচ ১০% বৃদ্ধি পেলে জনাব মুবিনের রাস্তা তৈরিতে মোট ব্যয় কত হবে? ৪

১১। জনাব উম্মে সালমা পেশায় একজন শিক্ষক। ১ জানুয়ারি ২০২৪ সালে তার পারিবারিক অবস্থা ছিল নিম্নরূপ :

ফ্লাট ৩৬,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,৬০,০০০ টাকা, গহনা ২,৪০,০০০ টাকা, ইলেকট্রনিক্স দ্রব্যাদি ১,০০,০০০ টাকা, হাতে নগদ ৬,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৬০,০০০ টাকা।

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ৬,০০০ | দৈনন্দিন বাজার | ২,৬৪,০০০ |
| বেতন | ৮,৪০,০০০ | ফোন বিল | ৭,২০০ |
| | | খাদ্যসামগ্রী ক্রয় | ২,৮৮,০০০ |
| | | আয়কর প্রদান | ২০,০০০ |
| | | ঋণ পরিশোধ | ১০,০০০ |
| | | আপ্যায়ন খরচ | ৯৬,০০০ |
| | | গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল | ৩৬,০০০ |
| | | শিক্ষা খরচ | ১,২০,০০০ |
| | | হাতে নগদ | ৪,৮০০ |
| | ৮,৪৬,০০০ | | ৮,৪৬,০০০ |

(ক) জনাব উম্মে সালমার পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে সমাপ্ত বছরে তার পরিবারের আয়-ব্যয় বিবরণী তৈরি কর। ৪

(গ) উক্ত তারিখে জনাব উম্মে সালমার পরিবারের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

# উত্তরমালা (ঢাকা বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | গ | ৭ | ক | ৮ | ক | ৯ | ঘ | ১০ | গ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | গ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** ফাহিম এন্টারপ্রাইজের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**ফাহিম এন্টারপ্রাইজ**
৩১ ডিসেম্বর, ২০২৪

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মূলধন | | ১,৯৯,৭০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৭০,০০০ | ৭,০০০ |
| বাট্টা | | ২,৫০০ |
| পরিবহণ | ৫০০ | |
| কমিশন | ৪,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৩০,০০০ | ৪৫,০০০ |
| আসবাবপত্র | ৬০,০০০ | |
| হাতে নগদ | ৩০,০০০ | |
| মজুরি | ১,২০০ | |
| মজুদ পণ্য (১-১-২০২৪) | ৩৩,৫০০ | |
| ফেরত | ৩,০০ | ২,০০০ |
| বেতন (৮ মাস) | ২৪,০০০ | |
| | ২,৫৬,২০০ | ২,৫৬,২০০ |

**সমন্বয়সমূহ :**

(১) স্থায়ী সম্পদের অবচয় ৫%।
(২) মজুরি অগ্রিম প্রদান করা হয়েছে ৮০০ টাকা।
(৩) ধারে ক্রয় ৫,০০০ টাকা অন্তর্ভুক্ত হয়নি।
(৪) সমাপনি মজুদ, পণ্যের ক্রয়মূল্য ৫১,৬০০ টাকা কিন্তু বাজারমূল্য ৫৪,৪০০ টাকা।

ক. ফাহিম এন্টারপ্রাইজের নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ফাহিম এন্টারপ্রাইজের ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখের সমাপ্ত বছরের মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
গ. মোট মুনাফা ৬১,৫০০ টাকা ধরে উপরোক্ত তথ্যর আলোকে পরিচালন মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

[ঢা. বো. ২০২৫]

**১নং প্রশ্নের সমাধান**

**ক** ফাহিম এন্টারপ্রাইজের নিকট ক্রয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ক্রয় | ৩০,০০০ | |
| বাদ : ফেরত | (২,০০০) | |
| | ২৮,০০০ | |
| যোগ : অলিখিত ক্রয় | ৫,০০০ | |
| নিট ক্রয় | | ৩৩,০০০ |

**উত্তর :** নিট ক্রয় ৩৩,০০০ টাকা।

**খ**

## ফাহিম এন্টারপ্রাইজ
### বিশদ আয় বিবরণী
### ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ৪৫,০০০ | |
| বাদ : ফেরত | | (৩,০০০) | |
| নিট বিক্রয় | | | ৪২,০০০ |
| **বাদ : বিক্রীত পণ্যের ব্যয়** | | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য (১-১-২০২৪) | | ৩৩,৫০০ | |
| ক্রয় | ৩০,০০০ | | |
| বাদ : ফেরত | (২,০০০) | | |
| | ২৮,০০০ | | |
| যোগ : অলিখিত ক্রয় | ৫,০০০ | | |
| নিট ক্রয় | | ৩৩,০০০ | |
| পরিবহণ | | ৫০০ | |
| মজুরি | ১,২০০ | | |
| বাদ : অগ্রিম মজুরি | (৮০০) | | |
| | | ৪০০ | |
| | | ৬৭,৪০০ | |
| বাদ : সমাপনি মজুদ পণ্য | | (৫১,৬০০) | |
| | | | (১৫,৮০০) |
| মোট মুনাফা | | | **২৬,২০০** |

**উত্তর :** মোট মুনাফার পরিমাণ ২৬,২০০ টাকা।

**গ**

## ফাহিম এন্টারপ্রাইজ
### বিশদ আয় বিবরণী
### ২০২৪ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত)** | | | ৬১,৫০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| কমিশন প্রদান | | ৪,০০০ | |
| বেতন | ২৪,০০০ | | |
| যোগ : বকেয়া বেতন (২৪,০০০ × ৪/৮) | ১২,০০০ | | |
| | | ৩৬,০০০ | |
| আসবাবপত্রের অবচয় (৬০,০০০ × ৫%) | | ৩,০০০ | |
| | | | (৪৩,০০০) |
| পরিচালন মুনাফা | | | **১৮,৫০০** |

**উত্তর :** পরিচালন মুনাফার পরিমাণ ১৮,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ০২** জনাব রুশদী একজন ব্যবসায়ী। তাঁর ব্যবসায়ের ডিসেম্বর, ২০২৪ সালের রেওয়ামিলটি নিম্নরূপ :

**জনাব রুশদীর রেওয়ামিল**

৩১ ডিসেম্বর, ২০২৪

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-১-২০২৪) | ৩,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৭৫,০০০ | ১,৪১,৭৫০ |
| অনাদায়ি পাওনা সঞ্চিতি | | ৫০০ |
| পণ্য ফেরত | ৮,০০০ | |
| মূলধন | | ২,০০,০০০ |
| বেতন | ২০,০০০ | |
| দেনাদার ও পাওনাদার | ৭,০০০ | ১৫,০০০ |
| ১০% ঋণ | | ৭৫,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ২,৫০০ | |
| ব্যাংক জমা | ২০,০০০ | |
| জমি | ১,৭৯,৭৫০ | |
| যন্ত্রপাতি | ১,১৪,০০০ | |
| বহিঃপরিবহণ | ১,০০০ | |
| আন্তঃপরিবহণ | ২,০০০ | |
| মোট = | ৪,৩২,২৫০ | ৪,৩২,২৫০ |

**সমন্বয়মূহ :**

(১) ঋণের সুদ বকেয়া আছে।

(২) ২ মাসের বেতন বকেয়া রয়েছে।

(৩) মজুদ পণ্য (৩১–১২–২০২৪) ১৮,০০০ টাকা।

(৪) যন্ত্রপাতির অবচয় ১০% ধরতে হবে।

ক. বিক্রীত পণ্যের ব্যয় নির্ণয় কর। ২

খ. মোট লাভ ৭৪,০০০ টাকা ধরে নীট লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

গ. জনাব রুশদীর ২০২৪ সালের মালিকানা স্বত্ব ২,২৫,৮৫০ টাকা ধরে আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৫]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** বিক্রত পণ্যের ব্যয় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ৩,০০০ |
| ক্রয় | ৭৫,০০০ | |
| আন্তঃপরিবহণ | ২,০০০ | |
| বাদ : সমাপনী মজুদ পণ্য | (১৮,০০০) | |
| | | ৫৯,০০০ |
| **বিক্রীত পণ্যের ব্যয়** | | **৬২,০০০** |

**উত্তর :** বিক্রীত পণ্যের ব্যয় ৬২,০০০ টাকা।

**খ**

**জনাব রুশদীর**
**বিশদ আয় বিবরণী**
**২০২৪ সালের ৩১শে ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **মোট লাভ (প্রশ্নে প্রদত্ত)** | | | ৭৪,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বহিঃপরিবহণ | | ১,০০০ | |
| বিজ্ঞাপন | | ২,৫০০ | |
| বেতন | ২০,০০০ | | |
| যোগ : বকেয়া বেতন (২০,০০০ × ²/১০) | ৪,০০০ | | |
| | | ২৪,০০০ | |
| প্রারম্ভিক অনাদায়ি পাওনা সঞ্চিতি | | (৫০০) | |
| যন্ত্রপাতির অবচয় | | ১১,৪০০ | |
| | | | (৩৮,৪০০) |
| **পরিচালন মুনাফা** | | | ৩৫,৬০০ |
| **বাদ : অন্যান্য ব্যয় :** | | | |
| – | | | |
| ঋণের সুদ | | | (৭,৫০০) |
| **নিট মুনাফা** | | | **২৮,১০০** |

**উত্তর :** নিট মুনাফার পরিমাণ ২৮,১০০ টাকা।

**গ**

**জনাব রুশদী**
**আর্থিক অবস্থার বিবরণী**
**২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| জমি | | ১,৭৯,৭৫০ | |
| যন্ত্রপাতি | ১,১৪,০০০ | | |
| বাদ : পুঞ্জীভূত অবচয় (১০%) | (১১,৪০০) | | |
| | | ১,০২,৬০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ২,৮২,৩৫০ |
| **বিনিয়োগ :** | | | |
| – | | – | |
| **চলতি সম্পদ :** | | | |
| ব্যাংক জমা | | ২০,০০০ | |
| দেনাদার | | ৭,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | | ১৮,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ৪৫,০০০ |
| **অলীক সম্পদ :** | | | |
| – | | – | |
| **মোট সম্পদ** | | | ৩,২৭,৩৫০ |
| **মালিকানা স্বত্ব ও দায়সমূহ :** | | | |
| মূলধন সমাপনী উদ্বৃত্ত (প্রশ্নে প্রদত্ত) | | | ২,২৫,৮৫০ |
| **দীর্ঘমেয়াদী দায় :** | | | |
| ঋণ | | ৭৫,০০০ | |
| **চলতি দায় :** | | | |
| পাওনাদার | ১৫,০০০ | | |
| বকেয়া বেতন | ৪,০০০ | | |
| বকেয়া ঋণের সুদ | ৭, ৫০০ | | |
| **মোট চলতি দায়** | | ২৬,৫০০ | |
| **মোট দায়** | | | ১,০১,৫০০ |
| **মালিকানা স্বত্ব ও মোট দায়** | | | **৩,২৭,৩৫০** |

**উত্তর :** আর্থিক অবস্থার যোগফল ৩,২৭,৩৫০ টাকা।

**প্রশ্ন ▶ ০৩** হ্যানয় ব্রাদার্সের ২০২৪ সালের মার্চ মাসের ঘটনাসমূহ নিম্নরূপ :

মার্চ ১ : ২,০০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
" ৫ : ৫% বাট্টায় নগদে পণ্য বিক্রয় ৮০,০০০ টাকা।
" ৭ : ২০,০০০ টাকা মাসিক বেতনে ম্যানেজার নিয়োগ দেওয়া হলো।
" ১০ : পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান ৯০,০০০ টাকা।
" ১৫ : ১০,০০০ টাকার পণ্য ক্রয়।
" ২০ : ধারে মেশিন ক্রয় ৩,০০,০০০ টাকা।

ক. উদ্দীপকে লেনদেন বহির্ভূত টাকার পরিমাণ কত? ২
খ. হ্যানয় ব্রাদার্সের আয়ের জন্য একটি ক্রেডিট ভাউচার প্রস্তুত কর। ৪
গ. হিসাব সমীকরণের উপর হ্যানয় ব্রাদার্সের লেনদেনের প্রভাব বিবরণী ছকে দেখাও। ৪

[ঢা. বো. ২০২৫]

**৩নং প্রশ্নের সমাধান**

**ক** উদ্দীপকের লেনদেন বহির্ভূত চিহ্নিত করে মোট টাকার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৪ | | | |
| মার্চ-৭ | মাসিক বেতনে ম্যানেজার নিয়োগ | ২০,০০০ | |
| " ১০ | পণ্য ক্রয়ের ফরমায়েশ প্রদান | ৯০,০০০ | |
| | মোট | | ১,১০,০০০ |

**উত্তর :** লেনদেন বহিভূত এমন টাকার পরিমাণ ১,১০,০০০ টাকা।

**খ** মার্চ-৫ তারিখের অবিলম্বে একটি ক্রেডিট ভাউচার প্রস্তুত করা হলো :

**হ্যানয় ব্রাদার্স**

ক্রেডিট ভাউচার নম্বর : ...............
তারিখ : ০৫ মার্চ, ২০২৪
হিসাব খাতের নাম : সেবা আয়/বিক্রয় হিসাব
গ্রহণকারীর নাম :
ঠিকানা : ....................

| ক্রমিক নং | আয়ের বিবরণ | টাকা |
|---|---|---|
| ১. | নগদে পণ্য বিক্রয় বাবদ আয় | ৮০,০০০ |
| | বাদ : কারবারি বাট্টা (৫%) | (৪,০০০) |
| | | ৭৬,০০০ |

**টাকা (কথায়) :** ছিয়াত্তর হাজার টাকা মাত্র।

ক্যাশিয়ারের স্বাক্ষর | হিসাবরক্ষকের স্বাক্ষর | ব্যবস্থাপকের স্বাক্ষর | গ্রহীতার স্বাক্ষর

**গ** **হ্যানয় ব্রাদার্স**
২০২৪ সালের মার্চ মাসের লেনদেনসমূহের প্রভাব হিসাবসমীকরণের বিবরণী দেখানো হলো :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | যন্ত্রপাতি | = | পাওনাদার | | | |
| ২০২৪ মার্চ-১ | | ২,০০,০০০ | | = | | + | ২,০০,০০০ | মূলধন আনয়ন |
| | উদ্বৃত্ত | ২,০০,০০০ | | = | | + | ২,০০,০০০ | |
| " ৫ | | ৭৬,০০০ | | = | | | ৭৬,০০০ | বিক্রয় আয় |
| | উদ্বৃত্ত | ২,৭৬,০০০ | | = | | + | ২,৭৬,০০০ | |
| " ১৫ | | (১০,০০০) | | = | | | (১০,০০০) | ক্রয় ব্যয় |
| | উদ্বৃত্ত | ২,৬৬,০০০ | | = | | + | ২,৬৬,০০০ | |
| " ২০ | | | ৩,০০,০০০ | = | ৩,০০,০০০ | | | |
| | উদ্বৃত্ত | ২,৬৬,০০০ | ৩,০০,০০০ | = | ৩,০০,০০০ | + | ২,৬৬,০০০ | |
| | মোট | ৫,৬৬,০০০ | | = | ৫,৬৬,০০০ | | | |

**উত্তর :** হিসাব সমীকরণের যোগফল ৫,৬৬,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৪** জনাব তারেক একজন খুচরা ব্যবসায়ী। ২০২৩ সালের জানুয়ারি মাসে তার সম্পদ ও দায় ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ১,৫০,০০০ টাকা। তিনি প্রতি মাসে নগদ ২,০০০ টাকা ও ১,০০০ টাকার পণ্য উত্তোলন করেন এবং বছরের মাঝামাঝি ৪০,০০০ টাকা ব্যবসায় বিনিয়োগ করেন। বছর শেষে সম্পদ ও দায়সমূহ নগদ ৭০,০০০ টাকা, ফার্নিচার ১,৪০,০০০ টাকা, দেনাদার ১,২০,০০০ টাকা, ঋণ ১,৬০,০০০ টাকা, মজুদপণ্য ১,০০,০০০ টাকা, বকেয়া খরচ ৬,০০০ টাকা, পাওনাদার ৩০,০০০ টাকা।

ক. জনাব তারেকের ব্যবসায়ে মোট উত্তোলনের পরিমাণ কত? ২

খ. উক্ত ব্যবসায় প্রতিষ্ঠানের সমাপণী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. উক্ত বছরে জনাব তারেকের ব্যবসায়ের লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

[ঢা. বো. ২০২৫]

## ৪নং প্রশ্নের সমাধান

**ক** জনাব তারেকের ব্যবসায়ের মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নগদ উত্তোলন (২,০০০ × ১২) | ২৪,০০০ | |
| পণ্য উত্তোলন (১,০০০ × ১২) | ১২,০০০ | |
| | | ৩৬,০০০ |

**উত্তর :** মোট উত্তোলনের পরিমাণ ৩৬,০০০ টাকা।

**খ** ২০২৩ সালের জনাব তারেকের সমাপনী মূলধন নির্ণয় :

সমাপনী মূলধন = সমাপনী মোট সম্পদ − সমাপনী মোট দায়

= (নগদ + আসবাবপত্র + মজুদ পণ্য + দেনাদার) − (ঋণ + বকেয়া খরচ + পাওনাদার)

= (৭০,০০০ + ১,৪০,০০০ + ১,০০,০০০ + ১,২০,০০০) − (১,৬০,০০০ + ৬,০০০ + ৩০,০০০)

= (৪,৩০,০০০ − ১,৯৬,০০০) টাকা

= ২,৩৪,০০০ টাকা

**উত্তর :** সমাপনী মূলধন ২,৩৪,০০০ টাকা।

**গ** ২০২৩ সালের জনাব তারেকের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় :

লাভ/ক্ষতি = (সমাপনী মূলধন + উত্তোলন) − (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)

= (২,৩৪,০০০ + ৩৬,০০০) + (৫০,০০০ + ৪০,০০০)

= (২,৭০,০০০ − ৯০,০০০) টাকা

= ১,৮০,০০০ টাকা

∴ লাভ ১,৮০,০০০ টাকা

প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক মোট সম্পদ − প্রারম্ভিক মোট দায়

= (২,০০,০০০ − ১,৫০,০০০) টাকা

= ৫০,০০০ টাকা।

**উত্তর :** লাভ ১,৮০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৫** জনাব ইমাম মজুমদারের ব্যবসায়ের ২০২৩ সালের যে মাসে নিম্নোক্ত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :

২০২৩

মে ১ : নতুন মেশিন ক্রয় ১,০০,০০০ টাকা।

" ২ : নতুন মেশিন সংস্থাপন ব্যয় ৮,০০০ টাকা।

" ৪ : রংপুর হতে সৈয়দপুরে ব্যবসায় স্থানান্তর ব্যয় ৩০,০০০ টাকা।

" ৮ : নতুন ক্রীত মেশিন মেরামত ব্যয় ৬,০০০ টাকা।

" ১২ : বিদ্যুৎ বিল পরিশোধ ৪,০০০ টাকা।

" ১৬ : পুরাতন কম্পিউটার মেরামত ব্যয় ৪,০০০ টাকা।

" ২০ : বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় ৪০,০০০ টাকা।

" ২৪ : বিজ্ঞাপণ খরচ প্রদান (৩ বছরের জন্য) ৩৬,০০০ টাকা।

ক. বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ কত? ২

খ. মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ১ তারিখে ক্রীত মেশিন ১,২৪,০০০ টাকায় বিক্রয় করা হলে মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ কত হবে? ৪

[ঢা. বো. ২০২৫]

**৫নং প্রশ্নের সমাধান**

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| মে-৪ | রংপুর হতে সৈয়দপুরে ব্যবসায় স্থানান্তর ব্যয় | ৩০,০০০ | |
| " ২৪ | বিজ্ঞাপন খরচ প্রদান (৩৬,০০০ × ২/৩) | ২৪,০০০ | |
| | **মোট বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়** | | ৫৪,০০০ |

**উত্তর :** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৫৪,০০০ টাকা।

**খ** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নতুন মেশিন ক্রয় | ১,০০,০০০ | |
| নতুন মেশিন সংস্থাপন ব্যয় | ৮০,০০০ | |
| নতুন ক্রয়ক্রীত মেশিনের মেরামত ব্যয় | ৬,০০০ | |
| বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় | ৪০,০০০ | |
| **মোট মূলধন জাতীয় ব্যয়** | | ১,৫৪,০০০ |

**উত্তর :** মূলধন জাতীয় ব্যয়ের পরিমাণ ১,৫৪,০০০ টাকা।

**গ** ১ তারিখে ক্রীত মেশিন ১,২৪,০০০ টাকা বিক্রয় করা হলে, মূলধন জাতীয় প্রপ্তি ও মূলধন জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| | **মূলধন জাতীয় প্রাপ্তি :** | | |
| | মেশিন বিক্রয় | | ১,২৪,০০০ |
| | **মূলধন জাতীয় আয় :** | | |
| | মেশিনের বিক্রয়মূল্য | | ১,২৪,০০০ |
| | **বাদ : মেশিনের অর্জনমূল্য :** | | |
| | মেশিন ক্রয় | ১,০০,০০০ | |
| | যোগ : সংস্থাপন ব্যয় | ৮,০০০ | |
| | যোগ : মেরামত ব্যয় | ৬,০০০ | |
| | | | (১,১৪,০০০) |
| | **মূলধন জাতীয় আয়** | | **১০,০০০** |

**উত্তর :** মূলধন জাতীয় প্রাপ্তি ১,২৪,০০০ টাকা ও মূলধন জাতীয় আয় ১০,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৬** চালান নং ৬০ মেসার্স সালমা ব্রাদার্স তারিখ ০১-০৩-২০২৪

**ক্রেতার নাম :** হাসি ক্লথ স্টোর

চালান

**ঠিকানা :** পৌরবাজার, গাইবান্ধা

| ক্রয় | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ছাপা কাপড় | ১০০ | ৪০০ গজ | ৪০,০০০ |
| | বাদ পাইকারী বাট্টা ৫% | | | ২,০০০ |
| | | | | ৩৮,০০০ |

**কথায় :** আটত্রিশ হাজার টাকা মাত্র

বিক্রয় শর্ত ২/১০, নীট ২০

সালমা

বিক্রেতার স্বাক্ষর

বি.দ্র. : ভুলত্রুটি সংশোধনযোগ্য।

২৫ মার্চ ২০২৪ নমুনামাফিক না হওয়ায় হাসি ক্লথ স্টোর হতে ১০০ গজ কাপড় ফেরত পাওয়া গেল।

ক. বিক্রয় শর্ত অনুযায়ী হাসি ক্লথ স্টোর কত টাকা ছাড় পাবে? ২

খ. উপর্যুক্ত চালান সংশ্লিষ্ট পক্ষসমূহের প্রয়োজনীয় জাবেদা বহি প্রস্তুত কর। ৪

গ. ২৫ মার্চ তারিখের লেনদেনের জন্য একটি ক্রেডিট নোট প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৫]

## ৬নং প্রশ্নের সমাধান

**ক** বিক্রয়শর্ত অনুযায়ী হাসি ক্লথ কত টাকা ছাড় পাবে :

এখানে, বিক্রয়শর্ত ২/১০, নীট ২০ অনুযায়ী হাসি ক্লথ স্টোর ১০ দিনের মধ্যে পরিশোধ করলে শর্ত অনুযায়ী ছাপা ও কাপড়ের মূল্য পরিশোধে ছাড় পাবে (৩৮,০০০ × ২%) = ৭৬০

∴ বিক্রয়শর্ত অনুযায়ী হাসি ক্লথ ছাড় পাবে ৭৬০ টাকা।

**উত্তর :** ৭৬০ টাকা।

**খ**

### মেসার্স সালমা ব্রাদার্স

বিক্রয় জাবেদা

| তারিখ | ডেবিট হিসাবখাত | শর্ত | চালান নং | সূত্র | দেনাদার হিসাব ডেবিট<br>বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| ২০২৪<br>মার্চ–১ | হাসি ক্লথ স্টোর (গণনা–১) | ২/১০, নিট ২০ | ৬০ | ✓ | ৩৮,০০০ |
| | | | | | ৩৮,০০০ |

**উত্তর :** বিক্রয় জাবেদার যোগফল ৩৮,০০০ টাকা।

**গ** উপযুক্ত তথ্যের ভিত্তিতে একটি ক্রডিট নোট প্রস্তুত করা হলো–

### মেসার্স সালমা ব্রাদার্স

ক্রেডিট নোট

ক্রেডিট নোট নং : .............................

প্রাপকের নাম : হাসি ক্লথ স্টোর

তারিখ : ২৫ মার্চ, ২০২৪

ঠিকানা : .............................

সূত্র : .............................

| ক্রমিক নং | মালের বিবরণ ও ফেরতের কারণ | পরিমাণ (টাকা) |
|---|---|---|
| ১. | প্রতি গজ ১০০ টাকা দরে ১০০ গজ ছাপা কাপড় নমুনামাফিক না হওয়ায় ফেরত পাওয়া গেছে এবং আপনাদের হিসাবকে ফেরত মালের মূল্য দ্বারা ক্রেডিট করা হয়েছে। | ১০,০০০ |
| | বাদ : পাইকারী বাট্টা ৫% | (৫০০) |
| | | ৯,৫০০ |

**টাকা (কথায়) :** নয় হাজার পাঁচশত টাকা মাত্র।

...............................
বিক্রয় ব্যবস্থাপক

**প্রশ্ন ▸ ০৭** জনাব আজীম একজন কলম ব্যবসায়ী। ১ জুন ২০২৪ তারিখে নগদ ১,২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন। ঐ মাসে তাঁর অন্যান্য লেনদেন নিম্নরূপ :

জুন ৫ : সুমি ট্রেডিং থেকে ১০% বাট্টায় প্রতি ডজন ৬০ টাকা দরে ৬০ ডজন কলম ক্রয়, চালান নং ৫০।

" ৭ : হাসান স্টোর থেকে ৫% বাট্টায় ২০,০০০ টাকার কলম ক্রয়, চালান নং ৫৮।

" ১৫ : ৩০,০০০ টাকা জমা দিয়ে একটি ব্যাংক হিসাব খোলা হল।

" ২০ : ছেলের স্কুলের পিকনিকের চাঁদা দেওয়ার জন্য ক্যাশ বাক্স থেকে ১,০০০ টাকা নিলেন।

" ২৭ : চেক মারফত ১০,০০০ টাকার মাল ক্রয়।

ক. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২

খ. চলমান জের ছকে নগদান হিসাব ও ব্যাংক হিসাব প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনসমূহের ভিত্তিতে সহকারী খতিয়ানসমূহ তৈরি কর। ৪

[ঢা. বো. ২০২৫]

## ৭নং প্রশ্নের সমাধান

**ক** উপযুক্ত তথ্যের ভিত্তিতে কারবারি বাট্টার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৪ | | | |
| জুন–৫ | ক্রয় বাট্টা {(৬০ × ৬০) × ১০%} | ৩৬০ | |
| " ৭ | ক্রয় বাট্টা (২০,০০০ × ৫%) | ১,০০০ | |
| | মোট | | ১,৩৬০ |

**উত্তর :** কারবারি বাট্টার পরিমাণ ১,৩৬০ টাকা।

**খ**

**জনাব আজীম**

**খতিয়ান বই (চলমান জের ছক)**

**নগদান হিসাব** হিসাবের কোড নং–

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২৪ | | | | | | |
| জুন–১ | মূলধন হিসাব | | ১,২০,০০০ | | ১,২০,০০০ | |
| " ১৫ | ব্যাংক হিসাব | | | ৩০,০০০ | ৯০,০০০ | |
| " ২০ | উত্তোলন হিসাব | | | ১,০০০ | ৮৯,০০০ | |

**ব্যাংক হিসাব** হিসাবের কোড নং–

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২৪ | | | | | | |
| জুন–১৫ | নগদান হিসাব | | ৩০,০০০ | | ৩০,০০০ | |
| " ২৭ | ক্রয় হিসাব | | | ১০,০০০ | ২০,০০০ | |

**উত্তর :** নগদান হিসাবের ডেবিট জের ৮৯,০০০ টাকা এবং ব্যাংক হিসাবের ডেবিট জের ২০,০০০ টাকা।

**গ**

**জনাব আজীম**

**সহকারী খতিয়ান (চলমান জের ছক)**

**সুমি ট্রেডিং** হিসাবের কোড নং–

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২৪ | | | | | | |
| জুন–৫ | ক্রয় হিসাব (গণনা-১) | | | ৩,২৪০ | | ৩,২৪০ |

**হাসান স্টোর** হিসাবের কোড নং–

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২৪ | | | | | | |
| জুন–৭ | ক্রয় হিসাব (গণনা-২) | | | ১৯,০০০ | | ১৯,০০০ |

**উত্তর :** পাওনাদার হিসাবের ক্রেডিট জের ৩,২৪০ ও ১৯,০০০ টাকা।

**গণনা-১ :** সুমি ট্রেডিং {((৬০ × ৫০) − (৬০ × ৬০ × ১০%)} = ৩,২৪০ টাকা।

**গণনা-২ :** হাসান স্টোর (২০,০০০ − (২০,০০০ × ৫%) = ১৯,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৮** জনাব কাজলের ২০২৪ সালের ডিসেম্বর মাসের কিছু লেনদেন :

ডিসেম্বর ০১ : নগদ তহবিল ২৭,০০০ টাকা, ব্যাংকে জমা ৩১,০০০ টাকা।
" ০৩ : ব্যাংক হতে উত্তোলন ৬,০০০ টাকা।
" ০৫ : উপভাড়া ২,৫০০ টাকা।
" ০৭ : ৫% বাট্টায় ১৪,০০০ টাকার পণ্য ক্রয়।
" ০৯ : ৪০,০০০ টাকার পণ্য বিক্রয় (১০% বাট্টায়)।
" ১১ : ববি স্টোর হতে চেক প্রাপ্তি ৫,৬০০ টাকা এবং বাট্টা প্রদান ৪০০ টাকা।
" ১৫ : ৫% বাট্টায় ৮,০০০ টাকার দেনা নিষ্পত্তি করা হল।
" ১৭: ১৫,০০০ টাকার পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ১৪,৪০০ টাকা পাওয়া গেল।

ক. নগদান বইতে কত টাকা লিপিবন্ধ হবে না নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত লেনদেন হতে জনাব, কাজলের নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. নগদ প্রাপ্তি জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অন্যান্য লেনদেনগুলোর দ্বারা একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৫]

**৮নং প্রশ্নের সমাধান**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৯** জাহিন ব্রাদার্সের ২০২৪ সালে সমাপ্ত বছরের খতিয়ানের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| প্রারম্ভিক নগদ তহবিল | ৫৬,০০০ |
| বিনিয়োগ | ৮০,০০০ |
| দেনাদার | ১,২০,০০০ |
| ক্রয় | ৯০,০০০ |
| মূলধন | ২,০০,০০০ |
| উত্তোলন | ২২,০০০ |
| প্রদেয় বিল | ২৪,০০০ |
| গৃহীত ঋণ | ৪০,০০০ |
| ক্রয় পরিবহণ | ১৩,০০০ |
| পাওনাদার | ৮০,০০০ |
| মজুদ পণ্য (১-১-২০২৪) | ১,৬০,০০০ |
| ব্যাংক জমা (১-১-২০২৪) | ৪৪,০০০ |
| বিক্রয় পরিবহণ | ১৫,০০০ |
| ব্যাংক জমা (৩১-১২-২০২৪) | ১,০০,০০০ |
| বিক্রয় | ২,০০,০০০ |
| বকেয়া বেতন | ৩৬,০০০ |
| ব্যাংক জমার সুদ | ১০,০০০ |
| অগ্রিম শিক্ষাণবিশ সেলামি | ১০,০০০ |

ক. জাহিন ব্রাদার্সের রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন দফার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত প্রতিষ্ঠানের চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৫]

## ৯নং প্রশ্নের সমাধান

**ক** জাহিন ব্রাদার্সের রেওয়ামিলে অন্তভুক্ত হবে না এমন দফার পরিমাণ নির্ণয় :

| ক্রমিক | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক নগদ তহবিল | ৫৬,০০০ | |
| ২. | ব্যাংক জমা (০১−০১-২০২৪) | ৪৪,০০০ | |
| | মোট | | ১,০০,০০০ |

**উত্তর :** রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না মোট ১,০০,০০০ টাকা।

**খ** মোট চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ :** | | |
| দেনাদার | ১,২০,০০০ | |
| ব্যাংক জমা (৩১-১২-২০২৪) | ১,০০,০০০ | |
| মোট চলতি সম্পদ | | ২,২০,০০০ |
| **চলতি দায় :** | | |
| প্রদয় বিল | ২৪,০০০ | |
| পাওনাদার | ৮০,০০০ | |
| বকেয়া বেতন | ৩৬,০০০ | |
| অগ্রিম শিক্ষানবিশ সেলামি | ১০,০০০ | |
| মোট চলতি দায় | | ১,৫০,০০০ |

**উত্তর :** চলতি সম্পদ ২,৩০,০০০ টাকা ও চলতি দায়ের পরিমাণ ১,৫০,০০০ টাকা।

**গ**

### জাহিন ব্রাদার্সের
### রেওয়ামিল

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | বিনিয়োগ | | ৮০,০০০ | |
| ২. | দেনাদার | | ১,২০,০০০ | |
| ৩. | ক্রয় | | ৯০,০০০ | |
| ৪. | মূলধন | | | ২,০০,০০০ |
| ৫. | উত্তোলন | | ২২,০০০ | |
| ৬. | প্রদেয় বিল | | | ২৪,০০০ |
| ৭. | গৃহীত ঋণ | | | ৪০,০০০ |
| ৮. | ক্রয় পরিবহণ | | ১৩,০০০ | |
| ৯. | পাওনাদার | | | ৮০,০০০ |
| ১০. | মজুদ পণ্য (১-১-২০২৪) | | ১,৬০,০০০ | |
| ১১. | বিক্রয় পরিবহণ | | ১৫,০০০ | |
| ১২. | ব্যাংক জমা (৩১-১২-২০২৪) | | ১,০০,০০০ | |
| ১৩. | বিক্রয় | | | ২,০০,০০০ |
| ১৪. | বকেয়া বেতন | | | ৩৬,০০০ |
| ১৫. | ব্যাংক জমা সুদ | | | ১০,০০০ |
| ১৬. | অগ্রিম শিক্ষানবিশ সেলামী | | | ১০,০০০ |
| | মোট = | | ৬,০০,০০০ | ৬,০০,০০০ |

**উত্তর :** রেওয়ামিলের যোগফল ৬,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১০** জনাব মুবিন একজন ঠিকাদার। তিনি ১০,০০০ মিটার রাস্তা তৈরির জন্য নিম্নোক্ত খরচগুলো করেন :

| বিবরণ | টাকা |
|---|---|
| মাটি ক্রয় | ১,৪০,০০০ |
| মাটি বহন খরচ | ১০,০০০ |
| শ্রমিকের মজুরি প্রদান | ৬০,০০০ |
| অফিস ও অন্যান্য খরচ পরিবহণ খরচের ৪০% টেলিফোন বিল | ১০,০০০ |
| প্রতিমিটার রাস্তার চুক্তিমূল্য | ২০০ |

ক. রাস্তা তৈরির চুক্তিমূল্য নিণয় কর। ২

খ. জনাব মুবিনের রাস্তা তৈরির মোট ব্যয় নির্ণয় কর। ৪

গ. শ্রমিকের মজুরি ৫% এবং অফিস ও অন্যান্য খরচ ১০% বৃদ্ধি পেলে জনাব মুবিনের রাস্তা তৈরিতে মোট ব্যয় কত হবে? ৪

[ঢা. বো. ২০২৫]

**১০নং প্রশ্নের সমাধান**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ১১** জনাব উম্মে সালমা পেশায় একজন শিক্ষক। ১ জানুয়ারি ২০২৪ সালে তার পারিবারিক অবস্থা ছিল নিম্নরূপ :
ফ্লাট ৩৬,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,৬০,০০০ টাকা, গহনা ২,৪০,০০০ টাকা, ইলেকট্রনিক্স দ্রব্যাদি ১,০০,০০০ টাকা, হাতে নগদ ৬,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৬০,০০০ টাকা।

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ৬,০০০ | দৈনন্দিন বাজার | ২,৬৪,০০০ |
| বেতন | ৮,৪০,০০০ | ফোন বিল | ৭,২০০ |
| | | খাদ্যসামগ্রী ক্রয় | ২,৮৮,০০০ |
| | | আয়কর প্রদান | ২০,০০০ |
| | | ঋণ পরিশোধ | ১০,০০০ |
| | | আপ্যায়ন খরচ | ৯৬,০০০ |
| | | গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল | ৩৬,০০০ |
| | | শিক্ষা খরচ | ১,২০,০০০ |
| | | হাতে নগদ | ৪,৮০০ |
| | ৮,৪৬,০০০ | | ৮,৪৬,০০০ |

ক. জনাব উম্মে সালমার পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

খ. ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে সমাপ্ত বছরে তার পরিবারের আয়-ব্যয় বিবরণী তৈরি কর। ৪

গ. উক্ত তারিখে জনাব উম্মে সালমার পরিবারের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

[ঢা. বো. ২০২৫]

**১১নং প্রশ্নের সমাধান**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

# রাজশাহী বোর্ড-২০২৫

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা)
[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

বিষয় কোড **1 4 6**

**সময় : ৩০ মিনিট** **পূর্ণমান : ৩০**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **কোন বাট্টা তিনঘরা নগদান বইয়ের ডেবিটে লিপিবদ্ধ হয়?**
ⓚ ক্রয় বাট্টা ⓚ প্রদত্ত বাট্টা ⓖ বিক্রয় বাট্টা ⓘ প্রাপ্ত বাট্টা

☐ **নিচের উদ্দীপকটি পড়ে ২ ও ৩নং প্রশ্নের উত্তর দাও :**
ফারুক অ্যান্ড সন্সের হিসাবরক্ষক ৪,০০০ টাকা, ১০,০০০ টাকা ও ১২,০০০ টাকার তিনটি হিসাবের সাথে 'প্রদত্ত' বা 'প্রাপ্ত' লেখা না থাকায় রেওয়ামিলের ক্রেডিট দিকে লিখলেন, ফলে রেওয়ামিল অমিল হয়।

২. **ফারুক অ্যান্ড সন্সের রেওয়ামিলে অনিশ্চিত হিসাব কত টাকা?**
ⓚ ০০ টাকা ⓚ ১৩,০০০ টাকা
ⓖ ২৬,০০০ টাকা ⓘ ৫২,০০০ টাকা

৩. **হিসাবরক্ষক যে হিসাবগুলো লিখতে ভুল করেছে তার মধ্যে রয়েছে–**
i. ব্যাংক হিসাব ii. কমিশন হিসাব iii. ভাড়া হিসাব
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৪. **কোনটি পরোক্ষ পরিচালন ব্যয়?**
ⓚ অফিস খরচ ⓚ ডক চার্জ ⓖ বিবিধ ক্ষতি ⓘ ঋণের সুদ

৫. **'প্রাপ্য সুদ' আর্থিক বিবরণীর কোন অংশে থাকে?**
ⓚ চলতি সম্পদ ⓚ চলতি দায়
ⓖ স্থায়ী সম্পদ ⓘ দীর্ঘমেয়াদি দায়

☐ **নিচের তথ্যাবলি অবলম্বনে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
মোট ব্যয় ১,০০,০০০ টাকা, প্রশাসনিক উপরিব্যয় ৬,০০০ টাকা, বিক্রয় উপরিব্যয় ৪,০০০ টাকা এবং মুনাফা মোট ব্যয়ের ২০%।

৬. **উৎপাদন ব্যয়ের পরিমাণ কত?**
ⓚ ৮০,০০০ টাকা ⓚ ৯০,০০০ টাকা
ⓖ ১,১০,০০০ টাকা ⓘ ১,২০,০০০ টাকা

৭. **বিক্রয়ের মুনাফার পরিমাণ কত?**
ⓚ ৮০,০০০ টাকা ⓚ ১,১০,০০০ টাকা
ⓖ ১,২০,০০০ টাকা ⓘ ১,৩২,০০০ টাকা

৮. **পারিবারিক বাজেট তৈরি হয়–**
ⓚ সম্ভাব্য আয়ের ভিত্তিতে ⓚ প্রকৃত আয়ের ভিত্তিতে
ⓖ সম্ভাব্য আয় ও ব্যয়ের ভিত্তিতে ⓘ প্রকৃত আয় ও ব্যয়ের ভিত্তিতে

৯. **পারিবারিক আয়-ব্যয় বিবরণীতে অন্তর্ভুক্ত হয়–**
ⓚ বেতন ⓚ ঋণ পরিশোধ
ⓖ ডিপিএস-এ জমা ⓘ গহনা বিক্রয়

১০. **রেওয়ামিলের মুখ্য উদ্দেশ্য কোনটি?**
ⓚ ভুল-ত্রুটি উদঘাটন ও সংশোধন
ⓚ আর্থিক বিবরণী প্রস্তুত সহজ করা
ⓖ আর্থিক অবস্থা সম্পর্কে ধারণা পাওয়া
ⓘ লেনদেন সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা তা যাচাই করা

১১. **একতরফা দাখিলা পদ্ধতিতে সাধারণত কোন শ্রেণির হিসাব সংরক্ষন করা হয় না?**
i. আয় ii. সম্পদ iii. ব্যয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১২. **প্রতিষ্ঠানের প্রতিটি খাতের ক্রমাগত পরিবর্তন ও নিট পরিমাণ জানার জন্য কোনটি প্রস্তুত করা হয়?**
ⓚ হিসাব ⓚ আর্থিক বিবরণী ⓖ জাবেদা ⓘ রেওয়ামিল

১৩. **কোনটি ক্রয়ের জন্য 'অফিস সরঞ্জাম হিসাব' ডেবিট হবে?**
ⓚ স্ট্যাপলার ⓚ কম্পিউটার
ⓖ পেপার ওয়েট ⓘ ফাইল কেবিনেট

☐ **নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
ফাতেমা এন্টারপ্রাইজের মালিক জনাব ফাতেমা প্রতিষ্ঠানের যাবতীয় নগদ প্রাপ্তি ও প্রদান নগদান বইয়ে লিপিবদ্ধ করে থাকেন। ২০২৩ সালের মার্চ ১০ তারিখে মোট ৬০,০০০ টাকার পণ্য ১০% বাট্টায় বিক্রয় করে ৪০,০০০ টাকা পাওয়া গেল।

১৪. **ফাতেমা এন্টারপ্রাইজের প্রকৃত পাওনার পরিমাণ কত?**
ⓚ ৬০,০০০ টাকা ⓚ ৫৪,০০০ টাকা
ⓖ ২০,০০০ টাকা ⓘ ১৪,০০০ টাকা

১৫. **ফাতেমার পাওনা ৫% বাট্টায় পূর্ণ নিষ্পত্তিতে আদায় হলে কত টাকা পাওয়া যাবে?**
ⓚ ৫৭,০০০ ⓚ ৩৮,০০০ ⓖ ১৯,০০০ ⓘ ১৩,৩০০

১৬. **রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে–**
i. পণ্য ক্রয় ii. প্রারম্ভিক পাওনাদার iii. সমাপনী দেনাদার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১৭. **বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয়ে কোনটি অন্তর্ভুক্ত হবে?**
ⓚ জাহাজ ভাড়া ⓚ বাট্টা ⓖ বেতন ⓘ অগ্রিম ভাড়া

১৮. **"আমদানি পণ্যের জাহাজ ভাড়া প্রদান ৬,০০০ টাকা" এটি কোন ধরনের লেনদেন?**
ⓚ আন্তঃলেনদেন ⓚ মূলধন জাতীয় লেনদেন
ⓖ বিলম্বিত মুনাফা জাতীয় লেনদেন ⓘ মুনাফা জাতীয় লেনদেন

১৯. **হিসাব চক্রের আর্থিক বিবরণী প্রস্তুত ধাপের পূর্ববর্তী ধাপ কোনটি?**
ⓚ সমন্বয় দাখিলা ⓚ সমাপনী দাখিলা
ⓖ কার্যপত্র ⓘ রেওয়ামিল

২০. **নিচের কোনটি সঠিক?**
ⓚ E = A – L ⓚ A = L – E
ⓖ E = C + R + Ex – D ⓘ A = L + C + R – Ex + D

২১. **"ধারে পণ্য ক্রয় ৫,০০০ টাকা"। এই লেনদেনের ফলে হিসাব সমীকরণে–**
i. সম্পদ বৃদ্ধি পাবে ii. দায় বৃদ্ধি পাবে
iii. মালিকানা স্বত্ব হ্রাস পাবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২২. **হিসাববিজ্ঞান তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
ⓚ অভ্যন্তরীণ নিরীক্ষক ⓚ ঋণদাতা
ⓖ কর্মচারী ও কর্মকর্তা ⓘ ব্যবস্থাপক

২৩. **মুনাফাজাতীয় ব্যয় কোনটি?**
ⓚ ঋণ প্রদান ⓚ উপভাড়া ⓖ মেশিন ক্রয় ⓘ পণ্য ক্রয়

২৪. **পাওনাদার কোন শ্রেণির হিসাব?**
ⓚ সম্পদ ⓚ দায় ⓖ মালিকানা স্বত্ব ⓘ আয়

২৫. **সমাপনী দাখিলার মাধ্যমে কোন ধরনের হিসাব বন্ধ করা হয়?**
ⓚ সম্পদ ⓚ দায় ⓖ আয় ⓘ মূলধন

☐ **নিচের তথ্যের ভিত্তিতে ২৬ ও ২৭নং প্রশ্নের উত্তর দাও :**
রনি ট্রেডার্সের ২০২৪ সালের মে ৩১ তারিখের কতিপয় হিসাবের উদ্বৃত্ত নিম্নরূপ :
অফিস সরঞ্জাম হিসাব ২০,০০০ টাকা; অগ্রিম বেতন হিসাব ৩০,০০০ টাকা; ক্রয় হিসাব ১০,০০০ টাকা; বিক্রয় হিসাব ২৫,০০০ টাকা; মূলধন হিসাব ৪০,০০০ টাকা; উত্তোলন হিসাব ৫,০০০ টাকা ও বকেয়া ভাড়া ৫,০০০ টাকা।

২৬. **রনি ট্রেডার্সের সম্পদের পরিমাণ কত টাকা?**
ⓚ ২০,০০০ টাকা ⓚ ৫০,০০০ টাকা
ⓖ ৫৫,০০০ টাকা ⓘ ৯০,০০০ টাকা

২৭. **মালিকানা স্বত্বের নিট পরিমাণ কত?**
ⓚ ৩৫,০০০ টাকা ⓚ ৪০,০০০ টাকা
ⓖ ৪৫,০০০ টাকা ⓘ ৫০,০০০ টাকা

২৮. **নিচের কোনটি প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ করা হয়?**
ⓚ সম্পদ ক্রয় ২,০০,০০০ টাকা ⓚ পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা
ⓖ অনাদায়ী পাওনা ৫,০০০ টাকা ⓘ বহিঃফেরত ৩,০০০ টাকা

২৯. **সহকারী খতিয়ানে অন্তর্ভুক্ত হিসাব–**
i. করিম ট্রেডার্স হিসাব ii. জামাল হিসাব iii. ব্যাংক হিসাব
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩০. **নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ হয় কোনটি?**
ⓚ বাট্টা প্রদান ২,০০০ টাকা ⓚ পাওনা আদায় ৫,০০০ টাকা
ⓖ ঋণ পরিশোধ ৪০,০০০ টাকা ⓘ উপভাড়া ৪২,০০০ টাকা

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# রাজশাহী বোর্ড-২০২৫

## হিসাববিজ্ঞান (সৃজনশীল)

বিষয় কোড : | 1 | 4 | 6 |

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় :** ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান :** ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দুটি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১। মুন এন্টারপ্রাইজ-এর ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

মুন এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১ ডিসেম্বর ২০২৩

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২৩,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৮০,০০০ | ১,০০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৩০,০০০ | ২৮,০০০ |
| উত্তোলন ও মূলধন | ৩০,০০০ | ১,৫০,০০০ |
| শুল্ক | ১,০০০ | |
| বেতন | ৫,৫০০ | |
| কারবারি বাট্টা | ৫০০ | ১,০০০ |
| মজুরি (১০ মাস) | ১৬,০০০ | |
| প্রাপ্য কমিশন | ২,০০০ | |
| অতিরিক্ত মূলধন (১-৭-২০২৩) | | ৫০,০০০ |
| ব্যাংক জমা | ৩৫,০০০ | |
| বিমা প্রিমিয়াম | ৬,০০০ | |
| ভূমি ও দালানকোঠা | ১,০০,০০০ | |
| মোট = | ৩,২৯,০০০ | ৩,২৯,০০০ |

**সমন্বয়সমূহ :**

১. সমাপনী মজুদ পণ্য মূল্যায়ন করা হয়েছে ৪৮,০০০ টাকা।
২. মালিক নিজ প্রয়োজনে পণ্য উত্তোলন করেন ৩,০০০ টাকা যা হিসাবভুক্ত হয়নি।
৩. মূলধন ও উত্তোলনের ওপর ৫% সুদ ধার্য করতে হবে।
৪. বিমা প্রিমিয়াম ৩১ মার্চ ২০২৪ পর্যন্ত ১ বছরের জন্য পরিশোধ করা হয়েছে।

(ক) মুন এন্টারপ্রাইজ-এর নিকট ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে মুন এন্টারপ্রাইজ এর মোট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪
(গ) ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে মোট মুনাফা ৩৫,০০০ টাকা ধরে মুন এন্টারপ্রাইজ এর নিট মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

২। সালাম ট্রেডার্স-এর ৩১ ডিসেম্বর ২০২২ সালে রেওয়ামিলটি ছিল নিম্নরূপ :

**সালাম ট্রেডার্স**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর ২০২২

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| মূলধন | | ৯০,০০০ |
| উত্তোলন | ৩০,০০০ | |
| হাতে নগদ | ১৫,০০০ | |
| আয়কর | ৫,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ১০,০০০ |
| দেনাদার | ২৫,০০০ | |
| পাওনাদার | | ৫,০০০ |
| যন্ত্রপাতি | ২৯,৫০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ২,৫০০ |
| ১০% বিনিয়োগ | ৩,০০০ | |
| মোট = | ১,০৭,৫০০ | ১,০৭,৫০০ |

**সমন্বয়সমূহ :**

১. সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১২,০০০ টাকা এবং বাজারমূল্য ১০% বেশি।
২. জীবন বিমা প্রিমিয়াম প্রদান ১,৫০০ টাকা।
৩. অলিখিত বহিঃফেরত ১,০০০ টাকা।
৪. দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট দেনাদারের ওপর ১০% সন্দেহজনক কুঋণ সঞ্চিতি রাখতে হবে।

(ক) সালাম ট্রেডার্স এর চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) নিট মুনাফা ১০,২০০ টাকা ধরে সালাম ট্রেডার্স এর মালিকানাস্বত্বে পরিবর্তন বিবরণী প্রস্তুত কর। ৪
(গ) ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে সমাপ্ত বছরের জন্য সালাম ট্রেডার্স-এর মোট সম্পদের পরিমাণ দেখাও। ৪

### খ বিভাগ

৩। জনাব বিপ্লব একজন ব্যবসায়ী। ২০২৩ সালের জানুয়ারি মাসে তার ব্যবসায়ে সংঘটিত লেনদেনগুলো নিম্নরূপ :

২০২৩
জানুয়ারি ১ জনাব বিপ্লব ১,২০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
" ৫ বাকিতে পণ্য ক্রয় ১৫,০০০ টাকা।
" ১০ ব্যাংকে ১০,০০০ টাকা জমা দিয়ে একটি হিসাব খোলা হলো।
" ২০ ব্যবসায় হতে উত্তোলন ৫,০০০ টাকা।
" ২৫ কাগজ, কলম ও কার্বন ক্রয় ৪,০০০ টাকা।
" ২৮ দোকান ভাড়া প্রদান ৫,০০০ টাকা।
" ৩০ বাকিতে পণ্য বিক্রয় ২৫,০০০ টাকা।
" ৩১ দেনাদারের কাছ থেকে প্রাপ্তি ৫,০০০ টাকা।

(ক) জনাব বিপ্লব এর ব্যবসায়ে প্রাপ্য হিসাবের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) জানুয়ারি ২৫ থেকে ৩১ তারিখের লেনদেনগুলোর হিসাবের শ্রেণি উল্লেখ করে কারণ ব্যাখ্যা কর। ৪
(গ) জানুয়ারি ১ থেকে ২০ তারিখের লেনদেনগুলো দ্বারা বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

৪। জনাব শামস্ তার ব্যবসায়ের হিসাব দুতরফা দাখিলা পদ্ধতিতে সংরক্ষন করেন না। ১ জানুয়ারি ২০২২ তারিখে তার ব্যবসায়ে নগদ ৫০,০০০ টাকা, আসবাবপত্র ৩০,০০০ টাকা এবং প্রদেয় হিসাবের পরিমাণ ২,০০০ টাকা ছিল। উক্ত বছরে তিনি তার ছেলের ব্যবহৃত ৩০,০০০ টাকা মূল্যের কম্পিউটার কারবারে ব্যবহারের জন্য নিয়ে আসেন। এছাড়া তিনি ছেলের স্কুলের বেতন কারবার হতে প্রদান করেন ২,০০০ টাকা।

৩১ ডিসেম্বর ২০২২ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিল– নগদ ৩০,০০০ টাকা, আসবাবপত্র ২০,০০০ টাকা, ফ্রিজ ৩৫,০০০ টাকা, মজুদ পণ্য ৫০,০০০ টাকা, বন্ধকী ঋণ ২৮,০০০ টাকা এবং দেনা ১০,০০০ টাকা।

(ক) জনাব শামস্-এর ব্যবসায়ের প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২
(খ) জনাব শামস্-এর ব্যবসায়ের সমাপনী মূলধন নির্ণয় কর। ৪
(গ) ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে জনাব শামস্-এর ব্যবসায়ের লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

৫। জনাব মিরাজ এর ব্যবসায়ে ২০২৩ সালের এপ্রিল মাসে সংঘটিত লেনদেনসমূহ নিম্নরূপ :

এপ্রিল ১ মনিহারি দ্রব্যাদি ক্রয় ১,০০০ টাকা।
" ৫ পুরাতন শো-কেস মেরামত করা হলো ২,০০০ টাকা।
" ১০ বগুড়া থেকে ঢাকায় ব্যবসা৷ স্থানান্তর ব্যয় ৩০,০০০ টাকা।
" ১৩ নতুন যন্ত্রপাতি ক্রয় ৫,০০,০০০ টাকা।
" ১৫ নতুন যন্ত্রপাতি সংস্থাপন ব্যয় ৫,০০০ টাকা।
" ১৭ নতুন যন্ত্রপাতির আমদানি শু৷ক ২,৫০০ টাকা।
" ২০ অফিসের জন্য প্রিন্টার ক্রয় ১৫,০০০ টাকা।
" ২২ নতুন পণ্য তৈরির গবেষণা ব্যয় ২৫,০০০ টাকা।

(ক) জনাব মিরাজ এর ব্যবসায়ের বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) জনাব মিরাজ এর ব্যবসায়ে এপ্রিল মাসে মূলধন জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) বিশেষ কারণে যন্ত্রপাতিটি ৫,২৫,০০০ টাকায় বিক্রয় করলে, মূলধন জাতীয় প্রাপ্তি ও মূলধন জাতীয় আয়/ক্ষতির পরিমাণ নিরূপণ কর। ৪

৬। KYA স্টিল কোং-এর হিসাব বই থেকে ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে নিম্নোক্ত তথ্যাবলি সংগৃহীত হয় :

| | টাকা |
|---|---|
| লোহার আকরিক ক্রয় | ১০,০০,০০০ |
| আন্তঃপরিবহন | ৫০,৫০০ |
| গ্যাস ও বিদ্যুৎ | ৪০,০০০ |
| যন্ত্রপাতির অবচয় | ১০,০০০ |
| বিক্রয়কর্মীর বেতন | ১,৩০,০০০ |
| টেলিফোন বিল | ৭,০০০ |
| বিজ্ঞাপন খরচ | ৫০,০০০ |
| লোহার আকরিকের মজুদ (১-১-২০২২) | ৫,২০,০০০ |
| রড বিক্রয় | ৪৩,০০,০০০ |
| তৈরি রডের মজুদ (১-১-২০২২) | ৫,৫০,০০০ |
| তৈরি রডের জুদ (৩১-১২-২০২২) | ২,৫০,০০০ |

(ক) KYA স্টিল কোং-এর ব্যবহৃত কাঁচামাল খরচের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উদ্দীপকের তথ্যের ভিত্তিতে উক্ত কোম্পানির উৎপাদিত পণ্যের ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে উক্ত কোম্পানির নিট পরিচালন মুনাফা/ক্ষতি নির্ণয় কর। ৪

৭। মিসেস রুমাইসা ২০২২ সালের ১ জুলাই নগদ ২,২৫,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করেন। উক্ত মাসে তার অন্যান্য লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

জুলাই ৩ রোহানের নিকট পণ্য বিক্রয় ৭২,০০০ টাকা। কারবারি বাট্টা ৩%। চালান নং ১৭১।
" ৫ রাজুর নিকট পণ্য বিক্রয় ৩২,০০০ টাকা।
" ১৫ ইকরাম এন্টারপ্রাইজ এর নিকট ৫% বাট্টায় টিভি বিক্রয় ২২,০০০ টাকা। চালান নং ১৭৮।
" ২০ ব্যাংক থেকে উত্তোলন ২৫,০০০ টাকা।
" ৩০ প্রচার ও প্রচারণার জন্য পণ্য বিতরণ ৫,০০০ টাকা।
" ৩১ কর্মচারীদের বেতন প্রদান ১১,০০০ টাকা।

(ক) মিসেস রুমাইসার ব্যবসায়ে প্রারম্ভিক বিনিয়োগের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে জনাব রুমাইসার ব্যবসায়ের একটি বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
(গ) উপর্যুক্ত ৫, ২০, ৩০ ও ৩১ তারিখের লেনদেনগুলোর সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

৮। নিজাম ট্রেডার্স-এর ২০২৩ সালের জুন মাসে সংঘটিত লেনদেনসমূহ নিম্নরূপ :

জুন ১ ইশরাক এন্টারপ্রাইজের নিকট নগদে পণ্য বিক্রয় ৫৫,০০০ টাকা।
" ৫ ব্যাংকে জমাদান ২৭,০০০ টাকা।
গ. মে-১ তারিখে ক্রয়কৃত মেশিনটি ক্রয় মূল্যের উপর ২০% মুনাফায় বিক্রি করলে মূলধন জাতীয় আয় কত হবে? ৪

[কু. বো. ২০২৫]

## ৪নং প্রশ্নের সমাধান

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| মে-১৫ | ব্যবসায় স্থানান্তর ব্যয় | ১২,০০০ | |
| " ২০ | বিলম্বিত বিজ্ঞাপন ব্যয় | ১০,০০০ | |
| | **মোট বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়** | | ২২,০০০ |

**উত্তর :** বিলম্বিত বিজ্ঞাপন জাতীয় ব্যয় ২২,০০০ টাকা।

**খ** মুনাফা জাতীয় আয় ও ব্যয়ের পরিমাণ :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | **মুনাফা জাতীয় আয় :** | | |
| মে-১২ | বিনিয়োগের সুদ প্রাপ্তি | ১,৫০০ | |
| " ২৫ | উপভাড়া প্রাপ্তি | ৭,০০০ | |
| | **মোট মুনাফা জাতীয় আয়** | | ৮,৫০০ |
| | **মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| " ৯ | বেতন প্রদান | ৪,৫০০ | |
| " ৩০ | গাড়ির মেরামত ব্যয় | ৫,০০০ | |
| | **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | ৯,৫০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় আয়ের পরিমাণ ৮,৫০০ টাকা ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৯,৫০০ টাকা।

**গ** মে-১ তারিখে ক্রয়কৃত মেশিনটির ক্রয় মূল্যের উপর ২০% মুনাফায় বিক্রি করায় মূলধন জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মূলধন জাতীয় আয় :** | | |
| ২০% মুনাফা বিক্রয়মূল্য {৫০,০০০ + (৫০,০০০ × ২০%)} | | ৬০,০০০ |
| **বাদ : মেশিনের অর্জন মূল্য :** | | |
| মেশিন ক্রয় | ৫০,০০০ | |
| যোগ : সংস্থাপন ব্যয় | ৩,৫০০ | |
| | | (৫৩,৫০০) |
| **মূলধন জাতীয় আয়** | | ৬,৫০০ |

**উত্তর :** মূলধন জাতীয় আয়ের পরিমাণ ৬,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৫** ইমন এন্টারপ্রাইজের কতিপয় লেনদেন নিম্নরূপ :

২০২৪ খ্রি.

জুন ৭ ব্যবসায়ের জন্য কম্পিউটার ক্রয় করা হল ৮০,০০০ টাকা।

" ১০ বাবলু ট্রেডার্সের নিকট হতে ১০% বাট্টায় পণ্য ক্রয় ২০,০০০ টাকা।

" ১৫ ব্যবসায়ের প্রচারণা বাবদ ব্যয় ৫,০০০ টাকা।

" ২০ কর্মচারীদের বেতন প্রদান ২৪,০০০ টাকা।

" ২৫ নিম্নমানের জন্য বাবলু ট্রেডার্সকে পণ্য ফেরত ৩,০০০ টাকা। ডেবিট নোট নং-৩।

" ২৭ নমুনামাফিক না হওয়ায় মি. আজীজকে ৪,০০০ টাকার পণ্য ফেরত পাঠানো হয়। ডেবিট নোট নং-৫।

" ৩০ আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা ভুলবশত ক্রয় হিসাব ১৫,০০০ টাকা দ্বারা ডেবিট করা হয়েছে।

ক. জুন ৩০ তারিখের লেনদেনটির সংশোধনী জাবেদা দেখাও। ২

খ. ৭, ১০, ১৫ ও ২০ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ কর। ৪

গ. ২৫ ও ২৭ তারিখের লেনদেন দ্বারা ক্রয় ফেরত জাবেদা বই প্রস্তুত কর এবং সাধারণ খতিয়ান দেখাও। ৪

[কু. বো. ২০২৫]

<u>৫নং প্রশ্নের সমাধান</u>

**ক**

**ইমন এন্টারপ্রাইজের**

**সংশোধনী জাবেদা**

| তারিখ | বিবরণ | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২৪ | | | | | |
| জুন-৩০ | আসবাবপত্র হিসাব | ডেবিট | | ১৫,০০০ | |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | | | ১৫,০০০ |
| | | | | ১৫,০০০ | ১৫,০০০ |

**খ**

**ইমন এন্টারপ্রাইজ**

**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২৪ | | | | | |
| জুন-৭ | অফিস সরঞ্জাম হিসাব | ডেবিট | | ৮০,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৮০,০০০ |
| | [যেহেতু নগদে কম্পিউটার ক্রয় করা হলো] | | | | |
| " ১০ | ক্রয় হিসাব | ডেবিট | | ১৮,০০০ | |
| | বাবুল ট্রেডার্স হিসাব (পাওনাদার) | ক্রেডিট | | | ১৮,০০০ |
| | [যেহেতু ধারে পণ্য ক্রয় করা হলো {২০,০০০ − (২০,০০০ × ১০%)}] | | | | |
| " ১৫ | বিজ্ঞাপন হিসাব | ডেবিট | | ৫,০০০ | |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | | | ৫,০০০ |
| | [যেহেতু প্রচরণা করা হলো] | | | | |
| " ২০ | বেতন হিসাব | ডেবিট | | ২৪,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ২৪,০০০ |
| | [যেহেতু নগদে বেতন প্রদান করা হলো] | | | | |
| | | মোট | | ১,২৭,০০০ | ১,২৭,০০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ১,২৭,০০০ টাকা।

**গ** ২৫ ও ২৭ তারিখের লেনদেন দ্বারা ক্রয় ফেরত জাবেদা বই প্রস্তুত করা হলো এবং সাধারণ খতিয়ান নির্ণয় :

**জনাব ইমন এন্টারপ্রাইজ**

ক্রয় ফেরত জাবেদা

| তারিখ | ডেবিট হিসাব | ডেবিট নোট নম্বর | সূত্র | পাওনাদার হিসাব ডেবিট<br>ক্রয় ফেরত হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২৪ | | | | |
| জুন-২৫ | বাবলু ট্রেডার্স | ৩ | ✓ | ৩,০০০ |
| " ২৭ | মি. আজীজ | ৫ | ✓ | ৪,০০০ |
| | মোট | | | ৭,০০০ |

**জনাব ইমন এন্টারপ্রাইজ**

সাধারণ খতিয়ান

ক্রয় ফেরত হিসাব

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২৪ | | | | | | |
| জুন-২৬ | বাবলু ট্রেডার্স (পাওনাদার) | | | ৩,০০০ | | ৩,০০০ |
| " ২৭ | মি. আজীজ হি. (পাওনাদার) | | | ৪,০০০ | | ৭,০০০ |

**উত্তর :** ক্রয় ফেরত হিসাবের ক্রেডিট জের ৭,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৬** তেতুলিয়া এন্টারপ্রাইজে নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয় :

২০২৪ খ্রি.

মে ১ নগদ উদ্বৃত্ত ১,০০,০০০ টাকা ও ব্যাংক জমাতিরিক্ত ৩০,০০০ টাকা।
" ৩ পণ্য ক্রয় করে চেকে মূল্য পরিশোধ ৭,০০০ টাকা।
" ৫ ভাড়া প্রদান ৪,০০০ টাকা।
" ৭ জায়মা ট্রেডার্স হতে ৫% বাট্টায় পণ্য ক্রয় ১২,০০০ টাকা।
" ১০ মালিক ব্যক্তিগত প্রয়োজনে ২,০০০ টাকা খরচ করলেন।
" ১৫ ব্যাংকে জমা ১৫,০০০ টাকা।
" ১৮ মায়াবী ট্রেডার্সকে ১১,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ১০,৭০০ টাকা পরিশোধ করা হল।
" ২২ সুমনের নিকট হতে ৪,৭৫০ টাকা পাওয়া গেল এবং ২৫০ টাকা বাট্টা প্রদান করা হল।
" ২৫ জায়মা ট্রেডার্সকে ৫% বাট্টায় সম্পূর্ণ টাকা প্রদান করা হল।
" ৩০ আসবাবপত্রে অবচয় ২,০০ টাকা।

ক. অনগদ লেনদেন চিহ্নিত কর। ২
খ. ১, ১৫, ১৮, ২২ ও ২৫ তারিখের লেনদেন দ্বারা একটি তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪
গ. ৫, ১০, ১৫ ও ১৮ তারিখের লেনদেন দ্বারা একটি নগদ প্রদান জাবেদা প্রস্তুত কর। ৪

[কু. বো. ২০২৫]

**৬নং প্রশ্নের সমাধান**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▸ ০৭** মি. জাওয়াদ অনলাইনে পণ্য কেনা-বেচার ব্যবসা করেন। ২০২৩ সালের জানুয়ারি ১ তারিখে নগদ ৫০,০০০ টাকা, ল্যাপটপ ৬৫,০০০ টাকা এবং ২৫,০০০ টাকার শাড়ী নিয়ে ব্যবসায় শুরু করেন।

জানুয়ারি ৮ ২৫,০০০ টাকার জামদানি শাড়ী ক্রয়।
" ১৫ শাড়ী বিক্রয় ৩৫,০০০ টাকা।
" ২০ চেকে শাড়ী বিক্রয় ১৫,০০০ টাকা।
" ২৫ বিদ্যুৎ বিল পরিশোধ ৫,০০০ টাকা।
" ৩০ ৭,০০০ টাকা দামের একটি শাড়ী মি. জাওয়াদ তার স্ত্রীকে দিলেন।

ক. ৩০ তারিখের লেনদেনটির কারণসহ ডেটর ও ক্রেডিটর নির্ণয় কর। ২
খ. মি. জাওয়াদের নগদান হিসাব ও ক্রয় হিসাব চলমান জের ছকে প্রস্তুত কর। ৪
গ. 'T' ছকে মূলধন হিসাব ও বিক্রয় হিসাবের খতিয়ান প্রস্তুত কর। ৪

[কু. বো. ২০২৫]

**৭নং প্রশ্নের সমাধান**

**ক** ৩০ তারিখের লেনদেনের ডেটর ও ক্রেডিটর নির্ণয় :

| তারিখ | পক্ষ/হিসাব | ডেবিট টাকা | টাকা | কারণ |
|---|---|---|---|---|
| ২০২৩ | | | | |
| মে-৩০ | উত্তোলন হিসাব | ডেটর | ৭,০০০ | মালিকানা স্বত্ব হ্রাস |
| | নগদান হিসাব | ক্রেডিটর | ৭,০০০ | সম্পদ হ্রাস |

**খ**

## মি. জাওয়াদের
### খতিয়ান বই (চলমান জের ছক)

**নগদান হিসাব** হিসাবের কোড নং-

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২২৩ | | | | | | |
| জানুয়ারি-১ | মুলধন হিসাব | | ৫০,০০০ | | ৫০,০০০ | |
| " ৮ | ক্রয় হিসাব | | | ২৫,০০০ | ২৫,০০০ | |
| " ১৫ | বিক্রয় হিসাব | | ৩৫,০০০ | | ৬০,০০০ | |
| " ২৫ | বিদ্যুৎ বিল হিসাব | | | ৫,০০০ | ৫৫,০০০ | |
| " ৩০ | উত্তোলন হিসাব | | | ৭,০০০ | ৪৮,০০০ | |

**ক্রয় হিসাব** হিসাবের কোড নং-

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২২৩ | | | | | | |
| জানুয়ারি-১ | মুলধন হিসাব | | ২৫,০০০ | | ২৫,০০০ | |
| " ৫ | নগদান হিসাব | | ২৫,০০০ | | ৫০,০০০ | |

**উত্তর :** নগদান হিসাবের ডেবিট জের ৪৮,০০০ টাকা; ক্রয় হিসাবের ডেবিট জের ৫০,০০০ টাকা।

**গ**

## মি. জাওয়াদ
### মূলধন হিসাব খতিয়ান (T ছক)

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | ২০২৩ | | | |
| জানুয়ারি-৩ | ব্যালেন্স C/D | | ১,৪০,০০০ | জানুয়ারি-১ | নগদান হিসাব | | ৫০,০০০ |
| | | | | " ১ | অফিস সরঞ্জাম | | ৬৫,০০০ |
| | | | | " ১ | ক্রয় হিসাব | | ২৫,০০০ |
| | | | ১,৪০,০০০ | | | | ১,৪০,০০০ |
| | | | | ফেব্রুয়ারি-১ | ব্যালেন্স B/D | | ১,৪০,০০০ |

### বিক্রয় হিসাব

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | ২০২৩ | | | |
| জানুয়ারি-৩১ | ব্যালেন্স C/D | | ৫০,০০০ | জানুয়ারি-১৫ | নগদান হিসাব | | ৫০,০০০ |
| | | | | " ২০ | ব্যাংক হিসাব | | ১৫,০০০ |
| | | | | | | | ৫০,০০০ |
| | | | | ফেব্রুয়ারি-১ | ব্যালেন্স B/D | | ৫০,০০০ |

**উত্তর :** মূলধন হিসাবের ক্রেডিট জের ১,৪০,০০০ টাকা; বিক্রয় হিসাবের ক্রেডিট জের ৫০,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৮** জারা রহমান জারা এন্টারপ্রাইজের মালিক। ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে বিভিন্ন হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| | টাকা |
|---|---|
| মূলধন | ৫০,০০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৯,০০০ |
| ক্রয় | ৩০,০০০ |
| প্রাপ্য হিসাব | ২০,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ৬,০০০ |
| আসবাবপত্র | ৪৫,০০০ |
| বিক্রয় | ৪০,০০০ |

| | |
|---|---|
| আন্তঃফেরত | ৩,০০০ |
| সন্দেহজনক দেনা সঞ্চিতি | ৩,৫০০ |
| সমাপনী মজুদ পণ্য | ৭,৫০০ |
| পাওনাদার | ১৩,০০০ |
| ক্রয় পরিবহণ | ৫,৫০০ |

ক. সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জারা এন্টারপ্রাইজের রেওয়ামিল প্রস্তুত কর। ৪

গ. স্থায়ী সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

[কু. বো. ২০২৫]

**৮নং প্রশ্নের সমাধান**

**ক** সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৯,০০০ | |
| যোগ : ক্রয় | ৩০,০০০ | |
| | ৩৯,০০০ | |
| বাদ : সমাপনী মজুদ পণ্য | (৭,৫০০) | |
| **সমন্বিত ক্রয়** | | ৩১,৫০০ |

**উত্তর :** সমন্বিত ক্রয় ৩১,৫০০ টাকা।

**খ**

**জারা রহমান এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর, ২০২৩**

| তারিখ | হিসাবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | মূলধন | | | ৫০,০০০ |
| ২ | প্রারম্ভিক মজুদ পণ্য | | ৯,০০০ | |
| ৩ | ক্রয় | | ৩০,০০০ | |
| ৪ | প্রাপ্য হিসাব | | ২০,০০০ | |
| ৫ | ব্যাংক জমাতিরিক্ত | | | ৬,০০০ |
| ৬ | আসবাবপত্র | | ৪৫,০০০ | |
| ৭ | বিক্রয় | | | ৪০,০০০ |
| ৮ | আন্তঃফেরত | | ৩,০০০ | |
| ৯ | সন্দেহজনক দেনা সঞ্চিতি | | | ৩,৫০০ |
| ১০ | পাওনাদার | | | ১৩,০০০ |
| ১১ | ক্রয় পরিবহণ | | ৫,৫০০ | |
| | মোট | | ১,১২,৫০০ | ১,১২,৫০০ |

**গ** স্থায়ী সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় করো :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | |
| আসবাবপত্র | | ৪৫,০০০ |
| **চলতি দায় :** | | |
| ব্যাংক জমাতিরিক্ত | ৬,০০০ | |
| পাওনাদার | ১৩,০০০ | |
| | | ১৯,০০০ |

**উত্তর :** স্থায়ী সম্পদ ৪৫,০০০ টাকা এবং চলতি দায় ১৯,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৯** অঞ্জলি প্রিন্টার্স ৫,৫০০ টি ডায়েরি প্রস্তুতের একটি কাজ পেল। উপরোক্ত কাজের জন্য নিম্নোক্ত খরচগুলো হয়।

| | টাকা |
|---|---|
| কাগজ ক্রয় | ৮০,০০ |
| ছাপার কালি ক্রয় | ২৫,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ১২,৫০০ |
| আঠা ও সুতা ক্রয় | ৫,০০০ |
| কারখানা ভাড়া | ১০,০০০ |
| কারখানার বিদ্যুৎ খরচ | ৪,০০০ |
| অফিস ও প্রশাসনিক ব্যয় | ১৩,০০০ |
| আপ্যায়ন খরচ | ২,০০০ |

বিল আদায় খরচ উদ্বৃত মূল্য ৩%। প্রতিটি ডায়েরির দরপত্রে উদ্ধৃত মূল্য ৪০ টাকা।

ক. অঞ্জলি প্রিন্টার্সের রূপান্তর ব্যয় নির্ণয় কর। ২

খ. প্রতিটি ডায়েরির উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪

গ. মোট উৎপাদন ব্যয় ১,৩০,০০০ টাকা ধরে প্রতিটি ডায়েরির লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

[কু. বো. ২০২৫]

**৯নং প্রশ্নের সমাধান**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ১০** জনাব বাদল মাহমুদ মাসে ৩০,০০০ টাকা বেতনে একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকুরি করেন। এছাড়া পার্টটাইম কাজে মাসে ৭,০০০ টাকা সম্মানী পান। ২০২৩ সালের জানুয়ারি মাসের তার পরিবারের আর্থিক অবস্থা ছিল নিম্নরূপ : আসবাপত্র ১,২৫,০০০ টাকা, হাতে নগদ ১৫,০০০ টাকা, ব্যাংক ঋণ ৬৫,০০০ টাকা এবং পাওনাদার ১০,০০০ টাকা।

উক্ত বছরে তার পরিবারের প্রাপ্তি ও প্রদান হিসাব ছিল নিম্নরূপ :

**বাদল মাহমুদ**

প্রাপ্তি ও প্রদান হিসাব

৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রি.

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ (০১-০১-২৩) | ১৫,০০০ | প্রদানসমূহ | ৩০,০০০ |
| বেতন | ৩,৬০,০০০ | বাড়ি ভাড়া | ৫৭,০০০ |
| সম্মানী | ৮৪,০০০ | দৈনন্দিন বাজার | ২৬,০০০ |
| | | কম্পিউটার ক্রয় | ৪৫,০০০ |
| | | ফ্রিজ ক্রয় | ৬০,০০০ |
| | | মুদি খরচ | ৫,০০০ |
| | | মটরসাইকেল ক্রয় | ১,০০,০০০ |
| | | হাতে নগদ (৩১-১২-২৩) | ১,৩৬,০০০ |
| | ৪,৫৯,০০০ | | ৪,৫৯,০০০ |

৩১-১২-২০২৩ তারিখে অন্যান্য তথ্য :

বাড়ি ভাড়া বকেয়া আছে ৩,০০০ টাকা।

ক. বাদল মাহমুদের পারিবারিক তহবিল নির্ণয় কর। ২

খ. বছরের শেষ তারিখে উপরের তথ্য হতে একটি আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

গ. জনাব বাদল মাহমুদের পরিবারের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

[কু. বো. ২০২৫]

**১০নং প্রশ্নের সমাধান**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▸ ১১** সন্ধ্যা এন্টারপ্রাইজে ২০২৩ সালের জুন মাসে নিম্নলিখিত ঘটনাসমূহ সংঘটিত হয় :

২০২৩ খ্রি.

| | | |
|---|---|---|
| জুন | ১ | ৩,৪০,০০০ টাকা নিয়ে ব্যবসা শুরু করা হয়। |
| ” | ৪ | ১,৭০,০০০ টাকা দামের আসবাবপত্র ক্রয়ের ফরমায়েশ পাঠানো হয়। |
| ” | ৮ | জনাব রতনের নিকট হতে ১,২৫,০০০ টাকার পণ্য ক্রয় করা হয়। |
| ” | ১৫ | চেকে পণ্য বিক্রয় ১,৮০,০০০ টাকা। |
| ” | ২০ | ৪০,০০০ টাকার ব্যাংক ঋণ নেয়ার সিদ্ধান্ত হয়। |
| ” | ৩০ | বাড়ির ভাড়া প্রদান ১৫,০০০ টাকা। |

ক. লেনদেন নয় এমন ঘটনা চিহ্নিত করে যোগফল নির্ণয় কর। ২

খ. উপরোক্ত তথ্য হতে লেনদেন চিহ্নিত কর এবং সমীকরণ পদ্ধতিতে ব্যাখ্যা কর। ৪

গ. উক্ত লেনদেন দ্বারা প্রমাণ কর যে, A = L + E। ৪

[কু. বো. ২০২৫]

## ১১নং প্রশ্নের সমাধান

**ক** লেনদেন নয় এমন ঘটনা চিহ্নিত করে যোগফল নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| জুন-৪ | আসবাবপত্র ক্রয়ের ফরমায়েশ প্রদান | ১,৭০,০০০ | |
| ” ২০ | ব্যাংক ঋণ নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ | ৪০,০০০ | |
| | মোট | | ২,১০,০০০ |

**উত্তর :** লেনদেন নয় এমন ঘটনার যোগফল ২,১০,০০০ টাকা।

**খ**

| তারিখ | লেনদেন কি না | কারণসহ ব্যাখ্যা (সমীকরণ পদ্ধতিতে) |
|---|---|---|
| ২০২৩ জুন-১ | লেনদেন | নগদ অর্থ ও মূলধনসরূপ আনয়ন করায় ব্যবসায়ের আর্থিক অবস্থার পরিবর্তন হয়েছে। এখানে A = L + OE সমীকরণের A ও OE এর উভয় উপাদান বৃদ্ধি পেয়েছে। |
| ” ৮ | লেনদেন | ধারে পণ্য ক্রয় করায় প্রতিষ্ঠানের খরচ। ও পাওনাদার বৃদ্ধি পেয়েছে। এখানে হিসাব সমীকরণ A = L + OE এর L বৃদ্ধি $O_3OE$ হ্রাস পেয়েছে। |
| ” ১৫ | লেনদেন | চেকের মাধ্যমে পণ্য বিক্রি করায় প্রতিষ্ঠানের নগদ বৃদ্ধি ও মালিকানা স্বত্ব বৃদ্ধি পেয়েছে। এখানে হিসাব সমীকরণ A = L + OE সমীকরণের উপাদান A ও OE বৃদ্ধি পেয়েছে। |
| ” ৩০ | লেনদেন | বাড়িভাড়া প্রদান করার প্রতিষ্ঠানের অর্থ হ্রাস পেয়েছে এবং ব্যয় বৃদ্ধি পেয়েছে। এখানে হিসাব সমীকরণের A = L + OE এর উপাদান হ্রাস ও OE হ্রাস পেয়েছে। |

**গ** বিবরণী ছকে হিসাব সমীকরণের ওপর লেনদেনগুলোর প্রভাব দেখানো হলো :

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | ব্যাংক | প্রাপ্যবিল | | পাওনাদার | | | |
| ২০২৩ জুন-১ | | ৩,৪০,০০০ | | | = | | + | ৩,৪০,০০০ | |
| | উদ্বৃত্ত | ৩,৪০,০০০ | | | | | | ৩,৪০,০০০ | মূলধন |
| ” ৮ | | | | | = | ১,২৫,০০০ | | (১,২৫,০০০) | ক্রয় ব্যয় |
| | উদ্বৃত্ত | ৩,৪০,০০০ | | | = | ১,২৫,০০০ | + | ২,১৫,০০০ | |
| ” ১৫ | | | ১,৮০,০০০ | | = | | | ১,৮০,০০০ | বিক্রয় আয় |
| | উদ্বৃত্ত | ৩,৪০,০০০ | ১,৮০,০০০ | | = | ১,২৫,০০০ | + | ৩,৯৫,০০০ | ভাড়া |
| ” ৩০ | | (১৫,০০০) | | | = | | | (১৫,০০০) | ব্যয় |
| | উদ্বৃত্ত | ৩,২৫,০০০ | ১,৮০,০০০ | | = | ১,২৫,০০০ | + | ৩,৮০,০০০ | |
| | মোট | ৫,০৫,০০০ | | | = | ৫,০৫,০০০ | | | |

∴ A = L + OE (প্রমাণিত)

**উত্তর :** হিসাব সমীকরণের যোগফল ৫,০৫,০০০ টাকা।

# যশোর বোর্ড-২০২৫

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড | 1 | 4 | 6 |

**সময় : ৩০ মিনিট** [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] **পূর্ণমান : ৩০**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কে?**
ক) ব্যবস্থাপক খ) সরকার
গ) পাওনাদার ঘ) ঋণ প্রদানকারী

২. **বর্ধিত হিসাব সমীকরণ হলো–**
ক) A = L + E খ) E = L + A
গ) A = L + (C + R – Ex – D) ঘ) A = L – (C + R – Ex – D)

৩. **যন্ত্রপাতি ক্রয়ের ভাড়া কোন জাতীয় ব্যয়?**
ক) বিলম্বিত মুনাফা জাতীয় খ) মূলধন জাতীয়
গ) মুনাফা জাতীয় ঘ) নিয়মিত

৪. **হিসাব সমীকরণ অনুযায়ী হিসাব কত প্রকার?**
ক) ৪ প্রকার খ) ৫ প্রকার গ) ৬ প্রকার ঘ) ৭ প্রকার

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :**
রথি ব্রাদার্সের প্রারম্ভিক মূলধন ৮০,০০০ টাকা। উত্তোলন ২০,০০০ টাকা, সমাপনী মূলধন ৮০,০০০ টাকা।

৫. **তার ব্যবসায়ে মুনাফার পরিমাণ কত?**
ক) ১,২০,০০০ টাকা খ) ১,০০,০০০ টাকা
গ) ৬০,০০০ টাকা ঘ) ২০,০০০ টাকা

৬. **রথি ব্রাদার্সের ব্যবসায়ে কোন হিসাব সংরক্ষণের গুরুত্ব কম?**
ক) সম্পদ খ) দায় গ) মূলধন ঘ) আয় ও ব্যয়

৭. **বিশেষ জাবেদা কয় ধরনের?**
ক) ২ ধরনের খ) ৪ ধরনের গ) ৫ ধরনের ঘ) ৬ ধরনের

৮. **কন্ট্রা এন্ট্রির ক্ষেত্রে কোন প্রতীক লেখা হয়?**
ক) B খ) C গ) K ঘ) F

৯. **সমাপনী হাতে নগদের মধ্যে কোনটি অন্তর্ভুক্ত থাকে?**
ক) প্রারম্ভিক মজুদ পণ্য খ) প্রারম্ভিক নগদ তহবিল
গ) সমাপনী মূলধন ঘ) সমাপনী ব্যাংক জমা

১০. **মোট ব্যয়ের সাথে যোগ করা হয় কোনটি?**
ক) অর্জিত মুনাফা খ) বোনাস
গ) বিক্রয় মূল্য ঘ) প্রত্যাশিত মুনাফা

১১. **বাজেট কী?**
ক) প্রকৃত আয়-ব্যয় খ) ভবিষ্যৎ পরিকল্পনা
গ) পরিকল্পনা বাস্তবায়ন ঘ) পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশ

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :**
i. মি. উত্তম নগদ ৮০,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করেন।
ii. পণ্য বিক্রয় নগদে ২৫,০০০ টাকা ও চেকে ১৫,০০০ টাকা।
iii. কর্মচারীর বেতন প্রদান ৪,৫০০ টাকা।

১২. **তার ব্যবসায়ে নগদ উদ্বৃত্ত কত?**
ক) ১,০৫,০০০ টাকা খ) ১,০০,৫০০ টাকা
গ) ১,২০,০০০ টাকা ঘ) ১,১৫,৫০০ টাকা

১৩. **উক্ত ব্যবসায়ে মোট আয়ের পরিমাণ কত?**
ক) ৮০,০০০ টাকা খ) ৫৫,০০০ টাকা
গ) ৫৯,৫০০ টাকা ঘ) ৪০,০০০ টাকা

১৪. **সভ্যতার সূচনালগ্নে মানুষ হিসাব রাখত কীভাবে?**
ক) ঘরে দাগ কেটে খ) পাথরে চিহ্ন দিয়ে
গ) মাটির দেয়ালে রং দিয়ে ঘ) রশিতে গিট দিয়ে

১৫. **মালিকানা স্বত্বকে প্রভাবিত করায় উপাদান কয়টি?**
ক) ২টি খ) ৩টি গ) ৪টি ঘ) ৫টি

১৬. **বিনিয়োগের ওপর অর্জিত সুদ কী হবে?**
ক) মুনাফা জাতীয় আয় খ) মূলধন জাতীয় আয়
গ) মুনাফা জাতীয় প্রাপ্তি ঘ) মূলধন জাতীয় প্রাপ্তি

১৭. **বিলের মাধ্যমে পণ্য ক্রয় করা হলে–**
i. ব্যয় বৃদ্ধি পায় ii. সম্পদ হ্রাস পায় iii. দায় বৃদ্ধি পায়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও iii খ) ii ও iii গ) i ও ii ঘ) i, ii ও iii

১৮. **'পণ্য ছিনতাই ৩,০০০ টাকা' লেনদেনটির সঠিক জাবেদা কী হবে?**
ক) বিবিধ ক্ষতি হিসাব ডেঃ ক্রয় হিসাব ক্রেঃ
খ) ক্রয় হিসাব ডেঃ বিবিধ ক্ষতি হিসাব ক্রেঃ
গ) পণ্য হিসাব ডেঃ ছিনতাই হিসাব ক্রেঃ
ঘ) বিবিধ ক্ষতি হিসাব ডেঃ পণ্য হিসাব ক্রেঃ

১৯. **প্রাপ্ত চেক প্রত্যাখ্যাত হলে কোন হিসাব ক্রেডিট হবে?**
ক) ব্যাংক হিসাব খ) পাওনাদার হিসাব
গ) নগদান হিসাব ঘ) দেনাদার হিসাব

২০. **কোনটি রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না?**
i. প্রারম্ভিক ব্যাংক ব্যালেন্স ii. সমাপনী ব্যাংক ব্যালেন্স
iii. প্রারম্ভিক হাতে নগদ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :**
জনাব মনোয়ার রেজার প্রারম্ভিক মূলধন ৩,০০,০০০ টাকা, বিক্রয় ৩,৫০,০০০ টাকা, নিট মুনাফা ৫০,০০০ টাকা এবং উত্তোলন ৫,০০০ টাকা।

২১. **জনাব মনোয়ার রেজার নীট মুনাফার হার কত?**
ক) ১৬.৬৭% খ) ১২.৮৬% গ) ১৫% ঘ) ১৪.২৯%

২২. **জনাব মনোয়ার রেজার মালিকানা স্বত্বের পরিমাণ কত?**
ক) ৩,৪৫,০০০ টাকা খ) ৩,৫০,০০০ টাকা
গ) ২,৯৫,০০০ টাকা ঘ) ৩,৯৫,০০০ টাকা

২৩. **প্রত্যক্ষ শ্রম ও কারখানার উপরি ব্যয়ের সমষ্টিকে কী বলে?**
ক) মুখ্য ব্যয় খ) কারখানা ব্যয়
গ) উৎপাদন ব্যয় ঘ) রূপান্তর ব্যয়

২৪. **পারিবারিক বাজেটে বাসস্থান খাতে খরচের শতকরা হার কত?**
ক) ১০%–১৫% খ) ১৫%–২০%
গ) ২০%–৩০% ঘ) ৩০%–৪০%

২৫. **প্রারম্ভিক মূলধন ৮০,০০০ টাকা এবং সমাপনী মূলধন ১,০০,০০০ টাকা হলে, লাভ/ক্ষতির পরিমাণ কত?**
ক) লাভ ২০,০০০ টাকা খ) ক্ষতি ২০,০০০ টাকা
গ) ক্ষতি ১,০০,০০০ টাকা ঘ) লাভ ৮০,০০০ টাকা

২৬. **৩/১০, নিট ৩০ দ্বারা কী বোঝায়?**
ক) ক্রয় শর্ত খ) বিক্রয় শর্ত
গ) পরিশোধ শর্ত ঘ) আদায়ের শর্ত

২৭. **খতিয়ানের ডেবিট উদ্বৃত্ত দ্বারা প্রকাশ পায়–**
i. সম্পদ ii. খরচ iii. আয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৮. **মূলধন জাতীয় ব্যয়কে মুনাফা জাতীয় ব্যয়ে লিপিবদ্ধ করণ কোন জাতীয় ভুল?**
ক) নীতিগত ভুল খ) পরিপূরক ভুল
গ) বেদাখিলার ভুল ঘ) লেখার ভুল

২৯. **ধারে আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা, হিসাব সমীকরণে প্রভাবিত হবে কোনটি?**
ক) A ও E বৃদ্ধি খ) A ও L হ্রাস গ) A ও L বৃদ্ধি ঘ) A ও E হ্রাস

৩০. **মূলধন জাতীয় লেনদেনকে কয় ভাগে ভাগ করা হয়েছে?**
ক) দুই খ) তিন গ) চার ঘ) পাঁচ

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# যশোর বোর্ড-২০২৫

## হিসাববিজ্ঞান (সৃজনশীল)

বিষয় কোড : 1 4 6

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দুটি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১। আলিফ এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

**আলিফ এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর, ২০২৩**

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,৫০,০০০ | ১,৭৭,০০০ |
| দেনাদার | ৮৩,০০০ | |
| মূলধন | | ৯০,০০০ |
| আন্তঃপরিবহন ও বহিঃফেরত | ১৫,৫০০ | ৬,৫০০ |
| জাহাজ ভাড়া | ১০,০০০ | |
| ব্যাংক চার্জ | ২,০০০ | |
| কু-ঋণ সঞ্চিতি | | ৩,৫০০ |
| বাট্টা | ১০,৫০০ | ১৪,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ১,২০,০০০ | |
| অতিরিক্ত মূলধন (১-৭-২০২৩) | | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ |
| | ৩,৯১,০০০ | ৩,৯১,০০০ |

**অন্যান্য তথ্য :**

(i) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৬০,০০০ টাকা।
(ii) ধারে ক্রয় ৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(iii) উক্ত বছরে কু-ঋণের পরিমাণ ৫,০০০ টাকা।
(iv) মূলধনের উপর ৫% সুদ ধার্য করতে হবে।

(ক) উপর্যুক্ত তথ্য হতে নিট প্রদেয় হিসাবের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) আলিফ এন্টারপ্রাইজের মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) উক্ত প্রতিষ্ঠানের নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

২। "শোভা ট্রেডার্স" এর ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে রেওয়ামিলটি নিম্নরূপ :

**শোভা ট্রেডার্স**
**রেওয়ামিল**
**৩১শে ডিসেম্বর, ২০২৩**

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| মূলধন ও উত্তোলন | ১০,০০০ | ৭৫,০০০ |
| আসবাবপত্র | ২৪,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৮৫,০০০ | ১,২৫,০০০ |
| ফেরত | ৮,০০০ | ৯,০০০ |
| মজুদ পণ্য (১-১-২৩) | ২০,০০০ | |
| ক্রয় পরিবহন | ৫,০০০ | |
| বেতন | ১১,০০০ | |
| ভাড়া | ৫,০০০ | |
| পাওনাদার | | ২৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ৩০,০০০ |
| অফিস খরচ | ৬,০০০ | |
| ভূমি ও দালানকোঠা | ৯০,০০০ | |
| | ২,৬৪,০০০ | ২,৬৪,০০০ |

**সমন্বয়সমূহ :**

(i) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ২৫,০০০ এবং বাজার মূল্য ১৬,০০০ টাকা।
(ii) ব্যক্তিগত তহবিল থেকে মালিক ১২,০০০ টাকা ব্যবসায়ের ভাড়া প্রদান করেন যা হিসাবভুক্ত হয়নি।
(iii) ভূমি ও দালানকোঠার উপর অবচয় ১০% ধার্য কর।

(ক) বছর শেষে ভূমি ও দালানকোঠার নিট মূল্য নির্ধারণ কর। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে "শোভা ট্রেডার্স" এর নিট লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) নিট ক্ষতির পরিমাণ ৩০,০০০ টাকা ধরে শোভা ট্রেডার্স-এর মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী তৈরি কর। ৪

### খ বিভাগ

৩। সালাম এন্ড কোং ২,৭৫,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে ১ মার্চ ২০২৩ তারিখে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

মার্চ ৬ : ফাহিম ট্রেডার্স থেকে চেকে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা।
" ৯ : অফিস ভাড়া প্রদান ১২,০০০ টাকা।
" ১২ : মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৮,০০০ টাকা।
" ১৮ : আসবাবপত্র ক্রয় ৩৬,০০০ টাকা।
" ২৩ : বকেয়া বেতন ৮,০০০ টাকা।
" ৩১ : যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা।

(ক) মাস শেষে ব্যাংক জমার উদ্বৃত্ত দেখাও। ২
(খ) ৯, ১২, ১৮ ও ২৩ তারিখের লেনদেনগুলো দ্বারা জাবেদা প্রস্তুত কর। ৪
(গ) "ক্রয় হিসাব" ও "যন্ত্রপাতি হিসাব" 'T' ছকে খতিয়ান প্রস্তুত কর। ৪

৪। জনাব রাহিম আলীর ব্যবসায়ের ২০২৩ সালের মে মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

মে ১ : জনাব রাহিম নগদ ১০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
" ৪ : লভ্যাংশ প্রাপ্তি ১০,০০০ টাকা।
" ১০ : প্রাপ্য কমিশন ২০,০০০ টাকা।
" ১৬ : মনিহারি দ্রব্য ক্রয় ১,০০০ টাকা।
" ৩০ : বিমা প্রিমিয়াম প্রদান ৭,০০০ টাকা।

(ক) জনাব রাহিম আলীর ব্যবসায়ের মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ১–১৬ তারিখের লেনদেনগুলোর শ্রেণিবিভাগ দেখাও। ৪
(গ) ৪–৩০ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪

৫। "মুহু ফ্যাশন হাউজ", ২৩/চকবাজার, ঢাকা ২০২৩ সালের জুন মাসে নিম্নলিখিত কার্যাদি সম্পাদন করে :

জুন ১ : কুমিল্লার নিশি ট্রেডার্স-এর নিকট প্রতি গজ ১০০ টাকা দরে ২০০ গজ কাপড় বিক্রয়। কারবারী বাট্টা ৫%, চালান নং ৮০।
" ১২ : যশোরের কাফি ট্রেডার্স-এর নিকট প্রতিটি ৩০০ টাকা দরে ৪০০টি শাড়ি বিক্রয়। কারবারী বাট্টা ১০% চালান নং ১২০, বিমা খরচ ৪০০ টাকা। বিক্রয় শর্ত ২/১০ নিট ৩০।
" ৩০ : রাজশাহীর জেরিন ফ্যাশনের নিকট প্রতিটি ১,০০০ টাকা দরে ২০০টি প্যান্ট বিক্রয়। কারবারী বাট্টা ১০%। চালান নং ১০০। প্যাকিং খরচ ২,০০০ টাকা।

(ক) 'মুহু ফ্যাশন'-এর আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) জুন-১২ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুত কর। ৪
(গ) মুহু ফ্যাশন-এর বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

৬। আজিজ ট্রেডার্সে ২০২৩ সালের জুলাই মাসে নিম্নলিখিত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :

জুলাই ১ : ব্যবসায় স্থানান্তর ব্যয় ৫০,০০০ টাকা।
" ২ : কাগজ ও কলম ক্রয় ৫,০০০ টাকা।
" ৫ : নতুন মেশিন ক্রয় ২,০০,০০০ টাকা।
" ৬ : নতুন মেশিন ক্রয়ের বহন খরচ ১০,০০০ টাকা।
" ৮ : নতুন মেশিন সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা।
" ১০ : পুরাতন আসবাবপত্র মেরামত ব্যয় ৫,০০০ টাকা।
" ১২ : অফিসের গাড়ীর জন্য নতুন যন্ত্রাংশ ক্রয় ৫০,০০০ টাকা।
" ১৫ : নতুন পণ্যের গবেষণা ব্যয় ২০,০০০ টাকা।

(ক) বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় নির্ণয় কর। ২
(খ) মূলধনজাতীয় ব্যয় ও মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) ৫ তারিখে ক্রীত মেশিন ২,৫০,০০০ টাকায় বিক্রয় করা হলে মূলধনজাতীয় আয়ের পরিমাণ নিরূপণ কর। ৪

৭। মি. রাসেল একজন মুদি ব্যবসায়ী। ২০২৩ সালে জানুয়ারি মাসে তার সম্পদ ও দায়ের পরিমাণ ছিল নিম্নরূপ :
নগদ ৬০,০০০ টাকা, ঋণ ৪৫,০০০ টাকা, আসবাবপত্র ৭৫,০০০ টাকা এবং ব্যাংক জমা ১০,০০০ টাকা। তিনি ১৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। এছাড়াও তিনি ব্যবসায় হতে প্রতিমাসে ১,০০০ টাকা করে তার জীবন বিমা প্রিমিয়াম প্রদান করেন। উক্ত বছরে তিনি আরও ২৫,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেন। ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে তার ব্যবসায়ের সম্পদ ও দায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৩,২৫,০০০ টাকা ও ৯৫,০০০ টাকা।

(ক) মি. রাসেল মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মি. রাসেলের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) প্রারম্ভিক মূলধন ১,৪৫,০০০ টাকা ধরে ২০২৩ সালে মি. রাসেলের ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৮। নেহা ট্রেডার্সের ২০২৩ সালের মার্চ মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

মার্চ ১ : অগ্রিম বেতন দেয়া হলো ৫,০০০ টাকা।
" ৫ : ১০% বাট্টায় রবিনের নিকট হতে ৪০,০০০ টাকার পণ্য ক্রয়। চালান নং ১৫০।
" ৯ : অনাদায়ি ভাড়া ৭,০০০ টাকা।
" ১৬ : ৮০,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে অমিয়র নিকট হতে ৭৭,০০০ টাকা প্রাপ্তি।
" ২০ : ২০% বাট্টায় ৩০,০০০ টাকা দেনার পূর্ণ নিষ্পত্তি করা হলো।
" ২৫ : ৫% বাট্টায় আয়মান এর নিকট হতে ৬০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো। চালান নং ১৬২।

(ক) নগদ বাট্টার পরিমাণ কত? ২
(খ) উপরিউক্ত লেনদেনের ভিত্তিতে ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
(গ) ক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনগুলোর সাধারণ জাবেদা প্রস্তুত কর। ৪

৯। জনাব রায়ানের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| মূলধন | ৫০,০০০ |
| আয়কর | ১০,০০০ |
| নগদ তহবিল (০১-০১-২০২৩) | ১৫,০০০ |
| দেনাদার | ৩০,০০০ |
| পাওনাদার | ২০,০০০ |
| বিক্রয় | ৬০,০০০ |
| বকেয়া বেতন | ৩,০০০ |
| বিনিয়োগ | ৪০,০০০ |
| নগদ তহবিল (৩১-১২-২৩) | ২৫,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ২৫,০০০ |
| ভূমি | ৪৮,০০০ |
| মজুদ পণ্য (৩১-১২-২৩) | ৩০,০০০ |
| অব্যবহৃত মনিহারি | ৫,০০০ |

(ক) জনাব রায়ানের যে খতিয়ান উদ্বৃত্তগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে উক্ত প্রতিষ্ঠানের একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

১০। জয়পুরহাটের ইউনাইটেড প্রিন্টার্স অগ্রণী ব্যাংক কর্পোরেট শাখা থেকে ২০২৩ সালে ৩,০০০টি নোট বুক প্রস্তুতের কাজ পেল। উক্ত কাজের জন্য নিম্নোক্ত খরচগুলো হয় :

| | |
|---|---|
| কাগজ ক্রয় | ৪৫,০০০ টাকা |
| কালি ক্রয় | ১৬,০০০ টাকা |
| প্রত্যক্ষ মজুরি | ১০,৫০০ টাকা |
| আঠা ও সুতা ক্রয় | ৩,০০০ টাকা |
| কারখানা ভাড়া ও বিদ্যুৎ খরচ | ১০,০০০ টাকা |
| অফিস ও প্রশাসনিক ব্যয় | ১৫,০০০ টাকা |
| টেলিফোন বিল | ১,৮০০ টাকা |
| চা ও কফি বাবদ খরচ | ১,০০০ টাকা |

বিল আদায় খরচ চুক্তি মূল্যের ২% এবং প্রতিটি নোটবুকের চুক্তিমূল্য ৫০ টাকা।

(ক) ইউনাইটেড প্রিন্টার্সের মুখ্য ব্যয় কত? ২
(খ) ইউনাটেড প্রিন্টার্সের প্রতিটি নোটবুকের উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪
(গ) ইউনাইটেড প্রিন্টার্সের প্রতিটি নোটবুকের লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

১১। নাবিলা একজন ব্যাংক কর্মকর্তা। ১লা জানুয়ারি ২০২৩ তার পরিবারের আর্থিক অবস্থা নিম্নরূপ :

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ১,৪০,০০০ | খাদ্য ক্রয় | ১,৩০,০০০ |
| বেতন | ৪,০০,০০০ | দৈনন্দিন খরচ | ৫০,০০০ |
| কৃষি থেকে আয় | ২০,০০০ | মনিহারি ও শিক্ষা সামগ্রী | ১২,০০০ |
| বিনিয়োগের সুদ | ১০,০০০ | ঋণ পরিশোধ | ৭০,০০০ |
| | | ফ্রিজ ক্রয় | ৩০,০০০ |
| | | আপ্যায়ন খরচ | ১৫,০০০ |
| | | যাতায়াত খরচ | ৩,০০০ |
| | | হাতে নগদ (৩১-১২-২৩) | ২,৬০,০০০ |
| | ৫,৭০,০০০ | | ৫,৭০,০০০ |

(ক) নাবিলার পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) নাবিলার পারিবারিক আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪
(গ) নাবিলার পরিবারের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪

# উত্তরমালা (যশোর বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | ঘ | ৬ | ঘ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | খ | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | খ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** আলিফ এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

**আলিফ এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর, ২০২৩**

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ১,৫০,০০০ | ১,৭৭,০০০ |
| দেনাদার | ৮৩,০০০ | |
| মূলধন | | ৯০,০০০ |
| আন্তঃপরিবহন ও বহিঃফেরত | ১৫,৫০০ | ৬,৫০০ |
| জাহাজ ভাড়া | ১০,০০০ | |
| ব্যাংক চার্জ | ২,০০০ | |
| কু-ঋণ সঞ্চিতি | | ৩,৫০০ |
| বাট্টা | ১০,৫০০ | ১৪,০০০ |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ১,২০,০০০ | |
| অতিরিক্ত মূলধন (১-৭-২০২৩) | | ৫০,০০০ |
| প্রদেয় হিসাব | | ৫০,০০০ |
| | ৩,৯১,০০০ | ৩,৯১,০০০ |

**অন্যান্য তথ্য :**

(i) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৬০,০০০ টাকা।
(ii) ধারে ক্রয় ৫,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি।
(iii) উক্ত বছরে কু-ঋণের পরিমাণ ৫,০০০ টাকা।
(iv) মূলধনের উপর ৫% সুদ ধার্য করতে হবে।

ক. উপর্যুক্ত তথ্য হতে নিট প্রদেয় হিসাবের পরিমাণ নির্ণয় কর। ২
খ. আলিফ এন্টারপ্রাইজের মোট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪
গ. উক্ত প্রতিষ্ঠানের নিট মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[য. বো. ২০২৫]

**১নং প্রশ্নের উত্তর**

**ক** নিট প্রদেয় হিসাবের পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| প্রদেয় হিসাব | ৫০,০০০ | |
| যোগ : অলিখিত ক্রয় | ৫,০০০ | |
| **নিট প্রদেয় হিসাব** | | ৫৫,০০০ |

**উত্তর :** নিট প্রদেয় হিসাব ৫৫,০০০ টাকা।

খ

**আলিফ এন্টারপ্রাইজ**

**বিশদ আয় বিবরণী**

২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | | ১,৭৭,০০০ |
| বাদ : বিক্রীত পণ্যের ব্যয় | | | |
| ক্রয় | ১,৫০,০০০ | | |
| **যোগ :** অলিখিত ক্রয় | ৫,০০০ | | |
| | ১,৫৫,০০০ | | |
| **বাদ :** বহিঃফেরত | (৬৫,০০০) | | |
| | | ১,৪৮,৫০০ | |
| আন্তঃপরিবহন | | ১৫,৫০০ | |
| জাহাজ ভাড়া | | ১০,০০০ | |
| | | ১,৭৪,০০০ | |
| **বাদ :** সমাপনী মজুদ পণ্য | | (৬০,০০০) | |
| | | | (১,১৪,০০০) |
| **মোট মুনাফা** | | | ৬৩,০০০ |

**উত্তর :** মোট মুনাফা ৬৩,০০০ টাকা।

গ

**আলিফ এন্টারপ্রাইজ**

**বিশদ আয় বিবরণী**

**২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| মোট মুনাফা ('খ' হতে প্রাপ্ত) | | | ৬৩,০০০ |
| **বাদ :** পরিচালন ব্যয় | | | |
| ব্যাংক বার্জ | | ২,০০০ | |
| প্রদত্ত বাট্টা | | ১০,০০০ | |
| ইজারা সম্পত্তির অবলোপন (১,২০,০০০ × ১/১০) | | ১২,০০০ | |
| অলিখিত কু-ঋণ | ৫,০০০ | | |
| বাদ : প্রারম্ভিক কু-ঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি | (৩,৫০০) | | |
| | | ১,৫০০ | |
| | | | (২৬,০০০) |
| যোগ : অন্যান্য আয় | | | ৩৭,০০০ |
| প্রাপ্ত বাট্টা | | | ১৪,০০০ |
| **নিট মুনাফা** | | | ৫১,০০০ |

**উত্তর :** নিট মুনাফা ৫১,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০২** "শোভা ট্রেডার্স" এর ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে রেওয়ামিলটি নিম্নরূপ :

**শোভা ট্রেডার্স**
**রেওয়ামিল**
**৩১শে ডিসেম্বর, ২০২৩**

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| মূলধন ও উত্তোলন | ১০,০০০ | ৭৫,০০০ |
| আসবাবপত্র | ২৪,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ৮৫,০০০ | ১,২৫,০০০ |
| ফেরত | ৮,০০০ | ৯,০০০ |
| মজুদ পণ্য (১-১-২৩) | ২০,০০০ | |
| ক্রয় পরিবহন | ৫,০০০ | |
| বেতন | ১১,০০০ | |
| ভাড়া | ৫,০০০ | |
| পাওনাদার | | ২৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | | ৩০,০০০ |
| অফিস খরচ | ৬,০০০ | |
| ভূমি ও দালানকোঠা | ৯০,০০০ | |
| | ২,৬৪,০০০ | ২,৬৪,০০০ |

**সমন্বয়সমূহ :**

(i) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ২৫,০০০ এবং বাজার মূল্য ১৬,০০০ টাকা।

(ii) ব্যক্তিগত তহবিল থেকে মালিক ১২,০০০ টাকা ব্যবসায়ের ভাড়া প্রদান করেন যা হিসাবভুক্ত হয়নি।

(iii) ভূমি ও দালানকোঠার উপর অবচয় ১০% ধার্য কর।

ক. বছর শেষে ভূমি ও দালানকোঠার নিট মূল্য নির্ধারণ কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে "শোভা ট্রেডার্স" এর নিট লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

গ. নিট ক্ষতির পরিমাণ ৩০,০০০ টাকা ধরে শোভা ট্রেডার্স-এর মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী তৈরি কর। ৪

[য. বো. ২০২৫]

**২নং প্রশ্নের উত্তর**

**ক** ভূমি ও দালানকোঠার নিট মূল্য :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| ভূমি ও দালানকোঠা | ৯০,০০০ | |
| বাদ : পুঞ্জীভূত অবচয় | (৯,০০০) | |
| নিট মূল্য | | ৮১,০০০ |

**উত্তর :** ভূমি ও দালানকোঠার নিট মূল্য ৮১,০০০ টাকা।

**খ**

**শোভা ট্রেডার্স**
**বিশদ আয় বিবরণী**
২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ১,২৫,০০০ | |
| **বাদ :** ফেরত | | (৮,০০০) | |
| **নিট বিক্রয়** | | | ১,১৭,০০০ |
| বাদ : বিক্রীত পণ্যের ব্যয় | | | |
| প্রারম্ভিক মজুদ | | ২০,০০০ | |
| ক্রয় | ৮৫,০০০ | | |
| বাদ : ফেরত | (৯,০০০) | | |
| **নিট ক্রয়** | | ৭৬,০০০ | |
| ক্রয় পরিবহন | | ৫,০০০ | |
| | | ১,০১,০০০ | |

| | | | |
|---|---|---|---|
| বাদ : সমাপনী মজুদ পণ্য | | (১৬,০০০) | |
| | | | (৮৫,০০০) |
| **মোট মুনাফা** | | | ৩২,০০০ |
| বাদ : পরিচালন ব্যয় | | | |
| বেতন | | ১১,০০০ | |
| ভাড়া | ৫,০০০ | | |
| যোগ : অলিখিত ভাড়া (মালিকের ব্যক্তিগত অর্থ দ্বারা পরিশোধ) | ১২,০০০ | | |
| | | ১৭,০০০ | |
| অফিস খরচ | | ৬,০০০ | |
| ভূমি ও দালানকোঠার অবচয় | | ৯,০০০ | |
| | | | (৪৩,০০০) |
| **নিট ক্ষতি** | | | (১১,০০০) |

**উত্তর :** নিট ক্ষতি ১১,০০০ টাকা।

**গ**

**শোভা ট্রেডার্স**
**মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী**
**২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | ৭৫,০০০ | |
| **বাদ :** নিট ক্ষতি (প্রশ্নে প্রদত্ত) | (৩০,০০০) | |
| | ৪৫,০০০ | |
| **বাদ :** উত্তোলন | (১০,০০০) | |
| | | ৩৫,০০০ |
| **যোগ :** সঞ্চিতি তহবিল | | ৩০,০০০ |
| **সমাপনী মালিকানা স্বত্ব** | | ৬৫,০০০ |

**উত্তর :** সমাপনী মালিকানাস্বত্ব ৬৫,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৩** সালাম এন্ড কোং ২,৭৫,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে ১ মার্চ ২০২৩ তারিখে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো ছিল নিম্নরূপ :

মার্চ ৬ : ফাহিম ট্রেডার্স থেকে চেকে পণ্য ক্রয় ৫০,০০০ টাকা।
" ৯ : অফিস ভাড়া প্রদান ১২,০০০ টাকা।
" ১২ : মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৮,০০০ টাকা।
" ১৮ : আসবাবপত্র ক্রয় ৩৬,০০০ টাকা।
" ২৩ : বকেয়া বেতন ৮,০০০ টাকা।
" ৩১ : যন্ত্রপাতি ক্রয় ২০,০০০ টাকা।

ক. মাস শেষে ব্যাংক জমার উদ্বৃত্ত দেখাও। ২
খ. ৯, ১২, ১৮ ও ২৩ তারিখের লেনদেনগুলো দ্বারা জাবেদা প্রস্তুত কর। ৪
গ. "ক্রয় হিসাব" ও "যন্ত্রপাতি হিসাব" 'T' ছকে খতিয়ান প্রস্তুত কর। ৪

[য. বো. ২০২৫]

**৩নং প্রশ্নের উত্তর**

**ক**

**সালাম এন্ড কোং**
**ব্যাংক হিসাব**

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | ২০২৩ | | | |
| মার্চ ১ | ব্যালেন্স B/D | | ২,৭০,০০০ | মার্চ ৬ | ফাহিম ট্রেডার্স | | ৫০,০০০ |
| | | | | " ৩১ | ব্যালেন্স C/D | | ২,২০,০০০ |
| | | | ২,৭০,০০০ | | | | ২,৭০,০০০ |
| এপ্রিল ১ | ব্যালেন্স B/D | | ২,২০,০০০ | | | | |

**উত্তর :** ব্যাংক জমার উদ্বৃত্ত ২,২০,০০০ টাকা।

**খ**

**সালাম এন্ড কোং**
**সাধারণ জাবেদা**

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | | |
| মার্চ ৯ | ভাড়া হিসাব | ডেবিট | | ১২,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ১২,০০০ |
| | [ভাড়া নগদে প্রদান করা হলো] | | | | |
| " ১২ | উত্তোলন হিসাব | ডেবিট | | ৮,০০০ | |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | | | ৮,০০০ |
| | [মালিক কর্তৃক পণ্য উত্তোলন করা হলো] | | | | |
| " ১৮ | আসবাবপত্র হিসাব | ডেবিট | | ৩৬,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৩৬,০০০ |
| | [নগদে আসবাবপত্র ক্রয় করা হলো] | | | | |
| " ২৩ | বেতন হিসাব | ডেবিট | | ৮,০০০ | |
| | বকেয়া বেতন হিসাব | ক্রেডিট | | | ৮,০০০ |
| | [বেতন বকেয়া রয়েছে] | | | | |
| | | **মোট** | | ৬৪,০০০ | ৬৪,০০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ৬৪,০০০ টাকা।

**গ**

**সালাম এন্ড কোং**
**সাধারণ খতিয়ান (T ছক)**

ডেবিট **ক্রয় হিসাব** ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | ২০২৩ | | | |
| মার্চ ৬ | **ব্যাংক হিসাব** | | ৫০,০০০ | মার্চ ১২ | উত্তোলন হিসাব | | ৮,০০০ |
| | | | | " ৩১ | ব্যালেন্স C/D | | ৪২,০০০ |
| | | | ৫০,০০০ | | | | ৫০,০০০ |
| এপ্রিল ১ | ব্যালেন্স B/D | | ৪২,০০০ | | | | |

**উত্তর :** ব্যাংক জমার উদ্বৃত্ত ৪২,০০০ টাকা।

ডেবিট **যন্ত্রপাতি হিসাব** ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | ২০২৩ | | | |
| মার্চ ৩১ | নগদান হিসাব | | ২০,০০০ | মার্চ ৩১ | ব্যালেন্স C/D | | ২০,০০০ |
| | | | ২০,০০০ | | | | ২০,০০০ |
| এপ্রিল ১ | ব্যালেন্স B/D | | ২০,০০০ | | | | |

**প্রশ্ন ▶ ০৪** জনাব রাহিম আলীর ব্যবসায়ের ২০২৩ সালের মে মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :

মে ১ : জনাব রাহিম নগদ ১০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসায় আরম্ভ করেন।
" ৪ : লভ্যাংশ প্রাপ্তি ১০,০০০ টাকা।
" ১০ : প্রাপ্য কমিশন ২০,০০০ টাকা।
" ১৬ : মনিহারি দ্রব্য ক্রয় ১,০০০ টাকা।
" ৩০ : বিমা প্রিমিয়াম প্রদান ৭,০০০ টাকা।

ক. জনাব রাহিম আলীর ব্যবসায়ের মোট ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. ১–১৬ তারিখের লেনদেনগুলোর শ্রেণিবিভাগ দেখাও। ৪
গ. ৪–৩০ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪

[য. বো. ২০২৫]

**৪নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৫** "মুহু ফ্যাশন হাউজ", ২৩/চকবাজার, ঢাকা ২০২৩ সালের জুন মাসে নিম্নলিখিত কার্যাদি সম্পাদন করে :

জুন ১ : কুমিল্লার নিশি ট্রেডার্স-এর নিকট প্রতি গজ ১০০ টাকা দরে ২০০ গজ কাপড় বিক্রয়। কারবারী বাট্টা ৫%, চালান নং ৮০।

" ১২ : যশোরের কাফি ট্রেডার্স-এর নিকট প্রতিটি ৩০০ টাকা দরে ৪০০টি শাড়ি বিক্রয়। কারবারী বাট্টা ১০% চালান নং ১২০, বিমা খরচ ৪০০ টাকা। বিক্রয় শর্ত ২/১০ নিট ৩০।

" ৩০ : রাজশাহীর জেরিন ফ্যাশনের নিকট প্রতিটি ১,০০০ টাকা দরে ২০০টি প্যান্ট বিক্রয়। কারবারী বাট্টা ১০%। চালান নং ১০০। প্যাকিং খরচ ২,০০০ টাকা।

ক. 'মুহু ফ্যাশন'-এর আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জুন-১২ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুত কর। ৪

গ. মুহু ফ্যাশন-এর বিক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

[য. বো. ২০২৫]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** মুহু ফ্যাশন-এর আনুষঙ্গিক খরচের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| জুন ১২ | বিমা খরচ | ৪,০০০ | |
| " ৩০ | প্যাকিং খরচ | ২,০০০ | |
| | **মোট ব্যয়** | | ৬,০০০ |

**উত্তর :** মোট ব্যয় ৬,০০০ টাকা।

**খ** ১২ জুন তারিখের লেনদেন দ্বারা চালান প্রস্তুত :

**মুহু ফ্যাশন হাউজ**

চালান নং-১২০ ২৩ চকবাজার, ঢাকা

ক্রেতার নাম : কাফি ট্রেডার্স **চালান** তারিখ : ১২ জুন ২

ঠিকানা : যশোর

| ক্রমিক নং | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | শাড়ি | ৩০০ | ৪০০ | ১,২০,০০০ |
| | বাদ : কারবারি বাট্টা | | | (১২,০০০) |
| | | | | ১,০৮,০০০ |
| | যোগ : বিমা খরচ | | | ৪০০ |
| | | | | ১,০৮,৪০০ |

টাকা (কথায়) : এক লক্ষ আট হাজার চারশত টাকা মাত্র।

বিক্রয় শর্ত : ..............................................

**বি.দ্র.** ভুল-ত্রুটি সংশোধনযোগ্য ................................ বিক্রেতার স্বাক্ষর

**গ**

**মুহু ফ্যাশন হাউজ**
**বিক্রয় জাবেদা**

| তারিখ | ডেবিট হিসাব খাত | চালান নম্বর | সূত্র | দেনাদার হিসাব ডেবিট বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২৩ | | | | |
| জুন ১ | নিশি ট্রেডার্স (গণনা-১) | ৮০ | | ১৯,০০০ |
| " ১২ | কাফি ট্রেডার্স (গণনা-২) | ১২০ | | ১,০৮,৪০০ |
| " ৩০ | জেরিন ফ্যাশন (গণনা-৩) | ১০০ | | ১,৮২,০০০ |
| | | | | ৩,০৯,৪০০ |

**উত্তর :** বিক্রয় জাবেদার যোগফল ৩,০৯,৪০০ টাকা।

**গণনা-১ :** নিশি ট্রেডার্স {(১০০ × ২০০) − (১০০ × ২০০ × ৫%)} = ১৯,০০০

**গণনা-২ :** কাফি ট্রেডার্স {(৩০০ × ৪০০) − (৩০০ × ৪০০ × ১০%) + ৪০০} = ১,০৮,৪০০

গণনা-৩ : জেরিন ফ্যাশন {(১০০০ × ২০০) − (১০০০ × ২০০ × ১০%) + ২,০০০} = ১,৮২,০০০

**প্রশ্ন ▸ ০৬** আজিজ ট্রেডার্সে ২০২৩ সালের জুলাই মাসে নিম্নলিখিত লেনদেনসমূহ সংঘটিত হয়েছে :

জুলাই ১ : ব্যবসায় স্থানান্তর ব্যয় ৫০,০০০ টাকা।
" ২ : কাগজ ও কলম ক্রয় ৫,০০০ টাকা।
" ৫ : নতুন মেশিন ক্রয় ২,০০,০০০ টাকা।
" ৬ : নতুন মেশিন ক্রয়ের বহন খরচ ১০,০০০ টাকা।
" ৮ : নতুন মেশিন সংস্থাপন ব্যয় ২০,০০০ টাকা।
" ১০ : পুরাতন আসবাবপত্র মেরামত ব্যয় ৫,০০০ টাকা।
" ১২ : অফিসের গাড়ীর জন্য নতুন যন্ত্রাংশ ক্রয় ৫০,০০০ টাকা।
" ১৫ : নতুন পণ্যের গবেষণা ব্যয় ২০,০০০ টাকা।

ক. বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় নির্ণয় কর। ২
খ. মূলধনজাতীয় ব্যয় ও মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. ৫ তারিখে ক্রীত মেশিন ২,৫০,০০০ টাকায় বিক্রয় করা হলে মূলধনজাতীয় আয়ের পরিমাণ নিরূপণ কর। ৪

[য. বো. ২০২৫]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| জুলাই ১ | ব্যবসায় স্থানান্তর ব্যয় | ৫০,০০০ | |
| " ১৫ | নতুন পণ্যের গবেষণা ব্যয় | ২০,০০০ | |
| | **বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়** | | ৭০,০০০ |

**উত্তর :** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয় ৭০,০০০ টাকা।

**খ** মূলধন জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মূলধন জাতীয় ব্যয় :** | | |
| নতুন মেশিন ক্রয় | ২,০০,০০০ | |
| নতুন মেশিন ক্রয়ের বহন খরচ | ১০,০০০ | |
| নতুন মেশিন সংস্থাপন ব্যয় | ২০,০০০ | |
| অফিসের গাড়ির জন্য যন্ত্রাংশ ক্রয় | ৫০,০০০ | |
| **মূলধন জাতীয় ব্যয়** | | ২,৮০,০০০ |
| **মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| কাগজ, কলম ক্রয় | ৫,০০০ | |
| পুরাতন আসবাবপত্র মেরামত ব্যয় | ৫,০০০ | |
| **মুনাফা জাতীয় ব্যয়** | | ১০,০০০ |

**উত্তর :** মূলধন জাতীয় ব্যয় ২,৮০,০০০ টাকা; মুনাফা জাতীয় ব্যয় ১০,০০০ টাকা।

**গ** মূলধন জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মূলধন জাতীয় আয় :** | | |
| মেশিন বিক্রয় | | ২,৫০,০০০ |
| বাদ : মেশিনের অর্জনমূল্য | | |
| মেশিন ক্রয় | ২,০০,০০০ | |
| যোগ : বহন খরচ | ১০,০০০ | |
| যোগ : সংস্থাপন ব্যয় | ২০,০০০ | |
| | | (২,৩০,০০০) |
| **মূলধন জাতীয় আয়** | | ২০,০০০ |

**উত্তর :** মূলধন জাতীয় আয় ২০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৭** মি. রাসেল একজন মুদি ব্যবসায়ী। ২০২৩ সালে জানুয়ারি মাসে তার সম্পদ ও দায়ের পরিমাণ ছিল নিম্নরূপ : নগদ ৬০,০০০ টাকা, ঋণ ৪৫,০০০ টাকা, আসবাবপত্র ৭৫,০০০ টাকা এবং ব্যাংক জমা ১০,০০০ টাকা। তিনি ১৫,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। এছাড়াও তিনি ব্যবসায় হতে প্রতিমাসে ১,০০০ টাকা করে তার জীবন বিমা প্রিমিয়াম প্রদান করেন। উক্ত বছরে তিনি আরও ২৫,০০০ টাকা ব্যবসায়ে বিনিয়োগ করেন। ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে তার ব্যবসায়ের সম্পদ ও দায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৩,২৫,০০০ টাকা ও ৯৫,০০০ টাকা।

ক. মি. রাসেল মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় কর। ২

খ. মি. রাসেলের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. প্রারম্ভিক মূলধন ১,৪৫,০০০ টাকা ধরে ২০২৩ সালে মি. রাসেলের ব্যবসায়ের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[য. বো. ২০২৫]

## ৭নং প্রশ্নের উত্তর

**ক** মি. রাসেলের উত্তোলনের পরিমাণ :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **উত্তোলন :** | | |
| পণ্য | ১৫,০০০ | |
| জীবন বিমা প্রিমিয়াম (১০০০ × ১২) | ১২,০০০ | |
| **মোট উত্তোলন** | | ২৭,০০০ |

**উত্তর :** মোট উত্তোলনের পরিমাণ ২৭,০০০ টাকা।

**খ** প্রারম্ভিক মূলধন নির্ণয় :

প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক মোট সম্পদ – প্রারম্ভিক মোট দায়
= (নগদ + আসবাবপত্র + ব্যাংক জমা) – ঋণ
= (৬০,০০০ + ৭৫,০০০ + ১০,০০০) – ৪৫,০০০
= ১,৪৫,০০০ – ৪৫,০০০
= ১,০০,০০০

**উত্তর :** প্রারম্ভিক মূলধন ১,০০,০০০ টাকা।

**গ** লাভ-ক্ষতির পরিমাণ নির্ণয় :

লাভ-ক্ষতি = (সমাপনী মূলধন + উত্তোলন) – (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)
= (২,৩০,০০০ + ২৭,০০০) – (১,৪৫,০০০ + ২৫,০০০) টাকা
= (২,৫৭,০০০ – ১,৭০,০০০) টাকা
= ৮৭,০০০ টাকা

এখানে,
সমাপনী মূলধন = সমাপনী মোট সম্পদ – সমাপনী মোট দায়
= (৩,২৫,০০০ – ৯৫,০০০) টাকা
= ২,৩০,০০০
উত্তোলন = ২৭,০০০ টাকা ('ক' হতে প্রাপ্ত)
প্রারম্ভিক মূলধন = ১,৪৫,০০০ (প্রশ্নে প্রদত্ত)

**উত্তর :** লাভ ৮৭,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৮** নেহা ট্রেডার্সের ২০২৩ সালের মার্চ মাসে নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয় :

মার্চ ১ : অগ্রিম বেতন দেয়া হলো ৫,০০০ টাকা।
" ৫ : ১০% বাট্টায় রবিনের নিকট হতে ৪০,০০০ টাকার পণ্য ক্রয়। চালান নং ১৫০।
" ৯ : অনাদায়ি ভাড়া ৭,০০০ টাকা।
" ১৬ : ৮০,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে অমিয়র নিকট হতে ৭৭,০০০ টাকা প্রাপ্তি।
" ২০ : ২০% বাট্টায় ৩০,০০০ টাকা দেনার পূর্ণ নিষ্পত্তি করা হলো।
" ২৫ : ৫% বাট্টায় আয়মান এর নিকট হতে ৬০,০০০ টাকার পণ্য ক্রয় করা হলো। চালান নং ১৬২।

ক. নগদ বাট্টার পরিমাণ কত? ২

খ. উপরিউক্ত লেনদেনের ভিত্তিতে ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪

গ. ক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনগুলোর সাধারণ জাবেদা প্রস্তুত কর। ৪

[য. বো. ২০২৫]

## ৮নং প্রশ্নের উত্তর

**ক** নগদ বাট্টার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| মার্চ ১৬ | অমিয়র নিকট হতে প্রাপ্তি (৮০,০০০ – ৭৭,০০০) | ৩,০০০ | |
| " ২০ | ২০% বাট্টায় দেনার পূর্ণ নিষ্পত্তি (৩০,০০০ × ২০%) | ৬,০০০ | |
| | মোট | | ৯,০০০ |

**উত্তর :** নগদ বাট্টার পরিমাণ ৯,০০০ টাকা।

**খ**

### নেহা ট্রেডার্স
### ক্রয় জাবেদা

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | শর্ত | চালান নং | সূত্র | ক্রয় হিসাব ডেবিট<br>পাওনাদার হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | | |
| মার্চ ৫ | জনাব রবিন {৪০,০০০ – (৪০,০০০ × ১০%)} | | ১৫০ | | ৩৬,০০০ |
| " ২৫ | জনাব আয়মান {৬০,০০০ – (৬০,০০০ × ৫%)} | | ১৬২ | | ৫৭,০০০ |
| | | | | | ৯৩,০০০ |

**গ**

### নেহা ট্রেডার্স
### সাধারণ জাবেদা

| তারিখ | বিবরণ | | খ.পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|---|
| ২০২৩ | | | | | |
| মার্চ ১ | বেতন হিসাব | ডেবিট | | ৫,০০০ | |
| | অগ্রিম বেতন হিসাব | ক্রেডিট | | | ৫০০০ |
| | [∵ বেতন অগ্রিম প্রদান করা হলো] | | | | |
| ” ৯ | অনাদায়ি ভাড়া হিসাব | ডেবিট | | | |
| | প্রাপ্ত ভাড়া হিসাব | ক্রেডিট | | ৭,০০০ | |
| | [অনাদায়ি ভাড়া পাওয়া গেলো] | | | | ৭,০০০ |
| ” ১৬ | নগদান হিসাব | ডেবিট | | ৭৭,০০০ | |
| | প্রদত্ত বাট্টা হিসাব | ডেবিট | | ৩,০০০ | |
| | অমিয়র হিসাব (দেনাদার) | ক্রেডিট | | | ৮০,০০০ |
| | [অমিয়র নিকট হতে প্রাপ্তি] | | | | |
| ” ২০ | দেনাদার হিসাব | ডেবিট | | ৩০,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ২৪,০০০ |
| | প্রাপ্ত বাট্টা হিসাব | ক্রেডিট | | | ৬,০০০ |
| | [দেনাদারকে পরিশোধ করা হলো] | | | | |
| | | মোট | | ১,২২,০০০ | ১,২২,০০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ১,২২,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৯** জনাব রায়ানের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের খতিয়ান উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| মূলধন | ৫০,০০০ |
| আয়কর | ১০,০০০ |
| নগদ তহবিল (০১-০১-২০২৩) | ১৫,০০০ |
| দেনাদার | ৩০,০০০ |
| পাওনাদার | ২০,০০০ |
| বিক্রয় | ৬০,০০০ |
| বকেয়া বেতন | ৩,০০০ |
| বিনিয়োগ | ৪০,০০০ |
| নগদ তহবিল (৩১-১২-২৩) | ২৫,০০০ |
| ব্যাংক জমাতিরিক্ত | ২৫,০০০ |
| ভূমি | ৪৮,০০০ |
| মজুদ পণ্য (৩১-১২-২৩) | ৩০,০০০ |
| অব্যবহৃত মনিহারি | ৫,০০০ |

ক. জনাব রায়ানের যে খতিয়ান উদ্বৃত্তগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে চলতি সম্পদ ও চলতি দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে উক্ত প্রতিষ্ঠানের একটি রেওয়ামিল প্রস্তুত কর। ৪

[য. বো. ২০২৫]

## ৯নং প্রশ্নের উত্তর

**ক** জনাব রায়ানের যে খতিয়ান উদ্বৃত্তগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| নগদ তহবিল (০১-০১-২০২৩) | ১৫,০০০ | |
| মজুদ পণ্য (৩১-১২-২৩) | ৩০,০০০ | |
| **মোট** | | ৪৫,০০০ |

**উত্তর :** নিট প্রদেয় হিসাব ৫৫,০০০ টাকা।

**খ** উপর্যুক্ত তথ্যাদি হতে চলতি সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় করা হলো :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **চলতি সম্পদ :** | | |
| দেনাদার | ৩০,০০০ | |
| নগদ তহবিল (৩১-১২-২৩) | ২৫,০০০ | |
| মজুদ পণ্য (৩১-১২-২৩) | ৩০,০০০ | |
| অব্যবহৃত মনিহার | ৫,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | ৯০,০০০ |
| **চলতি দায় :** | | |
| পাওনাদার | ২০,০০০ | |
| বকেয়া বেতন | ৩,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | ২৫,০০০ | |
| **মোট চলতি দায়** | | ৪৮,০০০ |

**উত্তর :** মোট চলতি সম্পদ ৯০,০০০ টাকা এবং মোট চলতি দায় ৪৮,০০০ টাকা।

গ

**নেহা ট্রেডার্স**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর ২০২৩**

| ক্রমিক | হিসাবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১ | মূলধন | | | ৫০,০০০ |
| ২ | আয়কর | | | ১০,০০০ |
| ৩ | দেনাদার | | ৩০,০০০ | |
| ৪ | পাওনাদার | | | ২০,০০০ |
| ৫ | বিক্রয় | | | ৬০,০০০ |
| ৬ | বকেয়া বেতন | | | ৩,০০০ |
| ৭ | বিনিয়োগ | | ৪০,০০০ | |
| ৮ | নগদ তহবিল | | ২৫,০০০ | |
| ৯ | ব্যাংক জমাতিরিক্ত | | | ২৫,০০০ |
| ১০ | ভূমি | | ৪৮,০০০ | |
| ১১ | অব্যবহৃত মনিহারি | | ৫,০০০ | |
| | মোট | | ১,৪৮,০০০ | ১,৪৮,০০০ |

**উত্তর :** রেওয়ামিলের যোগফল ১,৪৮,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ১০** জয়পুরহাটের ইউনাইটেড প্রিন্টার্স অগ্রণী ব্যাংক কর্পোরেট শাখা থেকে ২০২৩ সালে ৩,০০০টি নোট বুক প্রস্তুতের কাজ পেল। উক্ত কাজের জন্য নিম্নোক্ত খরচগুলো হয় :

| | |
|---|---|
| কাগজ ক্রয় | ৪৫,০০০ টাকা |
| কালি ক্রয় | ১৬,০০০ টাকা |
| প্রত্যক্ষ মজুরি | ১০,৫০০ টাকা |
| আঠা ও সুতা ক্রয় | ৩,০০০ টাকা |
| কারখানা ভাড়া ও বিদ্যুৎ খরচ | ১০,০০০ টাকা |
| অফিস ও প্রশাসনিক ব্যয় | ১৫,০০০ টাকা |
| টেলিফোন বিল | ১,৮০০ টাকা |
| চা ও কফি বাবদ খরচ | ১,০০০ টাকা |

বিল আদায় খরচ চুক্তি মূল্যের ২% এবং প্রতিটি নোটবুকের চুক্তিমূল্য ৫০ টাকা।

ক. ইউনাইটেড প্রিন্টার্সের মুখ্য ব্যয় কত? ২
খ. ইউনাটেড প্রিন্টার্সের প্রতিটি নোটবুকের উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪
গ. ইউনাইটেড প্রিন্টার্সের প্রতিটি নোটবুকের লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪
[য. বো. ২০২৫]

**১০নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ১১** নাবিলা একজন ব্যাংক কর্মকর্তা। ১লা জানুয়ারি ২০২৩ তার পরিবারের আর্থিক অবস্থা নিম্নরূপ :

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| হাতে নগদ | ১,৪০,০০০ | খাদ্য ক্রয় | ১,৩০,০০০ |
| বেতন | ৪,০০,০০০ | দৈনন্দিন খরচ | ৫০,০০০ |
| কৃষি থেকে আয় | ২০,০০০ | মনিহারি ও শিক্ষা সামগ্রী | ১২,০০০ |
| বিনিয়োগের সুদ | ১০,০০০ | ঋণ পরিশোধ | ৭০,০০০ |
| | | ফ্রিজ ক্রয় | ৩০,০০০ |
| | | আপ্যায়ন খরচ | ১৫,০০০ |
| | | যাতায়াত খরচ | ৩,০০০ |
| | | হাতে নগদ (৩১-১২-২৩) | ২,৬০,০০০ |
| | ৫,৭০,০০০ | | ৫,৭০,০০০ |

ক. নাবিলার পারিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. নাবিলার পারিবারিক আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. নাবিলার পরিবারের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর। ৪
[য. বো. ২০২৫]

**১১নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

# চট্টগ্রাম বোর্ড-২০২৫

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা) বিষয় কোড 1 4 6

**সময় : ৩০ মিনিট** [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] **পূর্ণমান : ৩০**

**[বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **প্রারম্ভিক জাবেদা দাখিলা দেয়া হয় কেন?**
ক পূর্ববর্তী হিসাব বন্ধ করার জন্য খ আর্থিক বিবরণী সহজতর করার জন্য
গ হিসাবের ধারাবাহিকতা রক্ষার জন্য ঘ লাভ-লোকসান নির্ণয়ের জন্য

২. **মূলধন জাতীয় ব্যয়ের দ্বারা কোনটি অর্জিত হয়?**
ক সম্পদ খ দায় গ আয় ঘ ব্যয়

৩. **রিদি ট্রেডার্স ২০২৩ সালে বিনিয়োগের সুদ পেল ৪০,০০০ টাকা কিন্তু এর মধ্যে ৫,০০০ টাকা ছিল ২০২৪ সালের। লেনদেনটিতে রিদি ট্রেডার্সের–**
ক মুনাফা জাতীয় প্রাপ্তি ৩৫,০০০ টাকা
খ মূলধন জাতীয় প্রাপ্তি ৪০,০০০ টাকা
গ মুনাফা জাতীয় আয় ৩৫,০০০ টাকা
ঘ মূলধন জাতীয় আয় ৪০,০০০ টাকা

৪. **একজন চিকিৎসকের পরিবারের মুনাফা জাতীয় ব্যয় কোনটি?**
ক চেম্বার ভাড়া খ তাপমাত্রা পরিমাপক যন্ত্র ক্রয়
গ ঔষধ ক্রয় ঘ ফ্রিজ ক্রয়

৫. **প্রতিষ্ঠানে ব্যবহারের জন্য 'ফটোকপি মেশিন' ক্রয় করলে কোন হিসেবে লিখতে হয়?**
ক অফিস সরঞ্জাম খ অফিস সাপ্লাইজ
গ আসবাবপত্র ঘ মনিহারি

৬. **কোন লেনদেনের ফলে মালিকানা স্বত্বের পরিমাণ হ্রাস পাবে?**
ক ধারে পণ্য বিক্রয় ১০,০০০ টাকা খ আসবাবপত্র ক্রয় ২০,০০০ টাকা
গ বাকিতে পণ্য ক্রয় ৫,০০০ টাকা ঘ ব্যাংকে জমা দেওয়া হলো ১৫,০০০ টাকা

৭. **চলমান জের ছকে উদ্বৃত্ত নির্ণয় করা হয় কখন?**
ক প্রতিদিনের শেষে খ প্রতিটি পোস্টিং এর পর
গ প্রতি সপ্তাহ শেষে ঘ মাস শেষে

৮. **দোকান থেকে পণ্য চুরি হলো ২০০০ টাকা। এর সঠিক জাবেদা কোনটি?**
ক ক্রয় হিসাব ডেবিট ২০০০ টাকা বিবিধ ক্ষতি হিসাব ক্রেডিট ২০০০ টাকা
খ বিবিধ ক্ষতি হিসাব ডেবিট ২০০০ টাকা নগদান হিসাব ক্রেডিট ২০০০ টাকা
গ বিবিধ ক্ষতি হিসাব ডেবিট ২০০০ টাকা ক্রয় হিসাব ক্রেডিট ২,০০০ টাকা
ঘ বিবিধ খরচ হিসাব ডেবিট ২০০০ টাকা ক্রয় হিসাব ক্রেডিট ২,০০০ টাকা

৯. **খরচসমূহ চালানে অন্তর্ভুক্ত থাকলে তা কাকে পরিশোধ করতে হয়?**
ক সরবরাহকারীকে খ পাওনাদারকে
গ বিক্রেতাকে ঘ ক্রেতাকে

১০. **খতিয়ানে ব্যবহৃত B/D দ্বারা কী বোঝায়?**
ক নিচের নীত খ উপর থেকে আনীত
গ সম্মুখে নীত ঘ পেছন থেকে আনীত

১১. **হিসাবের বইতে ক্রেডিট উদ্বৃত্ত প্রকাশ করে–**
i. মূলধন ii. ব্যাংক জমাতিরিক্ত উত্তোলন iii. বিনিয়োগের সুদ
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
সুরমা রাইচ ট্রেডার্স ২০২৪ সালের ১ জুলাই ৫% বাট্টায় ২,০০,০০০ টাকার চাল ক্রয় করে ১,০০,০০০ টাকার চেক ইস্যু করে এবং ঐ দিনই বিশেষ জাবেদার লিপিবদ্ধ করে।

১২. **সুরমা রাইচ ট্রেডার্সের বিশেষ জাবেদায় লিখতে হবে–**
i. ক্রয় জাবেদায় ১,৯০,০০০ টাকা
ii. নগদ প্রদান জাবেদায় ১,০০,০০০ টাকা
iii. ক্রয় জাবেদায় ৯০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. **দুঘরা নগদান বইতে ক্রেডিট দিকে ব্যাংক কলামে কোনটি বসে?**
ক চেকে বিক্রয় খ ব্যাংকে জমা দেওয়া
গ ব্যাংক সুদ মঞ্জুর ঘ চেকে ক্রয়

১৪. **শাপলা এন্টারপ্রাইজের ২০,০০০ টাকা পাওনার পূর্ণনিষ্পত্তিতে ১৯,৫০০ টাকা পেল। লেনদেনটি তিনঘরা নগদান বইতে দেখাতে হবে–**
i. ডেবিট পার্শ্বে নগদ কলামে ১৯,৫০০ টাকা
ii. ডেবিট পার্শ্বে বাট্টার কলামে ৫০০ টাকা
iii. ডেবিট পার্শ্বে ব্যাংক কলামে ২০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
গোলাপী বস্ত্রালয়ের হিসাবরক্ষক কাপড় ক্রয় ৪০,০০০ টাকার স্থলে ৫০,০০০ টাকা ডেবিট এবং কাপড় বিক্রয় ৯০,০০০ টাকার স্থলে ৮০,০০০ টাকা ক্রেডিট করেছেন।

১৫. **গোলাপী বস্ত্রালয়ের হিসাবরক্ষকের ভুলটি–**
i. করণিক ভুল ii. পরিপূরক ভুল iii. লেখার ভুল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৬. **গোলাপী বস্ত্রালয়ের রেওয়ামিল অনিশ্চিত হিসাব কত টাকা?**
ক ডেবিট ১০,০০০ টাকা খ ক্রেডিট ১০,০০০ টাকা
গ ডেবিট ২০,০০০ টাকা ঘ ক্রেডিট ২০,০০০ টাকা

১৭. **কোনটি রেওয়ামিলে ক্রেডিট দিকে বসে?**
ক অগ্রিম ভাড়া খ প্রাপ্যহিসাব গ আন্তঃফেরত ঘ বহিঃফেরত

১৮. **কোনটি দীর্ঘমেয়াদি দায়?**
ক ডিবেঞ্চার খ ব্যাংক ওভারড্রাফট
গ অনুপার্জিত আয় ঘ পাওনাদার

১৯. **শাফকাত ট্রেডার্সের ২০২৪ সালের ব্যবসায়ে নিট মুনাফা ২০,০০০ টাকা, বিক্রয় ১,১০,০০০ টাকা এবং আন্তঃফেরত ১০,০০০ টাকা হলে নিট মুনাফার হার কত?**
ক ১০% খ ১৫% গ ২০% ঘ ২৫%

২০. **নিচের কোনটি বিক্রয় উপরি ব্যয়?**
ক বিজ্ঞাপন খরচ খ জ্বালানি খরচ
গ আইন খরচ ঘ যাতায়াত খরচ

২১. **আসবাবপত্র প্রস্তুতকারক প্রতিষ্ঠানের মুখ্য ব্যয়ের অন্তর্ভুক্ত কোনটি?**
ক কারখানার ভাড়া খ কাঠের পরিবহণ ব্যয়
গ তারকাটা ও শিরিষ কাগজের ব্যয় ঘ প্রারম্ভিক চলতি কার্য

২২. **পারিবারিক বাজেটের নমুনায় খাদ্যখাতে বরাদ্দ শতকরা কত?**
ক ৫% – ১০% খ ১০% – ১৫%
গ ১৫% – ২০% ঘ ২০% – ২৫%

২৩. **পণ্য বিক্রয় বাবদ প্রতিষ্ঠান চেক পেলে তা কোন চেক বলে গণ্য হবে?**
ক হুকুম চেক খ দাগকাটা চেক গ বাহক চেক ঘ খোলা চেক

২৪. **দুতরফা দাখিলা পদ্ধতির বৈশিষ্ট্য কোনটি?**
ক দ্বৈত সত্তা খ ব্যয় নিয়ন্ত্রণ
গ পরিপূর্ণ হিসাব সংরক্ষণ ঘ সর্বজনীন স্বীকৃতি

২৫. **মানুষ সমাজবদ্ধ হয়ে বসবাস শুরু করলে প্রথম পেশা ছিল কোনটি?**
ক পশুশিকার খ ফলমূল সংগ্রহ গ কৃষিকাজ ঘ মৎস্য চাষ

২৬. **নিচের কোনটির জন্য হিসাব রাখার প্রয়োজনীয়তা অপরিসীম?**
ক মিতব্যয়ী জীবন গঠন খ আর্থিক স্বচ্ছলতা নিশ্চিতকরণ
গ সময় ও শ্রম নির্ধারণ ঘ বিজ্ঞান ও প্রযুক্তির উন্নয়ন

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**
মাহির ট্রেডার্স ৩০,০০০ টাকার পণ্য মেহেদি ব্রাদার্স এর নিকট বিক্রয় করে এবং নগদ ২০,০০০ টাকা গ্রহণ করে।

২৭. **মাহির ট্রেডার্সের লেনদেনের উপযুক্ত দলিল নিচের কোনটি?**
ক ডেবিট ভাউচার খ চালান গ ডেবিট নোট ঘ ক্রেডিট নোট

২৮. **মাহির ট্রেডার্সের লেনদেন দ্বারা হিসাব সমীকরণে বৃদ্ধি পায়–**
i. সম্পদ ৩০,০০০ টাকা ii. মালিকানা স্বত্ব ৩০,০০০ টাকা
iii. দায় ১০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. **কোনটির জন্য ক্রেডিট ভাউচার ব্যবহৃত হয়?**
ক সম্পদ খ দায় গ ব্যয় ঘ আয়

৩০. **একতরফা দাখিলা পদ্ধতিতে সাধারণত রাখা হয়–**
i. সম্পদ হিসাব ii. ব্যয় হিসাব iii. দায় হিসাব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

☑ খালি ঘরগুলোতে পেনসিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# চট্টগ্রাম বোর্ড-২০২৫

## হিসাববিজ্ঞান (সৃজনশীল)

বিষয় কোড : 1 4 6

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দুটি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১। আরশি এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

**আরশি এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-০১-২০২৩) | ৪০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৮৫,০০০ | ২,৭৫,০০০ |
| ফেরত | | ৩,০০০ |
| বেতন (১৪ মাসের) | ১৪,০০০ | |
| প্রাপ্ত বাট্টা | | ২,০০০ |
| আমদানি শুল্ক | ৫,০০০ | |
| বিজ্ঞাপন | ৬,০০০ | |
| মনিহারি | ৩,০০০ | |
| কমিশন | ৭,০০০ | ১০,০০০ |
| দেনাদার | ৩০,০০০ | |
| | ২,৯০,০০০ | ২,৯০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :**

(১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৬০,০০০ টাকা।
(২) বিনামূল্যে পণ্য বিতরণ ১০,০০০ টাকা।
(৩) ১৫,০০০ টাকার পণ্য বিক্রয় হিসাবভুক্ত করা হয়নি।

(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে নিট দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) আরশি এন্টারপ্রাইজের মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) আরশি এন্টারপ্রাইজের নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

২। আদনান ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

**আদনান ট্রেডার্স**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ২০,০০০ | ৩,০০,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৪০,০০০ | ২০,০০০ |
| নগদ তহবিল | ৫৪,০০০ | |
| ১০% বিনিয়োগ (১-০৭-২০২২) | ১,২০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ৩০,০০০ |
| আসবাবপত্র | ১,০০,০০০ | |
| আয়কর | ৬,০০০ | |
| যন্ত্রপাতি | ৭০,০০০ | |
| ৮% বন্ধকী ঋণ | | ৬০,০০০ |
| | ৪,১০,০০০ | ৪,১০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :**

(১) স্থায়ী সম্পত্তির উপর ৫% অবচয় ধরতে হবে।
(২) অনাদায়ী পাওনা ৩,০০০ টাকা।
(৩) অব্যবহৃত মনিহারি ১,০০০ টাকা।

(ক) স্থায়ী সম্পত্তির অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) আদনান ট্রেডার্সের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) নিট ক্ষতি ৯,৩০০ টাকা ধরে আদনান ট্রেডার্সের মালিকানা স্বত্ব ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩। জনাব নিহান তার ব্যবসায়ে বিস্তারিত হিসাব সংরক্ষণ করেন না। ২০২৩ সালের ১ জানুয়ারি তার ব্যবসায়ের মোট সম্পত্তি ছিলো ২,৮০,০০০ টাকা এবং মোট দায় ছিলো ১,২০,০০০ টাকা।
৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে তার ব্যবসায়ের অবস্থা হল :

| | | | |
|---|---|---|---|
| হাতে নগদ | ২,৬০,০০০ টাকা | ব্যাংক জমা | ৪০,০০০ টাকা |
| দেনাদার | ৩০,০০০ টাকা | পাওনাদার | ২০,০০০ টাকা |
| মজুদপণ্য | ৫০,০০০ টাকা | ঋণ | ৬০,০০০ টাকা |
| আসবাবপত্র | ১৫,০০০ টাকা | অফিস সাপ্লাইজ | ৫,০০০ টাকা |

বছরের মাঝামাঝি সময়ে তিনি আরও ৪০,০০০ টাকা বিনিয়োগ করেন এবং প্রতিমাসে নিজ পরিবারের জন্য ২,০০০ টাকার পণ্য নিয়ে থাকেন।

(ক) জনাব নিহানের মোট উত্তোলনের পরিমাণ কত? ২
(খ) জনাব নিহানের ব্যবসায়ে সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) ২০২৩ সালে জনাব নিহানের ব্যবসায়ের মুনাফা বা ক্ষতির পমিাণ নির্ণয় কর। ৪

৪। মিনহাজ ব্রাদার্স এর ব্যবসায়ে ২০২৩ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয় :

২০২৩

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ০১ | : মালিক কর্তৃক ব্যবসায়ে বিনিয়োগ ১,০০,০০০ টাকা। |
| " | ০৫ | : ধারে পণ্য ক্রয় ৪০,০০০ টাকা। |
| " | ০৬ | : ৫০,০০০ টাকার পণ্য বিক্রয়ের ফরমায়েশ পাওয়া গেল। |
| " | ০৮ | : ব্যাংকে জমা প্রদান ২০,০০০ টাকা। |
| " | ১০ | : বেতন প্রদান ৫,০০০ টাকা। |
| " | ১২ | : ১০,০০০ টাকা বেতনে ম্যানেজার নিয়োগ করা হল। |
| " | ১৫ | : পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা। |
| " | ২০ | : পাওনাদারকে পরিশোধ ২০,০০০ টাকা। |
| " | ২৫ | : মালিক কর্তৃক নগদ উত্তোলন ৫,০০০ টাকা। |
| " | ৩১ | : চেকের মাধ্যমে ভাড়া প্রাপ্তি ১০,০০০ টাকা। |

(ক) ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহের মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) ১২ - ৩১ তারিখের ঘটনাগুলো হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণসহ ব্যাখ্যা কর। ৪
(গ) ০১ - ১২ তারিখের ঘটনাগুলো দ্বারা হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

৫। 'আরহাম ম্যানুফ্যাকচারিং লিমিটেড' এর হিসাব বই থেকে ২০২২ সালের ৩১ ডিসেম্বর নিম্নোক্ত তথ্যাবলি সংগৃহীত হয়।

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| কাঁচামাল ক্রয় | ২,৪০,০০০ | অফিস খরচাবলি | ১৫,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৬০,০০০ | বিদ্যুৎবিল | ৮,০০০ |
| কাঁচামাল ৩১-১২-২২ | ২০,০০০ | বিক্রয়কর্মীর বেতন | ৭,০০০ |
| কারখানা খরচ | ৫০,০০০ | যন্ত্রপাতির অবচয় | ৫,০০০ |
| বিক্রয় খরচ | ৫,০০০ | | |

(ক) উপর্যুক্ত তথ্যের আলোকে ব্যবহৃত কাঁচামালের খরচ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪
(গ) বিক্রয়মূল্য ৫,৫০,০০০ টাকা হলে আরহাম ম্যানুফ্যাকচারিং লিমিটেড এর নিট মুনাফা নির্ণয় কর। ৪

৬। 'আয়াত এন্ড ব্রাদার্স' ব্যবসায় প্রতিষ্ঠানের মে, ২০২৩ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | |
|---|---|
| পণ্য ক্রয় | ২,১০,০০০ টাকা |
| শেয়ারে বিনিয়োগের লভ্যাংশ | ১৫,০০০ টাকা |
| কারখানা স্থানান্তর ব্যয় | ২৪,০০০ টাকা |
| শিক্ষানবিশ সেলামি | ১০,০০০ টাকা |
| বেতন ও মজুরি | ২৫,০০০ টাকা |
| প্রাপ্ত ভাড়া | ৫,০০০ টাকা |
| বিজ্ঞাপন (৪ বছরের) | ২০,০০০ টাকা |
| পণ্য বিক্রয় | ৩,৪০,০০০ টাকা |
| বিমা প্রিমিয়াম | ২,০০০ টাকা |

(ক) আয়াত এন্ড ব্রাদার্সের বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় কত? ২

(খ) উক্ত প্রতিষ্ঠানের মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) উক্ত প্রতিষ্ঠানের মুনাফাজাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

৭। মেসার্স জাবির এন্ড কোং এর ২০২৩ সালের ডিসেম্বর মাসের হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবর নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ২,০০,০০০ | আসবাবপত্র | ৮০,০০০ |
| ক্রয় | ১,২০,০০০ | প্রদেয় বিল | ১৫,০০০ |
| বিক্রয় | ১,৮০,০০০ | বন্দকী ঋণ | ১,০০,০০০ |
| মজুদ পণ্য ১-০১-২০২৩ | ৪০,০০০ | দালানকোঠা | ২,০০,০০০ |
| হাতে নগদ ১-১-২০২৩ | ৫০,০০০ | ব্যাংক জমাতিরিক্ত | ২০,০০০ |
| বিক্রয় ফেরত | ৫,০০০ | মজুদ পণ্য ৩১-১২-২৩ | ৩০,০০০ |
| কুঋণ সঞ্চিতি | ১০,০০০ | হাতে নগদ ৩১-১২-২৩ | ৮০,০০০ |

(ক) যে সকল দফা রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার টাকার পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্য হতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

(গ) মেসার্স জাবির এন্ড কোং এর রেওয়ামিল প্রস্তুত কর। ৪

৮। দিঘি ট্রেডার্সের ২০২২ সালের মার্চ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

মার্চ ১ : পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা।
" ৪ : মাহাবুবের নিকট থেকে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ১০ : মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
" ১৫ : পাওনাদারকে পরিশোধ ১০,০০০ টাকা।
" ২০ : কর্মচারীর বেতন মালিক ব্যক্তিগত তহবিল হতে পরিশোধ করলেন ৭,০০০ টাকা।
" ৩১ : ব্যাংক চার্জ ধার্য করল ১,০০০ টাকা।

(ক) 'T' ছকে পাওনাদার হিসাব তৈরি কর। ২

(খ) চলমান জের ছকে নগদান হিসাব ও ক্রয় হিসাব প্রস্তুত কর। ৪

(গ) ১০-৩১ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবন্ধ কর। ৪

৯। জনাব সাজিদ হাসানের ০১-০১-২০২২ তারিখে সম্পদ ও দায়ের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

বাড়িঘর ২৫,০০,০০০ টাকা, আসবাবপত্র ২,০০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৩,০০,০০০ টাকা। উক্ত বছরে তাঁর পারিবারিক প্রাপ্তি ও প্রদান হিসাব হল :

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন | ৭,২০,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ২,৫০,০০০ |
| বাড়িভাড়া | ৮০,০০০ | শিক্ষা ও চিকিৎসা ব্যয় | ৮০,০০০ |
| | | গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল | ৩৫,০০০ |
| | | কম্পিউটার ক্রয় | ৫০,০০০ |
| | | ভি.পি. এস জমা | ১,২০,০০০ |
| | | বিবিধ খরচ | ৩৮,০০০ |
| | | হাতে নগদ ৩১-১২-২২ | ২,২৭,০০০ |
| | ৮,০০,০০০ | | ৮,০০,০০০ |

**অন্যান্য তথ্য :**

(১) গ্যাস বিল বকেয়া ২,০০০ টাকা।

(২) বাড়িভাড়া বকেয়া ৫,০০০ টাকা।

(ক) জনাব সাজিদ হাসানের পরিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২

(খ) জনাব সাজিদ হাসানের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪

(গ) জনাব সাজিদ হাসানের পরিবারের আর্থিক অবস্থায় বিবরণী প্রস্তুত কর। ৪

১০। তাসিন এন্ড ব্রাদার্সের নিম্নোক্ত লেনদেনসমূহ ২০২৩ সালের জুন মাসে সংঘটিত হয়েছে।

জুন ১ : নগদ উদ্বৃত্ত ও ব্যাংক উদ্বৃত্ত যথাক্রমে ৮০,০০০ টাকা ও ৩৫,০০০ টাকা।
" ৫ : চেকের মাধ্যমে অরিত্র ট্রেডার্সের নিকট থেকে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ৭ : পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ১০ : সায়মার নিকট থেকে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ১১ : ব্যাংকে জমা দেওয়া হল ২০,০০০ টাকা।
" ১২ : ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।
" ১৪ : জায়েদের নিকট পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।
" ২০ : দেনাদারের নিকট থেকে ১০,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৯,৫০০ টাকা প্রাপ্তি।

(ক) যে সকল লেনদেন নগদান বইয়ে অন্তর্ভুক্ত হবে না সেগুলোর মোট পরিমাণ নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে তাসিন এন্ড ব্রাদার্সের নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

(গ) ১ - ১১ তারিখের লেনদেনের ভিত্তিতে তাসিন এন্ড ব্রাদার্সের দুইঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

১১। বাগেরহাটের 'মাহির ট্রেডার্স' এর ২০২২ সালের মে মাসের সংঘটিত কতিপয় লেনদেন নিম্নরূপ :

মে ১ : নগদ ১,৫০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করা হল।
" ৫ : ঋণ গ্রহণ ১,০০,০০০ টাকা।
" ১০ : বুহা ট্রেডার্সের নিকট থেকে অফিসের জন্য নগদে ৪০,০০০ টাকা দরে ১টি কম্পিউটার ক্রয়।
" ১৫ : খুলনার লিখন ট্রেডার্সের নিকট প্রতিটি ১,০০০ টাকা দরে ৫০টি ক্যালকুলেটর বিক্রয়।
" ২০ : মনিহারি দ্রব্যাদি ক্রয় ২,০০০ টাকা।

(ক) মাহির ট্রেডার্সের প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২

(খ) উপর্যুক্ত ১৫ তারিখের লেনদেন অবলম্বনে একটি চালান তৈরি করো যেখানে কারবারি বাট্টা ৫% এবং বিক্রয় শর্ত ২/১২ নিট ৩০ এবং চালান নং ৪৬। ৪

(গ) উপযুক্ত মে ০৫ থেকে মে ১০ তারিখে লেনদেনগুলোর সাথে জড়িত হিসাবের শ্রেণিবিভাগ দেখাও। ৪

# উত্তরমালা (চট্টগ্রাম বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | গ | ২ | ক | ৩ | গ | ৪ | গ | ৫ | ক | ৬ | গ | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | খ |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** আরশি এন্টারপ্রাইজের ২০২৩ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

**আরশি এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| মজুদ পণ্য (১-০১-২০২৩) | ৪০,০০০ | |
| ক্রয় ও বিক্রয় | ১,৮৫,০০০ | ২,৭৫,০০০ |
| ফেরত | | ৩,০০০ |
| বেতন (১৪ মাসের) | ১৪,০০০ | |
| প্রাপ্ত বাট্টা | | ২,০০০ |
| আমদানি শুল্ক | ৫,০০০ | |
| বিজ্ঞাপন | ৬,০০০ | |
| মনিহারি | ৩,০০০ | |
| কমিশন | ৭,০০০ | ১০,০০০ |
| দেনাদার | ৩০,০০০ | |
| | ২,৯০,০০০ | ২,৯০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :**

(১) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৬০,০০০ টাকা।
(২) বিনামূল্যে পণ্য বিতরণ ১০,০০০ টাকা।
(৩) ১৫,০০০ টাকার পণ্য বিক্রয় হিসাবভুক্ত করা হয়নি।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে নিট দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. আরশি এন্টারপ্রাইজের মোট মুনাফা বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪
গ. আরশি এন্টারপ্রাইজের নিট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪

[চ. বো. ২০২৫]

**১নং প্রশ্নের সমাধান**

**ক** নিট দেনাদারের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| দেনাদার | ৩০,০০০ | |
| যোগ : অলিখিত বিক্রয় | ১৫,০০০ | |
| **নিট দেনাদার** | | ৪৫,০০০ |

**উত্তর :** নিট দেনাদারের পরিমাণ ৪৫,০০০ টাকা।

**খ**

**আরশি এন্টারপ্রাইজ**
**বিশদ আয় বিবরণী**
**২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ২,৭৫,০০০ | |
| যোগ : অলিখিত বিক্রয় | | ১৫,০০০ | |
| **নিট বিক্রয়** | | | ২,৯০,০০০ |
| **বাদ : বিক্রীত পণ্যের ব্যয়** | | | |
| মজুদ পণ্য | | ৪০,০০০ | |
| ক্রয় | ১,৮৫,০০০ | | |
| বাদ : ফেরত | (৩,০০০) | | |
| | ১,৮২,০০০ | | |
| বাদ : পণ্য বিতরণ | (১০,০০০) | | |
| | | ১,৭২,০০০ | |
| আমদানি শুল্ক | | ৫,০০০ | |
| | | ২,১৭,০০০ | |
| বাদ : সমাপনী মজুদ পণ্য | | (৬০,০০০) | |
| | | | (১,৫৭,০০০) |
| **মোট মুনাফা** | | | ১,৩৩,০০০ |

**উত্তর :** মোট মুনাফা ১,৩৩,০০০ টাকা।

**গ**

**আরশি এন্টারপ্রাইজ**
**বিশদ আয় বিবরণী**
**২০২৩ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **মোট মানুফা (খ হতে প্রাপ্ত)** | | | ১,৩৩,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বেতন | ১৪,০০০ | | |
| বাদ : অগ্রিম বেতন (১৪,০০০ × $^{২}/_{১৪}$) | (২,০০০) | | |
| | | ১২,০০০ | |
| বিজ্ঞাপন | ৬,০০০ | | |
| যোগ : বিনামূল্যে পণ্য বিতরণ | ১০,০০০ | | |
| | | ১৬,০০০ | |
| মনিহারি | | ৩,০০০ | |
| কমিশন প্রদান | | ৭,০০০ | |
| | | | (৩৮,০০০) |
| **পরিচালন মুনাফা** | | | ৯৫,০০০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| প্রাপ্ত বাট্টা | | ২,০০০ | |
| প্রাপ্ত কমিশন | | ১০,০০০ | |
| | | | ১২,০০০ |
| **নিট মুনাফা** | | | ১,০৭,০০০ |

**উত্তর :** নিট মুনাফা ১,০৭,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০২** আদনান ট্রেডার্সের ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

**আদনান ট্রেডার্স**
**রেওয়ামিল**
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| উত্তোলন ও মূলধন | ২০,০০০ | ৩,০০,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৪০,০০০ | ২০,০০০ |
| নগদ তহবিল | ৫৪,০০০ | |
| ১০% বিনিয়োগ (১-০৭-২০২২) | ১,২০,০০০ | |
| সাধারণ সঞ্চিতি | | ৩০,০০০ |
| আসবাবপত্র | ১,০০,০০০ | |
| আয়কর | ৬,০০০ | |
| যন্ত্রপাতি | ৭০,০০০ | |
| ৮% বন্ধকী ঋণ | | ৬০,০০০ |
| | ৪,১০,০০০ | ৪,১০,০০০ |

**অন্যান্য তথ্যাবলি :**

(১) স্থায়ী সম্পত্তির উপর ৫% অবচয় ধরতে হবে।
(২) অনাদায়ী পাওনা ৩,০০০ টাকা।
(৩) অব্যবহৃত মনিহারি ১,০০০ টাকা।

ক. স্থায়ী সম্পত্তির অবচয়ের পরিমাণ নির্ণয় কর। ২
খ. আদনান ট্রেডার্সের মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪
গ. নিট ক্ষতি ৯,৩০০ টাকা ধরে আদনান ট্রেডার্সের মালিকানা স্বত্ব ও দায়ের পরিমাণ নির্ণয় কর। ৪

[চ. বো. ২০২৫]

**২নং প্রশ্নের সমাধান**

**ক** স্থায়ী সম্পত্তির অবচয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| আসবাবপত্রের অবচয় (৫%) | ৫,০০০ | |
| যন্ত্রপাতির অবচয় (৫%) | ৩,৫০০ | |
| **মোট** | | ৮,৫০০ |

**উত্তর :** স্থায়ী সম্পত্তির অবচয়ের পরিমাণ ৮,৫০০ টাকা।

**খ** আদনান ট্রেডার্সের মোট সম্পদের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদসমূহ :** | | | |
| আসবাবপত্র | ১,০০,০০০ | | |
| বাদ : পুঞ্জিভূত অবচয় (৫%) | (৫,০০০) | | |
| | | ৯৫,০০০ | |
| যন্ত্রপাতি | ৭০,০০০ | | |
| বাদ : পুঞ্জিভূত অবচয় (৫%) | (৩,৫০০) | | |
| **মোট স্থায়ী সম্পদ** | | ৬৬,৫০০ | |
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ :** | | | ১,৬১,৫০০ |
| ১০% বিনিয়োগ (০১–০৭–২০২২) | | | ১,২০,০০০ |

| | | | |
|---|---|---|---|
| **চলতি সম্পদ :** | | | |
| দেনাদার | ৪০,০০০ | | |
| বাদ : নতুন অনাদায়ী পাওনা | (৩,০০০) | | |
| | | ৩৭,০০০ | |
| নগদ তহবিল | | ৫৪,০০০ | |
| বকেয়া বিনিয়োগের সুদ | | ৬,০০০ | |
| অব্যবহৃত মনিহারি | | ১,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ৯৮,০০০ |
| **মোট সম্পদ** | | | ৩,৭৯,৫০০ |

**গণনা-১ :** বিনিয়োগের বকেয়া সুদ = (১,২০,০০০ × ১০% × ৬) ÷ ১২ = ৬,০০০ টাকা।

**গ** আদনান ট্রেডার্সের মালিকানা স্বত্ব ও দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মালিকানা স্বত্ব ও দায়সমূহ :** | | |
| মূলধন | ৩,০০,০০০ | |
| বাদ : উত্তোলন | (২০,০০০) | |
| | ২,৮০,০০০ | |
| বাদ : আয়কর | (৬,০০০) | |
| | ২,৭৪,০০০ | |
| বাদ : নীট ক্ষতি | (৯,৩০০) | |
| | ২,৬৪,৭০০ | |
| যোগ : সাধারণ সঞ্চিতি | ৩০,০০০ | |
| | | ২,৯৪,৭০০ |
| **দীর্ঘমেয়াদি দায় :** | | |
| ৮% বন্ধকী ঋণ | | ৬০,০০০ |
| **চলতি দায় :** | | |
| পাওনাদার | ২০,০০০ | |
| বন্ধকী ঋণের সুদ | ৪,৮০০ | |
| | | ২৪,৮০০ |
| **মালিকানা স্বত্ব ও মোট দায়** | | ৩,৭৯,৫০০ |

**উত্তর :** মালিকানা স্বত্ব ও দায়ের পরিমাণ ৩,৭৯,৫০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৩** জনাব নিহান তার ব্যবসায়ে বিস্তারিত হিসাব সংরক্ষণ করেন না। ২০২৩ সালের ১ জানুয়ারি তার ব্যবসায়ের মোট সম্পত্তি ছিলো ২,৮০,০০০ টাকা এবং মোট দায় ছিলো ১,২০,০০০ টাকা।

৩১ ডিসেম্বর ২০২৩ তারিখে তার ব্যবসায়ের অবস্থা হল :

| | | | |
|---|---|---|---|
| হাতে নগদ | ২,৬০,০০০ টাকা | ব্যাংক জমা | ৪০,০০০ টাকা |
| দেনাদার | ৩০,০০০ টাকা | পাওনাদার | ২০,০০০ টাকা |
| মজুদপণ্য | ৫০,০০০ টাকা | ঋণ | ৬০,০০০ টাকা |
| আসবাবপত্র | ১৫,০০০ টাকা | অফিস সাপ্লাইজ | ৫,০০০ টাকা |

বছরের মাঝামাঝি সময়ে তিনি আরও ৪০,০০০ টাকা বিনিয়োগ করেন এবং প্রতিমাসে নিজ পরিবারের জন্য ২,০০০ টাকার পণ্য নিয়ে থাকেন।

ক. জনাব নিহানের মোট উত্তোলনের পরিমাণ কত? ২

খ. জনাব নিহানের ব্যবসায়ে সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ২০২৩ সালে জনাব নিহানের ব্যবসায়ের মুনাফা বা ক্ষতির পমিাণ নির্ণয় কর। ৪

[চ. বো. ২০২৫]

## ৩নং প্রশ্নের সমাধান

**ক** মোট উত্তোলনের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা |
|---|---|
| উত্তোলন (২,০০০ × ১২) | ২৪,০০০ |

**খ** সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় :

সমাপনী মূলধন = সমাপনী মোট সম্পদ − সমাপনী মোট দায়

= (হাতে নগদ + দেনাদার + মজুদ পণ্য + আসবাবপত্র + ব্যাংক জমা + অফিস সাপ্লাইজ) − (পাওনাদার + ঋণ)

= (২,৬০,০০০ + ৩০,০০০ + ৫০,০০০ + ১৫,০০০ + ৪০,০০০ + ৫,০০০) − (২০,০০০ + ৬০,০০০)

= ৪,০০,০০০ − ৮০,০০০

= ৩,২০,০০০ টাকা

**উত্তর :** সমাপনী মূলধন ৩,২০,০০০ টাকা।

**গ** জনাব নিহানের লাভ ক্ষতি নির্ণয় :

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) − (প্রারম্ভিক মূলধন + অতিরিক্ত মূলধন)}

= {(৩,২০,০০০ + ২৪,০০০) − (১,৬০,০০০ + ৪০,০০০)}

= (৩,৪৪,০০০ − ২,০০,০০০)

= ১,৪৪,০০০ টাকা

**উত্তর :** লাভ ১,৪৪,০০০ টাকা।

প্রারম্ভিক মূলধন

= প্রারম্ভিক মোট সম্পদ − প্রারম্ভিক মোট দায়

= (২,৮০,০০০ − ১,২০,০০০)

= ১,৬০,০০০

**প্রশ্ন ▶ ০৪** মিনহাজ ব্রাদার্স এর ব্যবসায়ে ২০২৩ সালের জানুয়ারি মাসে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয় :

২০২৩

জানুয়ারি০১ : মালিক কর্তৃক ব্যবসায়ে বিনিয়োগ ১,০০,০০০ টাকা।

" ০৫ : ধারে পণ্য ক্রয় ৪০,০০০ টাকা।

" ০৬ : ৫০,০০০ টাকার পণ্য বিক্রয়ের ফরমায়েশ পাওয়া গেল।

" ০৮ : ব্যাংকে জমা প্রদান ২০,০০০ টাকা।

" ১০ : বেতন প্রদান ৫,০০০ টাকা।

" ১২ : ১০,০০০ টাকা বেতনে ম্যানেজার নিয়োগ করা হল।

" ১৫ : পণ্য বিক্রয় ৬০,০০০ টাকা।

" ২০ : পাওনাদারকে পরিশোধ ২০,০০০ টাকা।

" ২৫ : মালিক কর্তৃক নগদ উত্তোলন ৫,০০০ টাকা।

" ৩১ : চেকের মাধ্যমে ভাড়া প্রাপ্তি ১০,০০০ টাকা।

ক. ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহের মোট টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. ১২ − ৩১ তারিখের ঘটনাগুলো হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে তার কারণসহ ব্যাখ্যা কর। ৪

গ. ০১ − ১২ তারিখের ঘটনাগুলো দ্বারা হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখাও। ৪

[চ. বো. ২০২৫]

## ৪নং প্রশ্নের সমাধান

**ক** ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহের মোট টাকার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৩ | | | |
| জানুয়ারি-৬ | পণ্য বিক্রয়ের ফরমায়েশ পাওয়া গেল | ৫০,০০০ | |
| " ১২ | ম্যানেজার নিয়োগ করা হলো | ১০,০০০ | |
| | **মোট** | | ৬০,০০০ |

**উত্তর :** ব্যবসায়িক লেনদেন নয় এমন ঘটনাসমূহের মোট টাকার পরিমাণ ৬০,০০০ টাকা।

**খ** ঘটনাসমূহ হতে লেনদেন চিহ্নিত করে সমীকরণ পদ্ধতিতে ব্যাখ্যা করা হলো :

| তারিখ | লেনদেন কি-না | কারণসহ ব্যাখ্যা (সমীকরণ পদ্ধতিতে) |
|---|---|---|
| ২০২৩ জানুয়ারি-১৫ | লেনদেন | পণ্য বিক্রয়ের ফলে নগদ সম্পদ (A) বৃদ্ধি পেয়েছে এবং বিক্রয় আয় বৃদ্ধি পাওয়ার মালিকানা স্বত্ব (OE) বৃদ্ধি পেয়েছে। এক্ষেত্রে A = L + OE হিসাব সমীকরণে A ও OE উভয় উপাদানই বৃদ্ধি পেয়েছে। |
| ” ২০ | লেনদেন | পাওনাদারকে পরিশোধ করার ফলে সম্পদ (A) হ্রাস পেয়েছে। এবং দায় (L) হ্রাস পেয়েছে। এখানে A = L + OE হিসাব সমীকরণে A ও L উভয় উপাদান হ্রাস পেয়েছে। |
| ” ২৫ | লেনদেন | মালিক নগদে উত্তোলনের ফলে নগদ সম্পদ (A) হ্রাস পেয়েছে পাশাপাশি উত্তোলনের ফলে মালিকানা স্বত্ব (OE) হ্রাস পেয়েছে। এখানে A = L + OE হিসাব সমীকরণে A ও OE উভয় উপাদান হ্রাস পেয়েছে। |
| ” ৩১ | লেনদেন | ভাড়া প্রাপ্তির ফলে নগদ সম্পদ (A) বৃদ্ধি পেয়েছে এবং পাশাপাশি আয় বাড়ার ফলে মালিকানা স্বত্ব (OE) বৃদ্ধি পেয়েছে। এক্ষেত্রে A = L + OE হিসাব সমীকরণে A ও OE উভয় উপাদান বৃদ্ধি পেয়েছে। |

**গ**

**মিনহাজ ব্রাদার্স**

**২০২৩ সালের ০১–১২ জানুয়ারির ঘটনাগুলো দ্বারা হিসাব সমীকরণের ওপর প্রভাব দেখানো হলো :**

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | = | দায় (L) প্রদেয় হিসাব | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | ব্যাংক জমা | | | | | |
| ২০২৩ জুন.-১ | | ১,০০,০০০ | | = | | + | ১,০০,০০০ | মূলধন সরূপ আনায়ন |
| | উদ্বৃত্ত | ১,০০,০০০ | | = | | + | ১,০০,০০০ | ক্রয় ব্যয় |
| ” ০৫ | | | | = | ৪০,০০০ | | (৪০,০০০) | |
| | উদ্বৃত্ত | ১,০০,০০০ | | = | ৪০,০০০ | + | ৬০,০০০ | |
| ” ০৮ | | (২০,০০০) | ২০,০০০ | = | | | | |
| | উদ্বৃত্ত | ৮০,০০০ | ২০,০০০ | = | ৪০,০০০ | | ৬০,০০০ | |
| ” ১০ | | (৫,০০০) | | = | | | (৫,০০০) | বেতন ব্যয় |
| | উদ্বৃত্ত | ৭৫,০০০ | ২০,০০০ | = | ৪০,০০০ | + | ৫৫,০০০ | |
| | মোট | ৯৫,০০০ | | = | ৯৫,০০০ | | | |

**উত্তর :** হিসাব সমীরণের যোগফল ৯৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৫** 'আরহাম ম্যানুফ্যাকচারিং লিমিটেড' এর হিসাব বই থেকে ২০২২ সালের ৩১ ডিসেম্বর নিম্নোক্ত তথ্যাবলি সংগৃহীত হয়।

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| কাঁচামাল ক্রয় | ২,৪০,০০০ | অফিস খরচাবলি | ১৫,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ৬০,০০০ | বিদ্যুৎবিল | ৮,০০০ |
| কাঁচামাল ৩১-১২-২২ | ২০,০০০ | বিক্রয়কর্মীর বেতন | ৭,০০০ |
| কারখানা খরচ | ৫০,০০০ | যন্ত্রপাতির অবচয় | ৫,০০০ |
| বিক্রয় খরচ | ৫,০০০ | | |

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে ব্যবহৃত কাঁচামালের খরচ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্যের আলোকে উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪

গ. বিক্রয়মূল্য ৫,৫০,০০০ টাকা হলে আরহাম ম্যানুফ্যাকচারিং লিমিটেড এর নিট মুনাফা নির্ণয় কর। ৪

[চ. বো. ২০২৫]

**৫নং প্রশ্নের সমাধান**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ০৬** 'আয়াত এন্ড ব্রাদার্স' এর ব্যবসায় প্রতিষ্ঠানের মে, ২০২৩ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | |
|---|---|
| পণ্য ক্রয় | ২,১০,০০০ টাকা |
| শেয়ারে বিনিয়োগের লভ্যাংশ | ১৫,০০০ টাকা |
| কারখানা স্থানান্তর ব্যয় | ২৪,০০০ টাকা |
| শিক্ষানবিশ সেলামি | ১০,০০০ টাকা |
| বেতন ও মজুরি | ২৫,০০০ টাকা |
| প্রাপ্ত ভাড়া | ৫,০০০ টাকা |
| বিজ্ঞাপন (৪ বছরের) | ২০,০০০ টাকা |
| পণ্য বিক্রয় | ৩,৪০,০০০ টাকা |
| বিমা প্রিমিয়াম | ২,০০০ টাকা |

ক. আয়াত এন্ড ব্রাদার্সের বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় কত? ২

খ. উক্ত প্রতিষ্ঠানের মুনাফাজাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. উক্ত প্রতিষ্ঠানের মুনাফাজাতীয় আয়ের পরিমাণ নির্ণয় কর। ৪

[চ. বো. ২০২৫]

## ৬নং প্রশ্নের সমাধান

**ক** আয়াত এন্ড ব্রাদার্সের বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয় নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| কারখানা স্থানান্তর ব্যয় | ২৪,০০০ | |
| বিলম্বিত বিজ্ঞাপন | ১,৫০০ | |
| **মোট বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়** | | ৩৯,০০০ |

**উত্তর :** বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৩৯,০০০ টাকা।

**খ** মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুনাফা জাতীয় ব্যয় :** | | |
| পণ্য ক্রয় | ২,১০,০০০ | |
| বেতন ও মজুরি | ২৫,০০০ | |
| বিজ্ঞাপন খরচ (২০,০০০ ÷ ৫) | ৫,০০০ | |
| বিমা প্রিমিয়াম | ২,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় ব্যয়** | | ২,৪২,০০০ |

**উত্তর :** মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ২,৪২,০০০ টাকা।

**গ** মুনাফা জাতীয় আয়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুনাফা জাতীয় আয় :** | | |
| বিক্রয় | ৩,৪০,০০০ | |
| শেয়ার বিনিয়োগের লভ্যাংশ | ১৫,০০০ | |
| শিক্ষানবিস সেলামি | ১০,০০০ | |
| প্রাপ্ত ভাড়া | ৫,০০০ | |
| **মোট মুনাফা জাতীয় আয়** | | ৩,৭০,০০০ |

**উত্তর :** মোট মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ ৩,৭০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৭** মেসার্স জাবির এন্ড কোং এর ২০২৩ সালের ডিসেম্বর মাসের হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবর নাম | টাকা |
|---|---|---|---|
| মূলধন | ২,০০,০০০ | আসবাবপত্র | ৮০,০০০ |
| ক্রয় | ১,২০,০০০ | প্রদেয় বিল | ১৫,০০০ |
| বিক্রয় | ১,৮০,০০০ | বন্দকী ঋণ | ১,০০,০০০ |
| মজুদ পণ্য ১-০১-২০২৩ | ৪০,০০০ | দালানকোঠা | ২,০০,০০০ |
| হাতে নগদ ১-১-২০২৩ | ৫০,০০০ | ব্যাংক জমাতিরিক্ত | ২০,০০০ |
| বিক্রয় ফেরত | ৫,০০০ | মজুদ পণ্য ৩১-১২-২৩ | ৩০,০০০ |
| কুঋণ সঞ্চিতি | ১০,০০০ | হাতে নগদ ৩১-১২-২৩ | ৮০,০০০ |

ক. যে সকল দফা রেওয়ামিলে অন্তর্ভূক্ত হবে না তার টাকার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত তথ্য হতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মেসার্স জাবির এন্ড কোং এর রেওয়ামিল প্রস্তুত কর। ৪

[চ. বো. ২০২৫]

## ৭নং প্রশ্নের সমাধান

**ক** যে সকল দফা রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না তার টাকার পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| হাতে নগদ (০১-০১-২০২৩) | ৫০,০০০ | |
| মজুদ পণ্য (৩১-১২-২০২৩) | ৩০,০০০ | |
| মোট | | ৮০,০০০ |

**উত্তর :** রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে তার পরিমাণ ৮০,০০০ টাকা।

**খ** মোট সম্পদের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| আসবাবপত্র | ৮০,০০০ | |
| দালানকোঠা | ২,০০,০০০ | |
| মজুদ পণ্য (৩১-১২-২০২৩) | ৩০,০০০ | |
| হাতে নগদ (৩১-১২-২০২০) | ৮০,০০০ | |
| মোট সম্পদ | | ৩,৯০,০০০ |

**উত্তর :** মোট সম্পদের পরিমাণ ৩,৯০,০০০ টাকা।

**গ**

### মেসাস জাবির এন্ড কোং
### রেওয়ামিল
### ৩১ ডিসেম্বর ২০২৩

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|
| ১ | মূলধন | | ২,০০,০০০ |
| ২ | ক্রয় | ১,২০,০০০ | |
| ৩ | বিক্রয় | | ১,৮০,০০০ |
| ৪ | মজুদ পণ্য | ৪০,০০০ | |
| ৫ | বিক্রয় ফেরত | ৫,০০০ | |
| ৬ | কু-ঋণ সঞ্চিতি | – | ১০,০০০ |
| ৭ | আসবাবপত্র | ৮০,০০০ | |
| ৮ | প্রদেয় বিল | | ১৫,০০০ |
| ৯ | বন্ধকী ঋণ | | ১,০০,০০০ |
| ১০ | দালানকোঠা | ২,০০,০০০ | |
| ১১ | ব্যাংক জমাতিরিক্ত | – | ২০,০০০ |
| ১২ | হাতেহ নগদ | ৮০,০০০ | |
| | মোট | ৫,২৫,০০০ | ৫,২৫,০০০ |

**প্রশ্ন ▶ ০৮** দিঘি ট্রেডার্সের ২০২২ সালের মার্চ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

মার্চ ১ : পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা।
" ৪ : মাহাবুবের নিকট থেকে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ১০ : মালিক কর্তৃক পণ্য উত্তোলন ৫,০০০ টাকা।
" ১৫ : পাওনাদারকে পরিশোধ ১০,০০০ টাকা।
" ২০ : কর্মচারীর বেতন মালিক ব্যক্তিগত তহবিল হতে পরিশোধ করলেন ৭,০০০ টাকা।
" ৩১ : ব্যাংক চার্জ ধার্য করল ১,০০০ টাকা।

ক. 'T' ছকে পাওনাদার হিসাব তৈরি কর। ২
খ. চলমান জের ছকে নগদান হিসাব ও ক্রয় হিসাব প্রস্তুত কর। ৪
গ. ১০–৩১ তারিখের লেনদেনগুলো সাধারণ জাবেদায় লিপিবদ্ধ কর। ৪

[চ. বো. ২০২৫]

**৮নং প্রশ্নের সমাধান**

**ক**

**দিঘি ট্রেডার্স**

**খতিয়ান (T-ছক)**

ডেবিট **পাওনাদার হিসাব** ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | ২০২২ | | | |
| মার্চ–১৫ | নগদান হিসাব | | ১০,০০০ | মার্চ–৪ | ক্রয় হিসাব | | ৩০,০০০ |
| " ৩১ | ব্যালেন্স C/D | | ২০,০০০ | | | | |
| | | | ৩০,০০০ | | | | ৩০,০০০ |
| | | | | এপ্রিল–১ | ব্যালেন্স B/D | | ২০,০০০ |

**খ**

**দিঘি ট্রেডার্স**

**খতিয়ান (চলমান জের ছক)**

**নগদান হিসাব** হিসাবের কোড নং–

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ | | | | | | |
| মার্চ–১ | বিক্রয় হিসাব | | ৫০,০০০ | | ৫০,০০০ | |
| " ১৫ | পাওনাদার হিসাব | | | ১০,০০০ | ৪০,০০০ | |
| " ২০ | উত্তোলন হিসাব | | | ৭,০০০ | ৩৩,০০০ | |

**ক্রয় হিসাব** হিসাবের কোড নং–

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২২ | | | | | | |
| মার্চ–৪ | মাহাবুব হিসাব (পাওনাদার) | | ৩০,০০০ | | ৩০,০০০ | |
| " ১০ | উত্তোলন হিসাব | | | ৫,০০০ | ২৫,০০০ | |

**গ**

## দিঘি ট্রেডার্স
### সাধারণ জাবেদা

| তারিখ | বিবরণ | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | | | | | |
| মার্চ–৯ | উত্তোলন হিসাব | ডেবিট | | ৫,০০০ | |
| | ক্রয় হিসাব | ক্রেডিট | | | ৫,০০০ |
| | [মালিক কর্তৃক পণ্য উত্তোলন করা হলো] | | | | |
| " ১৫ | পাওনাদার হিসাব | ডেবিট | | ১০,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ১০,০০০ |
| | [নগদে পাওনাদারকে পরিশোধ করা হলো] | | | | |
| " ২০ | উত্তোলন হিসাব | ডেবিট | | ৭,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৭,০০০ |
| " ৩১ | ব্যাংক চার্জ হিসাব | ডেবিট | | ১,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ১,০০০ |
| | [ব্যাংক চার্জ ধার্য করা হলো] | | | | |
| | মোট = | | | ১৮,০০০ | ১৮,০০০ |

**প্রশ্ন ▶ ০৯** জনাব সাজিদ হাসানের ০১-০১-২০২২ তারিখে সম্পদ ও দায়ের উদ্বৃত্তগুলো নিম্নরূপ : বাড়িঘর ২৫,০০,০০০ টাকা, আসবাবপত্র ২,০০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৩,০০,০০০ টাকা। উক্ত বছরে তাঁর পারিবারিক প্রাপ্তি ও প্রদান হিসাব হল :

| প্রাপ্তিসমূহ | টাকা | প্রদানসমূহ | টাকা |
|---|---|---|---|
| বেতন | ৭,২০,০০০ | খাদ্যসামগ্রী ক্রয় | ২,৫০,০০০ |
| বাড়িভাড়া | ৮০,০০০ | শিক্ষা ও চিকিৎসা ব্যয় | ৮০,০০০ |
| | | গ্যাস, পানি ও বিদ্যুৎ বিল | ৩৫,০০০ |
| | | কম্পিউটার ক্রয় | ৫০,০০০ |
| | | ভি.পি. এস জমা | ১,২০,০০০ |
| | | বিবিধ খরচ | ৩৮,০০০ |
| | | হাতে নগদ ৩১-১২-২২ | ২,২৭,০০০ |
| | ৮,০০,০০০ | | ৮,০০,০০০ |

**অন্যান্য তথ্য :**

(১) গ্যাস বিল বকেয়া ২,০০০ টাকা।
(২) বাড়িভাড়া বকেয়া ৫,০০০ টাকা।

ক. জনাব সাজিদ হাসানের পরিবারিক তহবিলের পরিমাণ নির্ণয় কর। ২
খ. জনাব সাজিদ হাসানের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর। ৪
গ. জনাব সাজিদ হাসানের পরিবারের আর্থিক অবস্থায় বিবরণী প্রস্তুত কর। ৪

[চ. বো. ২০২৫]

**৯নং প্রশ্নের সমাধান**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ১০** তাসিন এন্ড ব্রাদার্সের নিম্নোক্ত লেনদেনসমূহ ২০২৩ সালের জুন মাসে সংঘটিত হয়েছে।

জুন ১ : নগদ উদ্বৃত্ত ও ব্যাংক উদ্বৃত্ত যথাক্রমে ৮০,০০০ টাকা ও ৩৫,০০০ টাকা।
" ৫ : চেকের মাধ্যমে অরিত্র ট্রেডার্সের নিকট থেকে পণ্য ক্রয় ৩০,০০০ টাকা।
" ৭ : পণ্য বিক্রয় ৪০,০০০ টাকা।
" ১০ : সায়মার নিকট থেকে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ১১ : ব্যাংকে জমা দেওয়া হল ২০,০০০ টাকা।
" ১২ : ঋণ গ্রহণ ৫০,০০০ টাকা।
" ১৪ : জায়েদের নিকট পণ্য বিক্রয় ১০,০০০ টাকা।
" ২০ : দেনাদারের নিকট থেকে ১০,০০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ৯,৫০০ টাকা প্রাপ্তি।

ক. যে সকল লেনদেন নগদান বইয়ে অন্তর্ভুক্ত হবে না সেগুলোর মোট পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে তাসিন এন্ড ব্রাদার্সের নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪
গ. ১ – ১১ তারিখের লেনদেনের ভিত্তিতে তাসিন এন্ড ব্রাদার্সের দুইঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

[চ. বো. ২০২৫]

**১০নং প্রশ্নের সমাধান**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▸ ১১** বাগেরহাটের 'মাহির ট্রেডার্স' এর ২০২২ সালের মে মাসের সংঘটিত কতিপয় লেনদেন নিম্নরূপ :

মে ১ : নগদ ১,৫০,০০০ টাকা এবং ২০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করা হল।
" ৫ : ঋণ গ্রহণ ১,০০,০০০ টাকা।
" ১০ : বুহা ট্রেডার্সের নিকট থেকে অফিসের জন্য নগদে ৪০,০০০ টাকা দরে ১টি কম্পিউটার ক্রয়।
" ১৫ : খুলনার লিখন ট্রেডার্সের নিকট প্রতিটি ১,০০০ টাকা দরে ৫০টি ক্যালকুলেটর বিক্রয়।
" ২০ : মনিহারি দ্রব্যাদি ক্রয় ২,০০০ টাকা।

ক. মাহির ট্রেডার্সের প্রারম্ভিক মূলধন নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত ১৫ তারিখের লেনদেন অবলম্বনে একটি চালান তৈরি করো যেখানে কারবারি বাট্টা ৫% এবং বিক্রয় শর্ত ২/১২ নিট ৩০ এবং চালান নং ৪৬। ৪
গ. উপযুক্ত মে ০৫ থেকে মে ১০ তারিখে লেনদেনগুলোর সাথে জড়িত হিসাবের শ্রেণিবিভাগ দেখাও। ৪

[চ. বো. ২০২৫]

**১১নং প্রশ্নের সমাধান**

**ক** মাহির ট্রেডার্সের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক মোট সম্পদ – প্রারম্ভিক মোট দায়
= (নগদ + আসবাবপত্র) – ০
= (১,৫০,০০০ + ২০,০০০) – ০
= ১,৭০,০০০ টাকা

**উত্তর :** প্রারম্ভিক মূলধন ১,৭০,০০০ টাকা।

**খ** মে–১৫ তারিখের অবলম্বনে একটি চালান প্রস্তুত করা হলো :

**মাহির ট্রেডার্স**
**বাগেরহাট**
**চালান**

চালান নং : ৪৬ — তারিখ : ১৫ মে ২০২২
ক্রেতার নাম : লিখন ট্রেডার্স
ঠিকানা : খুলনা

| ক্রমিক নং | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১. | ক্যালকুলেটর | ১,০০০ | ৫০টি | ৫০,০০০ |
| | বাদ : কারবারি বাট্টা (৫%) | | | (২,৫০০) |
| | | | | ৪৭,৫০০ |

**টাকা (কথায়) :** সাতচল্লিশ হাজার পাঁচশত টাকা মাত্র।

বিক্রয় শর্ত : ২/১২, নিট ৩০
**বি.দ্র. :** ভুলত্রুটি সংশোধনযোগ্য। — বিক্রেতার স্বাক্ষর

**গ** মে–৫ থেকে মে–১০ তারিখের লেনদেনগুলোর সাথে জড়িত হিসাবের শ্রেণি বিভাগ :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | হিসাবের শ্রেণি |
|---|---|---|
| ২০২২ | | |
| মে–৫ | নগদান হিসাব | সম্পদ |
| | ঋণ হিসাব | দায় |
| " ১০ | অফিস সরঞ্জাম হিসাব | সম্পদ |
| | নগদান হিসাব | সম্পদ |

# বরিশাল বোর্ড-২০২৫

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড 1 4 6

**সময় : ৩০ মিনিট** [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] **পূর্ণমান : ৩০**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

**১. নিচের কোনটির মাধ্যমে প্রতিষ্ঠানের কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করা সম্ভব?**
ⓚ মালিকানা স্বত্ব বৃদ্ধি ⓚ ব্যয় নিয়ন্ত্রণ
ⓖ সম্পদ বৃদ্ধি ⓖ আর্থিক ফলাফল প্রকাশ

**২. কেন হিসাব রাখার প্রয়োজনীয়তা অপরিসীম?**
ⓚ আর্থিক স্বচ্ছলতা বৃদ্ধির জন্য ⓚ দ্রুত সিদ্ধান্ত গ্রহণের জন্য
ⓖ মিতব্যয়ী জীবন গঠনের জন্য ⓖ অপচয় কম করার জন্য

**৩. মিতু ট্রেডার্সের অভ্যন্তরীণ লেনদেন নিচের কোনটি?**
ⓚ বাদলের নিকট পণ্য বিক্রয় ১০,০০০ টাকা
ⓚ সোহানের নিকট থেকে পণ্য ক্রয় ৫,০০০ টাকা
ⓖ দোকান ভাড়া পরিশোধ ৬,০০০ টাকা
ⓖ স্থায়ী সম্পদের অবচয় ধরা হলো ৮,০০০ টাকা

**৪. ঐতিহাসিক ঘটনা সম্পর্কীয় লেনদেন কোনটি?**
ⓚ অনাদায়ী পাওনা সঞ্চিতি ⓚ সাধারণ সঞ্চিতি
ⓖ বিনিয়োগের সুদ প্রাপ্তি ⓖ ঋণের সুদ প্রদান

**৫. মোহনা ট্রেডার্স তার কর্মচারী শিহাবকে ১০,০০০ টাকা বেতন প্রদান করে। লেনদেনটি মোহনা ট্রেডার্স কোন দলিলে লিপিবদ্ধ করবে?**
ⓚ ক্রেডিট ভাউচার ⓚ ডেবিট ভাউচার
ⓖ ডেবিট নোট ⓖ ক্রেডিট নোট

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :**
মিনু খাতুন ক্ষুদ্র ব্যবসায়ী। ০১-০১-২০২৪ তারিখে তার প্রারম্ভিক মূলধন ছিল ১,০৫,০০০ টাকা, ৩১-১২-২০২৪ তারিখে তার মোট সম্পদ ও মোট দায় ছিল যথাক্রমে ১,৪০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা। বছরে সে মোট ৩০,০০০ টাকা উত্তোলন করেন।

**৬. মিনু খাতুনের সমাপনি মূলধনের পরিমাণ কত টাকা?**
ⓚ ৫০,০০০ টাকা ⓚ ৯০,০০০ টাকা
ⓖ ১,৪০,০০০ টাকা ⓖ ১,৯০,০০০ টাকা

**৭. মিনু খাতুনের ব্যবসায়ে মুনাফার পরিমাণ কত?**
ⓚ ৮০,০০০ টাকা ⓚ ৫০,০০০ টাকা
ⓖ ৩০,০০০ টাকা ⓖ ১৫,০০০ টাকা

**৮. হিসাবচক্রের কোন ধাপে হিসাব খাতগুলোর ডেবিট-ক্রেডিট তারিখের ক্রমানুসারে লিপিবদ্ধ করা হয়?**
ⓚ লেনদেন শনাক্তকরণ ⓚ লেনদেন বিশ্লেষণ
ⓖ জাবেদাভুক্তকরণ ⓖ খতিয়ানে স্থানান্তরকরণ

**৯. মূলধন জাতীয় ব্যয়ের মাধ্যমে কোনটি অর্জিত হয়?**
ⓚ মালিকানা স্বত্ব ⓚ মুনাফা
ⓖ সম্পদ ⓖ মূলধন জাতীয় প্রাপ্তি

**১০. একটি ব্যবসায়ের চালিকা শক্তি নিচের কোনটি?**
ⓚ নগদ অর্থ ⓚ নিট মুনাফা
ⓖ সঞ্চিতি তহবিল ⓖ ব্যাংক জমা

**১১. নগদ প্রদান জাবেদায় লিপিবদ্ধ হয়–**
i. ব্যাংক সুদ মঞ্জুর ii. ব্যাংক চার্জ iii. ব্যাংক জমাতিরিক্তের সুদ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১২. যায়েদের নিকট থেকে ১০,৫০০ টাকা পাওনার পূর্ণ নিষ্পত্তিতে ১০,২৫০ টাকা প্রাপ্তি। লেনদেনটি তিনঘরা নগদান বইয়ে দেখাতে হবে–**
i. ডেবিট দিকে নগদের ঘরে ১০,২৫০ টাকা
ii. ক্রেডিট দিকে নগদের ঘরে ১০,২৫০ টাকা
iii. ডেবিট দিকে প্রদত্ত বাট্টা ২৫০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৩. নিচের কোনটি রেওয়ামিলে ডেবিট দিকে বসে?**
ⓚ কু-ঋণ সঞ্চিতি ⓚ ব্যাংক জমাতিরিক্ত ঋণ
ⓖ প্রদত্ত ঋণ ⓖ দেনাদার বাট্টাস সঞ্চিতি

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :**
শোভা ট্রেডার্স পণ্য ক্রয় ৩০,০০০ টাকার স্থলে ৩৫,০০০ টাকা ডেবিট দিকে এবং পণ্য বিক্রয় ৮০,০০০ টাকার স্থলে ৭৫,০০০ টাকা ক্রেডিট দিকে লিপিবদ্ধ করে।

**১৪. উদ্দীপকে রেওয়ামিলের ভুলটি–**
i. করণিক ভুল ii. পরিপূরক ভুল iii. লেখার ভুল
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৫. রেওয়ামিলের অনিশ্চিত হিসাবের পরিমাণ কত টাকা?**
ⓚ ৩৫,০০০ ⓚ ৩০,০০০ ⓖ ২০,০০০ ⓖ ১০,০০০

**১৬. অফিসে ব্যবহারের জন্য 'ঘড়ি' ক্রয় করলে কোন হিসাবে লিখতে হয়?**
ⓚ আসবাবপত্র হিসাব ⓚ মনিহারি হিসাব
ⓖ অফিস সরঞ্জাম হিসাব ⓖ অফিস সাপ্লাইজ হিসাব

**১৭. নিচের কোনটি বিশেষ জাবেদা?**
ⓚ সমন্বয় জাবেদা ⓚ সমাপনী জাবেদা
ⓖ নগদ প্রদান জাবেদা ⓖ প্রারম্ভিক জাবেদা

**১৮. নিচের কোনটিকে সকল বইয়ের রাজা বলা হয়?**
ⓚ জাবেদা ⓚ খতিয়ান ⓖ নগদান বই ⓖ রেওয়ামিল

**১৯. নিচের কোনটি মূলধন জাতীয় প্রাপ্তি?**
ⓚ পণ্য বিক্রয় ⓚ ব্যাংকে বিনিয়োগের সুদ
ⓖ পুরোনো কম্পিউটার বিক্রয় ⓖ শেয়ারে বিনিয়োগের লভ্যাংশ

**২০. আসমা এন্টারপ্রাইজের ২০২৪ সালের শেয়ারে বিনিয়োগ থেকে প্রাপ্তি ৫০,০০০ টাকা যার মধ্যে ১০,০০০ টাকা ২০২৩ সালের। এ ক্ষেত্রে মুনাফা জাতীয় আয় কত টাকা?**
ⓚ ৬০,০০০ টাকা ⓚ ৫০,০০০ টাকা ⓖ ৪০,০০০ টাকা ⓖ ১০,০০০ টাকা

**২১. অফিসের জন্য ল্যাপটপ ক্রয় ৬০,০০০ টাকা। লেনদেনটিতে কোন কোন হিসাবটি প্রভাবিত হয়েছে?**
ⓚ সম্পদ বৃদ্ধি এবং সম্পদ হ্রাস ⓚ ব্যয় বৃদ্ধি এবং ব্যয় হ্রাস
ⓖ ব্যয় বৃদ্ধি এবং আয় হ্রাস ⓖ সম্পদ হ্রাস এবং মালিকানা স্বত্ব হ্রাস

**২২. নিচের কোনটি ক্রয়ের জন্য অফিস সরঞ্জাম হিসাব ডেবিট হবে?**
ⓚ ক্যালকুলেটর মেশিন ⓚ ফটোকপি মেশিন
ⓖ পেপার ওয়েট ⓖ স্ট্যাপলার পিন

**২৩. অরাভ ব্রাদার্সের নিকট হতে পণ্য বিক্রয় বাবদ চেক প্রাপ্তি ২০,০০০ টাকা। এর সঠিক জাবেদা নিচের কোনটি?**
ⓚ ব্যাংক হিসাব ডেবিট ২০,০০০ টাক
বিক্রয় হিসাব ক্রেডিট ২০,০০০ টাকা
ⓚ ব্যাংক হিসাব ডেবিট ২০,০০০ টাকা
দেনাদার হিসাব ক্রেডিট ২০,০০০ টাকা
ⓖ ব্যাংক হিসাব ডেবিট ২০,০০০ টাকা
নগদান হিসাব ক্রেডিট ২০,০০০ টাকা
ⓖ নগদান হিসাব ডেবিট ২০,০০০ টাকা
বিক্রয় হিসাব ক্রেডিট ২০,০০০ টাকা

**২৪. দীর্ঘমেয়াদি দায় কোনটি?**
ⓚ প্রদেয় হিসাব ⓚ প্রদেয় বিল
ⓖ ব্যাংক জমাতিরিক্ত ⓖ ঋণপত্র

**২৫. নিচের কোনটি বিক্রয় উপরিব্যয়?**
ⓚ শো-রুম ভাড়া ⓚ টেলিফোন বিল
ⓖ জ্বালানী খরচ ⓖ আইন খরচ

**২৬. পারিবারিক তহবিল আর্থিক অবস্থার বিবরণীতে কী হিসাবে দেখানো হয়?**
ⓚ দায় ⓚ আয় ⓖ ব্যয় ⓖ সম্পদ

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও :**

ব্যাংক হিসাব হিসাবের কোড নং

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
| ২০২৪ জানু. ১ | ব্যালেন্স বি/ডি | | | | ২০,০০০ | |
| " ১০ | ক্রয় হিসাব | | | ১০,০০০ | | |
| " ১৫ | বিক্রয় হিসাব | | ১২,০০০ | | | |
| " ২০ | দেনাদার হিসাব | | ৫,০০০ | | | |

**২৭. ব্যাংক হিসাবটির সমাপণী উদ্বৃত্ত কত টাকা?**
ⓚ ৩৭,০০০ টাকা ⓚ ৩২,০০০ টাকা
ⓖ ৩০,০০০ টাকা ⓖ ২৭,০০০ টাকা

**২৮. হিসাবটি থেকে জানুয়ারি মাসে প্রকাশ পায়–**
i. ব্যাংক হিসাবে মোট প্রাপ্তি ১৭,০০০ টাকা
ii. ব্যাংক হিসাবের মোট প্রদান ১০,০০০ টাকা
iii. সমাপনি ব্যাংক তহবিল ২০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**২৯. প্রত্যক্ষ কাঁচামালের উদাহরণ হলো–**
i. টেবিল তৈরিতে কাঠের ব্যয় ২৫,০০০ টাকা
ii. ব্যাগ প্রস্তুতের জন্য পাটের ব্যয় ১০,০০০ টাকা
iii. শার্ট তৈরিতে কাপড়ের ব্যয় ২০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**৩০. একজন গায়কের পরিবারের মুনাফা জাতীয় ব্যয় নিচের কোনটি?**
ⓚ আয়কর ⓚ গিটার ক্রয় ⓖ সাইকেল ক্রয় ⓖ মঞ্চ নির্মাণ খরচ

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# বরিশাল বোর্ড-২০২৫

## হিসাববিজ্ঞান (সৃজনশীল)

**বিষয় কোড :** | 1 | 4 | 6 |

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট** **পূর্ণমান : ৭০**

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দুটি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১। শালদা ট্রেডার্সের ২০২৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ :

**শালদা ট্রেডার্স**
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০২৩

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| ক্রয় ও বিক্রয় | ৮৫,০০০ | ২,০০,০০০ |
| ফেরত | ৫,০০০ | ৩,০০০ |
| বেতন | ৮,০০০ | |
| মনিহারি | ২,০০০ | |
| ডাক খরচ | ১,৫০০ | |
| মজুরি | ১০,০০০ | |
| শিক্ষানবিশ সেলামি | | ৪,০০০ |
| সুনাম | ৩০,০০০ | |
| ইজারা সম্পত্তি (১০ বছর) | ৮০,০০০ | |
| ১০% বিনিয়োগ | ১৫,০০০ | |
| বিজ্ঞাপন | ১০,০০০ | |
| বিনিয়োগের সুদ | | ১,২০০ |
| দেনাদার ও পাওনাদার | ২৯,৫০০ | ৩১,৮০০ |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৫০,০০০ | |
| উত্তোলন ও মূলধন | ২৪,০০০ | ১,১০,০০০ |
| | ৩,৫০,০০০ | ৩,৫০,০০০ |

**সমন্বয়সমূহ :**
(i) সমাপনী মজুদ পণ্যের মূল্য ৩৯,০০০ টাকা।
(ii) শিক্ষানবিশ সেলামি ৪ বছরের জন্য।
(iii) ইজারা সম্পত্তির প্রয়োজনীয় অংশ অবলোপন কর।
(iv) কু-ঋণ হিসাবে ১,৫০০ টাকা অবলোপন করতে হবে।

(ক) নিট স্থায়ী সম্পদের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্য হতে মোট লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪
(গ) মোট লাভ ৫৫,৫০০ টাকা ধরে নিট লাভ/ক্ষতি নির্ণয় কর। ৪

২। তিতাস এন্টারপ্রাইজ ২০২২ সালে পাইকারি ব্যবসায় করে ১৪,৬২৫ টাকা নিট লাভ করে। ৩১ ডিসেম্বর তারিখে উক্ত প্রতিষ্ঠানের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিম্নরূপ :

তিতাস এন্টারপ্রাইজ
রেওয়ামিল
৩১শে ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|
| মূলধন | | ৭০,০০০ |
| ক্রয় ও বিক্রয় | ৫৬,০০০ | ১,৩০,০০০ |
| মজুরি | ১৫,০০০ | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৪০,০০০ | |
| আসবাবপত্র | ৮৫,০০০ | |
| বিমা প্রিমিয়াম | ৭,৫০০ | |
| অনাদায়ি দেনা ও অনাদায়ি দেনা সঞ্চিতি | ২,০০০ | ১,৫০০ |
| হাতে নগদ | ২৭,০০০ | |
| ক্রয় বাট্টা | | ৪,০০০ |
| ৫% ঋণ | | ১৫,০০০ |
| দেনাদার ও পাওনাদার | ৪০,০০০ | ৫০,০০০ |
| ফেরত | ১,৫০০ | ৩,৫০০ |
| | ২,৭৪,০০ | ২,৭৪,০০ |

**অন্যান্য তথ্য :**
(i) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ১২,০০০ টাকা এবং বাজার মূল্য ১০,০০০ টাকা।
(ii) মজুরি বকেয়া ৫,০০০ টাকা।
(iii) স্থায়ী সম্পদের উপর ১০% অবচয় ধরতে হবে।
(iv) অগ্রিম বিমা প্রিমিয়াম ১,৮৭৫ টাকা।

(ক) নিট ক্রয়ের পরিমাণ নিণয় কর। ২
(খ) তিতাস এন্টারপ্রাইজের আর্থিক অবস্থার বিবরণী তৈরি কর। ৪
(গ) নিট মুনাফার হার ও চলতি অনুপাত নির্ণয় কর। ৪

### খ বিভাগ

৩। ২০২৪ সালের জানুয়ারি মাসে পপি ট্রেডার্সের ব্যবসায়ে নিম্নোক্ত ঘটনাগুলো সংঘটিত হয় :

জানুয়ারি ১ : ব্যবসায় অতিরিক্ত মূলধন আনয়ন ১,০০,০০০ টাকা।
" ১২ : ২০,০০০ টাকার পণ্য বিক্রয়ের ফরমায়েশ পাওয়া গেল।
" ১৫ : দোকানের জন্য কম্পিউটার ক্রয় ৬৫,০০০ টাকা।
" ২০ : ধারে পণ্য ক্রয় ২০,০০০ টাকা।
" ২৫ : মাসিক ২০,০০০ টাকা বেতনে একজন ম্যানেজার নিয়োগ দেওয়া হলো।
" ৩০ : পুরাতন আসবাবপত্র বিক্রয় ৫০,০০০ টাকা।

(ক) লেনদেন নয় এমন ঘটনাসমূহের মোট পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেনগুলো সমীকরণ পদ্ধতিতে কারণসহ ব্যাখ্যা কর। ৪
(গ) উপর্যুক্ত লেনদেনগুলো দ্বারা প্রমাণ কর যে, A = L + OE. ৪

৪। জনাব আরিফ তার ব্যবসায় প্রতিষ্ঠানের যথাযথ পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন না। ২০২১ সালের ১লা জানুয়ারি তারিখে তার ব্যবসায়ের সম্পদ ও দায়সমসূহ ছিল নিম্নরূপ :
নগদ ৭০,০০০ টাকা, পাওনাদার ৫০,০০০ টাকা, মজুদ পণ্য ৮০,০০০ টাকা, ঋণ ২০,০০০ টাকা, যন্ত্রপাতি ১,০০,০০০ টাকা। তিনি বছরের মাঝামাঝি সময়ে ৬৫,০০০ টাকা বিনিয়োগ করেন এবং প্রতিমাসে নগদ ৮,০০০ টাকা উত্তোলন করেন। এছাড়া কারবার হতে তিনি মোট ৪৪,০০০ টাকার পণ্য উত্তোলন করেন।
২০২১ সালের ৩১শে ডিসেম্বর তারিখে তার ব্যবসায় সম্পদ ও দায়সমূহ নিম্নরূপ :
নগদ ৫৫,০০০ টাকা, পাওনাদার ৪০,০০০ টাকা, মজুদ পণ্য ৬০,০০০ টাকা, ঋণ ১৫,০০০ টাকা, যন্ত্রপাতি ৭০,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ৩৫,০০০ টাকা, দেনাদার ৪০,০০০ টাকা, প্রদেয় বিল ১৫,০০০ টাকা, অগ্রিম খরচ ৫,০০০ টাকা।

(ক) জনাব আরিফের ব্যবসায়ের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) বছর শেষে সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) ব্যবসায়ের লাভ বা ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৫। তরী এন্টারপ্রাইজের মার্চ ২০২২ সালের কতিপয় লেনদেন নিম্নরূপ :

মার্চ ১ : পুরাতন যন্ত্রপাতি বিক্রয় ৭৫,০০০ টাকা।
" ৮ : বিনিয়োগের সুদ ২৫,০০০ টাকা পাওয়া গেল।
" ১২ : নতুন পণ্যের গবেষণা ব্যয় ৪৫,০০০ টাকা।
" ১৫ : দালানকোঠা নির্মাণ ৩,০০,০০০ টাকা।
" ১৮ : বিজ্ঞাপন ২০,০০০ টাকা (৫ বছরের)।
**উত্তর :** হিসাব সমীকরণের যোগফল ১,৫০,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ৪** আয়েশা এন্টারপ্রাইজ ২০২৪ সালের জানুয়ারি ১ তারিখে নগদ ৫০,০০০ টাকা, আসবাবপত্র ১,৫০,০০০ টাকা ও ৫০,০০০ টাকা ব্যাংক ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করে। উক্ত মাসে ব্যবসায়ের অন্যান্য লেনদেনসমূহ নিম্নরূপ :

জানু. ৪ পণ্য ক্রয় ৭০,০০০ টাকা।
" ৮ ধারে ৮৫,০০০ টাকার পণ্য বিক্রয়ের ফরমায়েশ পাওয়া গেল।
" ১২ ধারে পণ্য বিক্রয় ৫০,০০০ টাকা।
" ১৫ মাসিক ১৫,৫০০ টাকা বেতনে একজন কর্মচারি নিয়োগ করা হলো।
" ২০ ভাড়া প্রদান ২৫,০০০ টাকা।
" ২৫ এস. কে. লিমিটেড থেকে কমিশন প্রাপ্তি ১৫,০০০ টাকা। ভাউচার নং ২৪৫।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে লেনদেন নয় এমন ঘটনাসমূহের মোট টাকার পরিমাণ নির্ণয় করো। ২
খ. আয়েশা এন্টারপ্রাইজের (১–২০) তারিখের লেনদেনের হিসাবসমূহের শ্রেণিবিন্যাস করো। ৪
গ. উপর্যুক্ত তথ্য হতে জানুয়ারি ২৫ তারিখের লেনদেন দ্বারা উপযুক্ত ভাউচার প্রস্তুত করো। ৪

[সি. বো. ২০২৫]

**৪নং প্রশ্নের উত্তর**

**ক** লেনদেন নয় এমন ঘটনাসমূহের মোট টাকার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | খ.পৃ. | টাকা | টাকা |
|---|---|---|---|---|
| ২০২৪ | | | | |
| জানু - ৮ | পণ্য বিক্রয়ের ফরমায়েশ পাওনা গেলো | | ৮৫,০০০ | |
| " ১৫ | একজন কর্মচারি নিয়োগ করা হলো | | ১৫,০০০ | |
| | মোট | | | ১,০০,০০০ |

**উত্তর :** লেনদেন নয় এমন ঘটনাসমূহের মোট পরিমাণ ১,০০,০০০ টাকা।

**খ** আয়েশা এন্টারপ্রাইজের (১-২০) তারিখের লেনদেনের হিসাবসমূহের শ্রেণিবিন্যাস নির্ণয় :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | হিসাবের শ্রেণি |
|---|---|---|
| ২০২৪<br>জানু. - ১ | নগদান হিসাব<br>আসবাবপত্র হিসাব<br>ব্যাংক ঋণ হিসাব<br>মূলধন হিসাব | সম্পদ<br>সম্পদ<br>দায়<br>মালিকানা স্বত্ব |
| " ৪ | ক্রয় হিসাব<br>নগদান হিসাব | ব্যয়<br>সম্পদ |
| " ১২ | দেনাদার হিসাব<br>বিক্রয় হিসাব | সম্পদ<br>আয় |
| " ২০ | ভাড়া হিসাব<br>নগদান হিসাব | ব্যয়<br>সম্পদ |

**গ** জানুয়ারি ২৫ তারিখের অবিলম্বে একটি ক্রেডিট ভাউচার প্রস্তুত করা হলো :

**আয়েশা এন্টারপ্রাইজ**

ক্রেডিট ভাউচার নং-২৪৫ **ঠিকানা : ................................**

হিসাব খাতের নাম : কমিশন প্রাপ্তি তারিখ : ২৫ জানুয়ারি ২০২৪

গ্রহণকারীর নাম : এস. কে লিমিটেড

ঠিকানা :.............................

| ক্রমিক নং | আয়ের বিবরণ | টাকা |
|---|---|---|
| ১ | এস. কে লিমিটেড থেকে কমিশন প্রাপ্তি | ১৫,০০০ |
| | | ১৫,০০০ |

**টাকা (কথায়) :** পনেরো হাজার টাকা মাত্র।

**ক্যাশিয়ারের স্বাক্ষর** **হিসাবরক্ষকের স্বাক্ষর** **ব্যবস্থাপকের স্বাক্ষর** **গ্রহীতার স্বাক্ষর**

**উত্তর :** ক্রেডিট ভাউচারে টাকার পরিমাণ ১৫,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৫** ২০২৪ সালের জুন মাসে জামান এন্ড সন্সের নিম্নোক্ত লেনদেনগুলো সংঘটিত হয় :

জুন ৩ নগদ ২,৫০,০০০ টাকা ও ৫০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে ব্যবসায় শুরু করা হলো।
" ৮ পণ্য বিক্রয় ২,০০,০০০ টাকা যার মধ্যে ৫০% ধারে।
" ১৫ পণ্য ক্রয় ১,২০,০০০ টাকা যার ৪০% নগদে।
" ১৮ বিনিয়োগের সুদ প্রাপ্তি ২৫,০০০ টাকা, যার মধ্যে ১৫,০০০ টাকা বিগত বছরের।
" ২০ ভাড়া প্রদান ২৫,০০০ টাকা, যার মধ্যে ৫,০০০ টাকা পরবর্তী বছরের।
" ২৫ ব্যাংক হতে ঋণ গ্রহণ ১,০০,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্য অবলম্বনে প্রতিষ্ঠানটির মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ২
খ. 'জামান এন্ড সন্সের' ২০২৪ সালের মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের আলোকে মুনাফা জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় প্রদানের পরিমাণ নির্ণয় করো। ৪

[সি. বো. ২০২৫]

**৫নং প্রশ্নের উত্তর**

**ক** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৪ | | | |
| জুন - ৩ | ব্যবসায়ে মূলধন বিনিয়োগ (২,৫০,০০০ + ৫০,০০০) | ৩,০০,০০০ | |
| " ২৫ | ব্যাংক হতে ঋণ গ্রহণ | ১,০০,০০০ | |
| | **মূলধন জাতীয় প্রাপ্তি** | | ৪,০০,০০০ |

**উত্তর :** মূলধন জাতীয় প্রাপ্তির পরিমাণ ৪,০০,০০০ টাকা।

**খ** মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় প্রাপ্তির পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **মুনাফা জাতীয় আয় :** | | |
| পণ্য বিক্রয় (১,০০,০০০ + ১,০০,০০০) | ২,০০,০০০ | |
| বিনিয়োগ সুদ বিগত বছরের (২৫,০০০ – ১৫,০০০) | ১০০০০ | |
| **মুনাফা জাতীয় আয়** | | ২,১০,০০০ |
| **মুনাফা জাতীয় প্রাপ্তি :** | | |
| পণ্য বিক্রয় (১,০০,০০০ + ১,০০,০০০) | ২,০০,০০০ | |
| বিনিয়োগের সুদ | ২০,০০০ | |
| **মুনাফা জাতীয় প্রাপ্তি** | | ২,২০,০০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় আয় ২,১০,০০০ টাকা এবং মুনাফা জাতীয় প্রাপ্তি ২,২০,০০০ টাকা।

**গ** মুনাফা জাতীয় ব্যয় ও মুনাফা জাতীয় প্রদানের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মুনাফা জাতীয় ব্যয় : | | |
| পণ্য ক্রয় (৭২,০০০ + ৪৮,০০০) | ১,২০,০০০ | |
| ভাড়া প্রদান | ২৫,০০০ | |
| **মুনাফা জাতীয় ব্যয়** | | ১,৪৫,০০০ |
| **মুনাফা জাতীয় প্রদান :** | | |
| পণ্য ক্রয় | ৪৮,০০০ | |
| ভাড়া প্রদান (২৫,০০০ – ৫,০০০) | ২০,০০০ | |
| **মুনাফা জাতীয় প্রদান** | | ৬৮,০০০ |

**উত্তর :** মুনাফা জাতীয় ব্যয় ১,৪৫,০০০ টাকা এবং মুনাফা জাতীয় প্রদান ৬৮,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৬** মি. আহসান একজন খুচরা ব্যবসায়ী : ২০২৪ সালের মার্চ মাসে তার প্রতিষ্ঠানে সংঘটিত লেনদেনসমূহ নিম্নরূপ :

মার্চ ১ নগদে পণ্য বিক্রয় ৮৫,০০০ টাকা।
" ৭ জামানের নিকট হতে পণ্য ক্রয় ৪৫,০০০ টাকা।
" ১২ ব্যাংকে জমা দেওয়া হলো ৭০,০০০ টাকা।
" ২৫ ক্রয় ফেরত ৫,০০০ টাকা।
" ২৮ ব্যাংক থেকে উত্তোলন ১,০০,০০০ টাকা।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২
খ. উদ্দীপকের ১ থেকে ২৫ তারিখের লেনদেনের সংশ্লিষ্ট হিসাবসমূহের কারণসহ ডেবিট ক্রেডিট নির্ণয় করো। ৪
গ. T ছকে 'নগদান হিসাব' ও চলমান জের ছকে 'ব্যাংক হিসাব' প্রস্তুত করো। ৪

[সি. বো. ২০২৫]

**৬নং প্রশ্নের উত্তর**

**ক** নিট ক্রয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৪<br>মার্চ - ৭ | পণ্য ক্রয়<br>বাদ : ক্রয় ফেরত | ৪৫,০০০<br>(৫,০০০) | |
| | **নিট ক্রয়** | | ৪০,০০০ |

**উত্তর :** নিট ক্রয় ৪০,০০০ টাকা।

**খ** ১ থেকে ২৫ তারিখের লেনদেনগুলো সংশ্লিষ্ট হিসাবসমূহের কারণসহ ডেবিট-ক্রেডিট নির্ণয় করো :

| তারিখ | সংশ্লিষ্ট হিসাব | হিসাবের শ্রেণি | |
|---|---|---|---|
| ২০২৪<br>মার্চ - ১ | নগদান হিসাব<br>বিক্রয় হিসাব | ডেবিট<br>ক্রেডিট | ৮৫,০০০<br>৮৫,০০০ |
| " ৭ | ক্রয় হিসাব<br>পাওনাদার হিসাব (জামান) | ডেবিট<br>ক্রেডিট | ৪৫,০০০<br>৪৫,০০০ |
| " ১২ | ব্যাংক হিসাব<br>নগদান হিসাব | ডেবিট<br>ক্রেডিট | ৭০,০০০<br>৭০,০০০ |
| " ২৫ | পাওনাদার হিসাব<br>ক্রয় ফেরত হিসাব | ডেবিট<br>ক্রেডিট | ৫,০০০<br>৫,০০০ |

**গ**

**মি. আহসান**
**খতিয়ান (T ছক)**
**নগদান হিসাব**

ডেবিট ক্রেডিট

| তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা | তারিখ | বিবরণ | জা.পৃ. | টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ২০২৩<br>মার্চ - ১ | বিক্রয় হিসাব | | ৮৫,০০০ | ২০২৪<br>মার্চ ১২<br>" ৩১ | ব্যাংক হিসাব<br>ব্যালেন্স C/D | | ৭০,০০০<br>১৫,০০০ |
| | | | ৮৫,০০০ | | | | ৮৫,০০০ |
| এপ্রিল - ১ | ব্যালেন্স B/D | | ১৫,০০০ | | | | |

**মি. আহসান**
**খতিয়ান (চলমান জের)**
**ব্যাংক হিসাব**

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২৪<br>মার্চ - ১২<br>" ২৮ | নগদান হিসাব<br>উত্তোলন হিসাব | | ৭০,০০০ | <br>১,০০,০০০ | ৭০,০০০ | <br>৩০,০০০ |

**উত্তর :** নগদান হিসাবের ডেবিট উদ্বৃত্ত ১৫,০০০ টাকা; ব্যাংক হিসাবের ক্রেডিট উদ্বৃত্ত ৩০,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ৭** জনাব ফালাক ২০২৪ সালের জানুয়ারি মাসে নগদ ১,০০,০০০ টাকা, ৫০,০০০ টাকা মূল্যের আসবাবপত্র এবং ৫০,০০০ টাকার ঋণ নিয়ে ব্যবসায় শুরু করেন। উক্ত মাসে তার ব্যবসায়ের লেনদেনগুলো নিম্নরূপ :

জানু. ৫ আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা।
" ১০ রহিমের নিকট ৫% বাট্টায় ৩০,০০০ টাকার পণ্য বিক্রয়। (চালান নং ১২০)
" ১৮ চেকে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা।
" ২৫ ৫% বাট্টায় সিহাবের নিকট ১৫,০০০ টাকার পণ্য বিক্রয় (চালান নং ১৩৫)
" ৩০ বেতন প্রদান ২০,০০০ টাকা।

ক. জনাব ফালাকের প্রারম্ভিক মূলধন নির্ণয় করো। ২
খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে একটি বিক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪
গ. উপর্যুক্ত তথ্যের বিক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাহায্যে সাধারণ জাবেদা প্রস্তুত করো। ৪
[সি. বো. ২০২৫]

**৭নং প্রশ্নের উত্তর**

**ক** প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক মোট সম্পদ – প্রারম্ভিক মোট দায়
= {(নগদ + আসবাবপত্র) – ব্যাংক ঋণ}
= {(১,০০,০০০ + ৫০,০০০) – ৫০,০০০}
= ১,৫০,০০০ – ৫০,০০০ টাকা
= ১,০০,০০০ টাকা

**উত্তর :** প্রারম্ভিক মূলধন ১,০০,০০০ টাকা।

**খ**

**জনাব ফালাক**
**বিক্রয় জাবেদা**

| তারিখ | ডেবিট হিসাব খাত | চালান নং | সূত্র | দেনাদার হিসাব ডেবিট<br>বিক্রয় হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০২৪<br>জানু. ১০<br>" ২৫ | <br>রহিম {৩০,০০০ – (৩০,০০০ × ৫%)}<br>সিহাব {১৫,০০০ – (১৫,০০০ × ৫%)} | <br>১২০<br>১৩৫ | <br>✓<br>✓ | <br>২৮,৫০০<br>১৪,২৫০<br>৪২,৭৫০ |

**উত্তর :** বিক্রয় জাবেদার যোগফল ৪২,৭৫০ টাকা।

**গ**

**জনাব ফালাক-এর**
**সাধারণ জাবেদা**

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| ২০২৪<br>জানু. ৫ | আসবাবপত্র হিসাব ডেবিট<br>নগদান হিসাব ক্রেডিট<br>[নগদে আসবাবপত্র ক্রয় করা হলো] | | ১০,০০০ | <br>১০,০০০ |
| " ১৮ | ক্রয় হিসাব ডেবিট<br>ব্যাংক হিসাব ক্রেডিট<br>[চেকে পণ্য ক্রয় করা হলো] | | ২৫,০০০ | <br>২৫,০০০ |
| " ৩০ | বেতন হিসাব ডেবিট<br>নগদান হিসাব ক্রেডিট<br>[নগদে বেতন প্রদান করা হলো] | | ২০,০০০ | <br>২০,০০০ |
| | মোট | | ৫৫,০০০ | ৫৫,০০০ |

**উত্তর :** সাধারণ জাবেদার যোগফল ৫৫,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ৮** উমায়জা ট্রেডার্সের ২০২৪ সালের আগস্ট মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

আগস্ট ১ চয়ন ট্রেডার্সের নিকট হতে প্রতি কেজি ৭০ টাকা দরে ২ কুইন্টাল মিনিকেট চাল ক্রয়। কারবারি বাট্টা ৫% প্যাকিং খরচ ২,০০০ টাকা। চালান নং ২১৫।

" ১৫ তাপস ট্রেডার্সের নিকট হতে প্রতি প্যাকেট ১২০ টাকা দরে ১৫০ প্যাকেট মসুর ডাল ক্রয়। পরিবহণ ব্যয় ৫০০ টাকা। কারবারি বাট্টা ৩%। চালান নং ২৫৫।

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে আনুষঙ্গিক ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে ক্রয় জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে সহকারী খতিয়ানগুলো প্রস্তুত করো। ৪

[সি. বো. ২০২৫]

**৮নং প্রশ্নের উত্তর**

**ক** আনুষঙ্গিক ব্যয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২৪ | | | |
| আগস্ট -১ | প্যাকিং খরচ | ২,০০০ | |
| " - ১৫ | পরিবহন ব্যয় | ৫০০ | |
| | মোট | | ২,৫০০ |

**উত্তর :** আনুষঙ্গিক ব্যয়ের পরিমাণ ২,৫০০ টাকা।

**খ**

**উমায়াজা ট্রেডার্স**

**ক্রয় জাবেদা**

| তারিখ | ক্রেডিট হিসাব খাত | শর্ত | চালান নং | সূত্র | ক্রয় হিসাব ডেবিট / পাওনাদার হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| ২০২৪ | | | | | |
| আগস্ট ১ | চয়ন ট্রেডার্স (গণনা-১) | | ২১৫ | ✓ | ১৫,৩০০ |
| " ১৫ | তাপস ট্রেডার্স (গণনা-২) | | ২৫৫ | ✓ | ১৭,৯৬০ |
| | মোট | | | | ৩৩,২৬০ |

**উত্তর :** ক্রয় জাবেদার যোগফল ৩৩,২৬০ টাকা।

**গণনা-১ :**

চয়ন ট্রেডার্স = $\{(৭০ \times ২০০) - (৭০ \times ২০০ \times ৫\%) + ২০০০\} = ১৫,৩০০$ [$\because$ ১ কুইন্টাল = ১০০ কেজি]

**গণনা-২ :**

তাপস ট্রেডার্স = $\{(১২০ \times ১৫০) - (১২০ \times ১৫০ \times ৩\%) + ৫০০\} = ১৭,৯৬০$

**গ**

**উমায়াজা ট্রেডার্স**

**সহকারী খতিয়ান**

**চয়ন ট্রেডার্স**

| তারিখ ২০২৪ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের ডেবিট | জের ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| আগস্ট ১ | বিক্রয় হিসাব | | ১৪,৩০০ | | ১৫,৩০০ | |

**তাপস ট্রেডার্স**

| তারিখ ২০২৪ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের ডেবিট | জের ক্রেডিট |
|---|---|---|---|---|---|---|
| আগস্ট ১৫ | বিক্রয় হিসাব | | ১৭,৯৬০ | | ১৭,৯৬০ | |

**উত্তর :** সহকারী খতিয়ান : চয়ন ট্রেডার্সের ডেবিট জের ১৫,৩০০ টাকা এবং তাপস ট্রেডার্সের ডেবিট জের ১৭,৯৬০ টাকা।

**প্রশ্ন ▶ ৯** ২০২৪ সালের জুলাই মাসের সামির এন্টারপ্রাইজের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| জুলাই | ১ | নগদ ২,২০,০০০ টাকা ও ২,৫০,০০০ টাকা ব্যাংক জমা নিয়ে ব্যবসায় শুরু করা হলো। |
| " | ৫ | আকিব ট্রেডার্সের নিকট থেকে ১,০০,০০০ টাকার পণ্য ক্রয় করে নগদে ৩০,০০০ টাকা ও চেকে ৪০,০০০ টাকা প্রদান। |
| " | ৮ | ব্যবসায়ে ব্যবহারের জন্য ১টি কম্পিউটার ক্রয় ৭৫,০০০ টাকা। |
| " | ১০ | ব্যাংক হতে ব্যক্তিগত প্রয়োজনে ৭,০০০ টাকা ও ব্যবসায়ের প্রয়োজনে ১৫,০০০ টাকা উত্তোলন। |
| " | ১৫ | কম্পিউটার আনার বহন খরচ ৪,০০০ টাকা। |
| " | ২৫ | ব্যাংক সুদ মঞ্জুর করল ১,০০০ টাকা। |

ক. সামির এন্টারপ্রাইজের অফিস সরবরাহের মূল্য নির্ণয় করো। ২

খ. সামির এন্টারপ্রাইজের জুলাই মাসের ১ থেকে ১৫ তারিখের লেনদেনগুলো দ্বারা নগদ প্রদান জাবেদা প্রস্তুত করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে ৮ ও ১৫ তারিখের লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেন দ্বারা সামির এন্টারপ্রাইজের একটি উপযুক্ত নগদান বই প্রস্তুত করো। ৪

[সি. বো. ২০২৫]

**৯নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▶ ১০** চম্পা এন্টারপ্রাইজের ২০২৪ সালের ৩১ ডিসেম্বর তারিখের হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা |
|---|---|
| হাতে নগদ (০১-০১-২০২৪) | ১৫,০০০ |
| বেতন | ২৫,০০০ |
| প্রদেয় হিসাব | ২০,০০০ |
| মূলধন | ২,০০,০০০ |
| ৮% বিনিয়োগ | ১,০৫,০০০ |
| সাধারণ সঞ্চিতি | ৩০,০০০ |
| বিক্রয় | ১,৫৫,০০০ |
| সুনাম | ২,৫০,০০০ |
| বিনিয়োগের সুদ | ৫,০০০ |
| ঋণের বকেয়া সুদ | ১০,০০০ |
| ক্রয় | ১,০০,০০০ |
| ঋণ | ৬৫,০০০ |
| মজুদ পণ্য (৩১-১২-২০২৪) | ২৫,০০০ |
| হাতে নগদ (৩১-১২-২০২৪) | ২০,০০০ |
| বকেয়া বাড়িভাড়া | ১০,০০০ |
| লভ্যাংশ প্রাপ্তি | ৫,০০০ |

ক. উপর্যুক্ত তথ্যের আলোকে রেওয়ামিলে যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় করো। ২

খ. চম্পা এন্টারপ্রাইজের সমাপনী সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের আলোকে চম্পা এন্টারপ্রাইজের একটি রেওয়ামিল প্রস্তুত করো। ৪

[সি. বো. ২০২৫]

**১০নং প্রশ্নের উত্তর**

**ক** রেওয়ামিলের যে উদ্বৃত্তগুলো অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| হাতে নগদ (০১-০১-২০২৪) | ১৫,০০০ | |
| মজুদ পণ্য (৩১-১২-২০২৪) | ২৫,০০০ | |
| মোট | | ৪০,০০০ |

**উত্তর :** রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না এমন লেনদেনের পরিমাণ ৪০,০০০ টাকা।

**খ** চাম্পা এন্টারপ্রাইজের সমাপনী সম্পদ ও দায়ের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| **সমাপনী সম্পদসমূহ :** | | |
| বিনিয়োগ | ১,০৫,০০০ | |
| সুনাম | ২,৫০,০০০ | |
| সমাপনী মজুদ পণ্য | ২৫,০০০ | |
| হাতে নগদ | ২০,০০০ | |
| মোট সম্পদ | | ৪,০০,০০০ |
| **সমাপনী দায়সমূহ :** | | |
| প্রদেয় হিসাব | ২০,০০০ | |
| ঋণ | ৬৫,০০০ | |
| বকেয়া বাড়ি ভাড়া | ১০,০০০ | |
| মোট দায় | | ৯৫,০০০ |

**গ**

**চাম্পা এন্টারপ্রাইজ**
**রেওয়ামিল**
**৩১ ডিসেম্বর, ২০২৪**

| ক্রমিক নং | হিসাবের শিরোনাম | খ.পৃ. | ডেবিট (টাকা) | ক্রেডিট (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | বেতন | | ২৫,০০০ | |
| ২ | প্রদেয় হিসাব | | | ২০,০০০ |
| ৩ | মূলধন | | | ২,০০,০০০ |
| ৪ | ৮% বিনিয়োগ | | ১,০৫,০০০ | |
| ৫ | সাধারণ সঞ্চিতি | | | ৩০,০০০ |
| ৬ | বিক্রয় | | | ১,৫৫,০০০ |
| ৭ | সুনাম | | ২,৫০,০০০ | |
| ৮ | বিনিয়োগের সুদ | | | ৫,০০০ |
| ৯ | ঋণের বকেয়া সুদ | | | ১০,০০০ |
| ১০ | ক্রয় | | ১,০০,০০০ | |
| ১১ | ঋণ | | | ৬৫,০০০ |
| ১২ | হাতে নগদ | | ২০,০০০ | |
| ১৩ | বকেয়া বাড়ি ভাড়া | | | ১০,০০০ |
| ১৪ | লভ্যাংশ প্রাপ্ত | | | ৫,০০০ |
| | মোট | | ৫,০০,০০০ | ৫,০০,০০০ |

**উত্তর :** রেওয়ামিলের যোগফল ৫,০০,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ১১** পুষ্প পেপার হাউজ প্রতি দিস্তা ২০ টাকা দরে ৩০০ রিম কাগজ ক্রয় করে। ২,০০০ টাকা কুলি খরচ এবং ৪,০০০ টাকা বহন খরচ প্রদান করে। কাগজ বিক্রয়ের জন্য ১০,০০০ টাকা অফিস ও প্রশাসনিক ব্যয় ১৫,০০০ টাকা বিক্রয় ও বণ্টন ব্যয় করে। প্রতিষ্ঠানটি প্রতি দিস্তা কাগজে ৬ টাকা লাভ করে থাকে। অপরদিকে সোনালি পেপার মিলের ১০০০ রিম কাগজ উৎপাদনের ব্যয় তথ্য নিম্নরূপ :

| বিবরণ | টাকা | বিবরণ | টাকা |
|---|---|---|---|
| কাঁচামালের প্রারম্ভিক মজুদ | ১২,০০০ | বাঁশ ও কাঠ ক্রয় | ২৫,০০০ |
| প্রত্যক্ষ মজুরি | ২০,০০০ | কারখানা খরচ | ৮০,০০০ |
| বহন খরচ | ৩৫,০০০ | চলতি কার্যের প্রারম্ভিক মজুদ | ২২,০০০ |
| কারখানা কর্মীর বেতন | ২৫,০০০ | চলতি কার্যের সমাপনী মজুদ | ৮,০০০ |

ক. পুষ্প পেপার হাউসের ৩০০ রিম কাগজের ক্রয়মূল্য নির্ণয় করো। ২
খ. সোনালী পেপার মিলের ১০০০ রিম কাগজের উৎপাদন ব্যয় নির্ণয় করো। ৪
গ. ৩০০ রিম কাগজের ক্রয়মূল্য ১,২৯,০০০ টাকা ধরে পুষ্প পেপার হাউজের প্রতি দিস্তা কাগজের বিক্রয়মূল্য নির্ণয় করো। ৪
[সি. বো. ২০২৫]

**১১নং প্রশ্নের উত্তর**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

# দিনাজপুর বোর্ড-২০২৫

**হিসাববিজ্ঞান** (বহুনির্বাচনি অভীক্ষা)

বিষয় কোড 1 4 6

**সময় : ৩০ মিনিট** [২০২৫ সালের সিলেবাস অনুযায়ী] **পূর্ণমান : ৩০**

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান- ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।**

১. **মুনাফা জাতীয় ব্যয় কোনটি?**
ক জমি ক্রয় খ আসবাবপত্র ক্রয় গ যন্ত্রপাতি ক্রয় ঘ পণ্য ক্রয়

২. **নগদ প্রদান জাবেদার ছকে কোনটি থাকে?**
ক দেনাদার ক্রেডিট খ বিক্রয় ক্রেডিট
গ নগদ ক্রেডিট ঘ অন্যান্য হিসাব ক্রেডিট

৩. **পারিবারিক বাজেটে শিক্ষা খাতে আনুমানিক ব্যয় শতকরা কত ধরা হয়?**
ক ৩০% – ৪০% খ ২০% – ২৫%
গ ১৫% – ২০% ঘ ১০% – ১৫%

৪. **দরপত্রের ক্রয়মূল্য কোন ধরনের খরচ?**
ক অফিস খরচ খ প্রশাসনিক
গ বিক্রয় ঘ আরোপণ যোগ্য (প্রত্যক্ষ)

৫. **কোন ক্ষেত্রে বিপরীত দাখিলা হবে?**
ক ব্যক্তিগত প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন
খ মালিক কর্তৃক পণ্য উত্তোলন
গ ব্যক্তিগত প্রয়োজনে নগদ উত্তোলন
ঘ ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন

৬. **কোনটি বিক্রয় উপরি ব্যয়?**
ক আইন খরচ খ শো-রুম ভাড়া গ মনিহারি ব্যয় ঘ অগ্নি বীমা

৭. **পারিবারিক বাজেট তৈরি হয়–**
ক সম্ভাব্য আয় ও ব্যয়ের ভিত্তিতে খ সম্ভাব্য আয়ের ভিত্তিতে
গ সম্ভাব্য ব্যয়ের ভিত্তিতে ঘ প্রকৃত আয় ও ব্যয়ের ভিত্তিতে

৮. **নিচের কোনটি ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতা?**
ক মূলধন গঠন খ দক্ষ শ্রমিকের বেতন প্রদান
গ মেধাবীদের বৃত্তি প্রধান ঘ পরিশ্রমী ব্যক্তিকে সম্মান প্রদান

৯. **মুনাফাভোগী প্রতিষ্ঠান কোনটি?**
ক বিজ্ঞাপনী সংস্থা খ কলেজ
গ দাতব্য চিকিৎসালয় ঘ সামাজিক সংস্থা

১০. **ক্রেডিট নোট ব্যবহৃত হয়–**
ক ধারে বিক্রীত পণ্য ফেরত আসলে খ ধারে ক্রয়কৃত পণ্য ফেরত দিলে
গ নগদে ক্রয়কৃত পণ্য ফেরত দিলে ঘ নগদে বিক্রীত পণ্য ফেরত আসলে

১১. **বাহ্যিক লেনদেনে অর্থনৈতিক ঘটনা কয়টি পক্ষকে প্রভাবিত করে?**
ক ১টি খ ২টি গ ৩টি ঘ ৪টি

১২. **যন্ত্রপাতি ক্রয়ের পরিবহণ ব্যয় কোন জাতীয় ব্যয়?**
ক মুনাফাজাতীয় ব্যয় খ বিলম্বিত মুনাফা জাতীয় ব্যয়
গ মূলধনজাতীয় ব্যয় ঘ নিয়মিত ব্যয়

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :**
শাফি এন্ড ব্রাদার্স একটি একমালিকানা ব্যবসায় প্রতিষ্ঠান। তার প্রারম্ভিক মূলধন ৯০,০০০ টাকা, বছর শেষে সম্পদ ৮০,০০০ টাকা এবং ব্যাংক ঋণ ৩০,০০০ টাকা, উত্তোলন ২৫,০০০ টাকা, অতিরিক্ত মূলধন ১৫,০০০ টাকা।

১৩. **সমাপনী মূলধনের পরিমাণ কত?**
ক ৮০,০০০ টাকা খ ৭০,০০০ টাকা
গ ৬০,০০০ টাকা ঘ ৫০,০০০ টাকা

১৪. **মুনাফা/ক্ষতির পরিমাণ কত?**
ক মুনাফা ৩০,০০০ টাকা খ ক্ষতি ৩০,০০০ টাকা
গ মুনাফা ৩৫,০০০ টাকা ঘ ক্ষতি ৩৫,০০০ টাকা

১৫. **হিসাবের নাম ............. হিসাবের কোড নং ...........**

| তারিখ | বিবরণ | জাঃপৃঃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত/জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| | | | | | | |

ক T ছক খ সনাতনী ছক
গ জাবেদা ছক ঘ চলমান জের ছক

১৬. **দেনাদারের মৃত্যু বা দেউলিয়ার কারণে অর্থ আদায় অসম্ভব হলে কোন ধরনের হিসাব খোলা হয়?**
ক কু ঋণ হিসাব খ প্রাপ্য হিসাব গ প্রদেয় হিসাব ঘ ঋণ হিসাব

১৭. **পেন্সিল ক্রয় কোন ধরনের হিসাবে অন্তর্ভুক্ত হবে?**
ক ক্রয় হিসাব খ মনিহারি হিসাব
গ অফিস সাপ্লাই হিসাব ঘ অফিস সরঞ্জাম হিসাব

১৮. **প্রচারের জন্য পণ্য বিতরণ এক্ষেত্রে কোন হিসাবটি ক্রেডিট হবে?**
ক পণ্য হিসাব খ বিজ্ঞাপন হিসাব
গ ক্রয় হিসাব ঘ বিতরণ হিসাব

১৯. **ক্রয় জাবেদার উৎস দলিল কোনটি?**
ক চালান খ ভাউচার গ ডেবিট নোট ঘ ক্রেডিট নোট

২০. **ধারে সম্পত্তি ক্রয়-বিক্রয় কোন জাবেদায় লিপিবদ্ধ হবে?**
ক বিক্রয় জাবেদা খ নগদ প্রদান জাবেদা
গ অন্যান্য জাবেদা ঘ ক্রয় জাবেদা

২১. **জনাব নাফি বিক্রয় বৃদ্ধির জন্য পূর্ব নির্ধারিত বিক্রয়মূল্য অপেক্ষা কমমূল্যে পণ্য বিক্রয় করে থাকেন এক্ষেত্রে তিনি কোন ধরনের ছাড় দেন?**
ক নগদ বাট্টা খ প্রদত্ত বাট্টা গ প্রাপ্ত বাট্টা ঘ কারবারী বাট্টা

২২. **সহকারী খতিয়ান–**
i. ক্রয় হিসাব ii. তামিম এন্টারপ্রাইজ iii. মীম ট্রেডার্স
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. **ব্যাংক হিসাব**

হিসাবের কোড নং : ...........

| তারিখ | বিবরণ | জাঃপৃঃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | উদ্বৃত্ত/জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২০ | | | | | | |
| মে-১১ | নগদান হিঃ | | ২০,০০০ | | | |
| " ১৫ | ক্রয় হিঃ | | | ৫,০০০ | | |

**উপর্যুক্ত তথ্য হতে ব্যাংক হিসাবের উদ্বৃত্ত কত?**
ক ডেবিট উদ্বৃত্ত ১৫,০০০ টাকা খ ক্রেডিট উদ্বৃত্ত ১৫,০০০ টাকা
গ ডেবিট উদ্বৃত্ত ২০,০০০ টাকা ঘ ক্রেডিট উদ্বৃত্ত ২৫,০০০ টাকা

২৪. **সাধারণ খতিয়ানে পোস্টিং দেয়া হয়–**
i. দিনান্তে ii. সাপ্তাহান্তে iii. মাসান্তে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. **রেওয়ামিলে যে সমস্ত ভুল ধরা পড়ে–**
i. নীতিগত ভুল ii. লেখার ভুল iii. টাকার অংকের ভুল
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. **রেওয়ামিলে একটি হিসাবের ক্রেডিটজের ৫০০ টাকা, ভুলে রেওয়ামিলের ডেবিট কলামে লিখা হয়। বাকী উদ্বৃত্তগুলো ঠিক থাকলে রেওয়ামিলের উভয় পার্শ্বের পার্থক্য কত হবে?**
ক ২৫০ টাকা খ ৫০০ টাকা গ ৭৫০ টাকা ঘ ১০০০ টাকা

২৭. **কোন হিসাবটি ব্যতীক্রম?**
ক পাওনাদার খ প্রদত্ত ঋণ গ ঋণ ঘ বকেয়া বেতন

☐ **নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯নং প্রশ্নের উত্তর দাও :**
হামিম ট্রেডার্স এর নিট বিক্রয় ২১,০০০/=, মোট মুনাফা ১০,০০০/= পরিচালন ক্ষতি ১২,০০০/=।

২৮. **হামিম ট্রেডার্স এর বিক্রিত পণ্যের ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।**
ক ১১,০০০/= খ ২১,০০০/= গ ৩১,০০০/= ঘ ৩৩,০০০/=

২৯. **হামিম ট্রেডার্স এর নিট মুনাফা/ক্ষতির পরিমাণ কত?**
ক নীট মুনাফা ২,০০০/= খ নীট ক্ষতি ২,০০০/=
গ নীট মুনাফা ৯,০০০/= ঘ নীট ক্ষতি ৯,০০০/=

৩০. **রেওয়ামিলে দেয়া আছে বেতন (৮ মাস) = ৪৮,০০০ টাকা। এক্ষেত্রে বকেয়া বেতনের পরিমাণ কত?**
ক ২৪,০০০ টাকা খ ৩৬,০০০ টাকা
গ ৪২,০০০ টাকা ঘ ৭২,০০০ টাকা

☑ খালি ঘরগুলোতে পেন্সিল দিয়ে উত্তরগুলো লেখ। এরপর প্রদত্ত উত্তরমালার সাথে মিলিয়ে দেখ তোমার উত্তরগুলো সঠিক ছিল কি না।

| উত্তর | ১ | | ২ | | ৩ | | ৪ | | ৫ | | ৬ | | ৭ | | ৮ | | ৯ | | ১০ | | ১১ | | ১২ | | ১৩ | | ১৪ | | ১৫ | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১৬ | | ১৭ | | ১৮ | | ১৯ | | ২০ | | ২১ | | ২২ | | ২৩ | | ২৪ | | ২৫ | | ২৬ | | ২৭ | | ২৮ | | ২৯ | | ৩০ | |

# দিনাজপুর বোর্ড-২০২৫

## হিসাববিজ্ঞান (সৃজনশীল)

বিষয় কোড : 1 4 6

[২০২৫ সালের সিলেবাস অনুযায়ী]

**সময় :** ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান :** ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে দুটি এবং খ বিভাগ থেকে **পাঁচটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]

### ক বিভাগ

১। শাপলা এন্ড কোং-এর ৩১শে ডিসেম্বর ২০২২ তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**শাপলা এন্ড কোং**
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৯৫,০০০ | ১,৯৩,০০০ |
| ফেরত | ৮,২০০ | ৪,৫০০ |
| দেনাদার ও পাওনাদার | ৪০,০০০ | ২৫,০০০ |
| বেতন | ২৪,০০০ | |
| বিমা সেলামি | ২,০০০ | |
| ডাক ও তার | ১,২০০ | |
| পরিবহণ | ৭,০০০ | |
| বিজ্ঞাপন | ৮,৬০০ | |
| বাট্টা প্রাপ্তি | | ২,০০০ |
| কু-ঋণ সঞ্চিতি | | ১,৫০০ |
| ১০% বিনিয়োগ (১-৭-২০২২) | ২০,০০০ | |
| | ২,২৬,০০০ | ২,২৬,০০০ |

**সমন্বয়সমূহ :**
(১) সমাপনী মজুদ পণ্য ১৫,৮০০ টাকা।
(২) পণ্য ক্রয় ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয় নি।
(৩) দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের ৫% হারে কু-ঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি রাখতে হবে।
(৪) বিজ্ঞাপন খরচ ২ বছরের জন্য পরিশোধ করা হয়েছে।

(ক) শাপলা এন্ড কোং-এর নীট দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে শাপলা এন্ড কোং এর মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪
(গ) বছর শেষে শাপলা এন্ড কোং এর মোট মুনাফা ৭৫,০০০ টাকা ধরে বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

২। জেবিন ট্রেডার্স এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ৪৯,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৪২,০০০ |
| মূলধন | | ৩,৪০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৬৩,০০০ | ২৮,০০০ |
| অফিস সরঞ্জাম | ১,৩২,০০০ | |
| ইজারা সম্পত্তি (১০ বছরের) | ৮০,০০০ | |
| বন্ধকী ঋণ | | ৬৫,০০০ |
| উত্তোলন | ২৫,০০০ | |
| বকেয়া ভাড়া | | ৭,০০০ |
| অনাদায়ি বিনিয়োগের সুদ | ৮,০০০ | |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৫,০০০ | |
| বিনিয়োগ | ১,২০,০০০ | |
| | ৪,৮২,০০০ | ৪,৮২,০০০ |

**সমন্বয়সমূহ :**
(১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ২৭,০০০ টাকা এবং বাজারমূল্য ২৯,০০০ টাকা।
(২) ২টি ৫০০ টাকার নোট সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছে, যা হিসাবভুক্ত হয় নি।
(৩) অফিস সরঞ্জামের ১০% অবচয় ধরতে হবে।

(ক) নিট মুনাফা ৬৫,৫০০ টাকা ধরে মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী প্রস্তুত কর। ২
(খ) হিসাবকালের শেষ তারিখে আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) প্রতিষ্ঠানের ২০২২ সালের স্বল্পমেয়াদি দায় পরিশোধের ক্ষমতা যাচাই কর। ৪

### খ বিভাগ

৩। সানমুন ট্রেডার্স ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ২,৩০,০০০ টাকা ও ৮০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে শাড়ি ব্যবসায় শুরু করলো। সারা মাসে প্রতিষ্ঠানের নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয়।

জানুয়ারি ০৪ তিশা ট্রেডার্সের নিকট থেকে শাড়ী ক্রয়, নগদে ৩০,০০০ টাকা এবং বাকীতে ২৭,০০০ টাকা।
" ০৬ "এন" ব্যাংকে ৩০,০০০ টাকা জমা দিয়ে হিসাব খোলা হলো।
" ১২ দোকান ভাড়া প্রদান ১২,০০০ টাকা।
" ১৫ শামীম এন্টারপ্রাইজ, বরিশাল এর নিকট ১,০০০ টাকা দরে ৫০টি শাড়ী বিক্রয়। কারবারি বাট্টা ৮%। চালান নং-০১।
" ২২ পাওনাদারকে পরিশোধ ২০,০০০ টাকা।

(ক) জানুয়ারি মাস শেষে নীট পাওনাদারের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) জানুয়ারি ১৫ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুত কর। ৪
(গ) জানুয়ারি ০১, ০৪, ০৬ এবং ১২ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

৪। জনাব সাবরিনা তার ব্যবসায় প্রতিষ্ঠান 'সাবরিনা এন্টারপ্রাইজ' এর যথাযথ হিসাব সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০২২ তার ব্যবসায় সম্পদ ও দায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৩,২০,০০০ ও ১,৪৫,০০০ টাকা। উক্ত বছরে তিনি প্রতিমাসে নগদ ৬,০০০ টাকা ও ২,০০০ টাকার পণ্য নিজ ব্যবহারের জন্য ব্যবসায় থেকে নিয়ে যেতেন। নতুন করে ব্যক্তিগত ৩০,০০০ টাকা কম্পিউটার ব্যবসায় বিনিয়োগ করেন। ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিলো : নগদ ২,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,৮০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ১,৩০,০০০ টাকা, অগ্রিম খরচ ৫,০০০ টাকা, মজুদ পণ্য ৯৫,০০০ টাকা, ব্যাংক ঋণ ৪০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৬৫,০০০ টাকা এবং অনুপার্জিত আয় ১২,০০০ টাকা।

(ক) 'সাবরিনা এন্টারপ্রাইজ' এর প্রারম্ভিক মূলধন পরিমাণ নির্ণয় কর। ২
(খ) 'সাবরিনা এন্টারপ্রাইজ' এর সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) ২০২২ সালে সাবরিনা এন্টারপ্রাইজের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

৫। জনাব নাজমা বেগম একজন রেস্টুরেন্ট ব্যবসায়ী। তাঁর রেস্টুরেন্টের জুলাই মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

জুলাই ০১ গ্রাহকের সেবা দ্বারা প্রাপ্য হয়েছে ৮,০০০ টাকা।
" ০৩ পুরাতন চেয়ার টেবিল বিক্রয় ২৫,০০০ টাকা।
" ০৪ বিদ্যুৎ বিল বকেয়া ২,৭০০ টাকা।
" ০৭ বিনিয়োগের সুদ পাওয়া গেল ৩,৬০০ টাকা।
" ১৬ জন্মদিনের আয়োজন বাবদ অগ্রিম পাওয়া গেল ১০,০০০ টাকা।
" ২২ ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৪০,০০০ টাকা।
" ২৫ বিমা সেলামি পরিশোধ করা হলো ৭,২০০ টাকা।
" ২৮ আসবাবপত্রের উপর অবচয় ধার্য করা হলো ২,৫০০ টাকা।

(ক) উপযুক্ত তথ্যাদি হতে মূলধন জাতীয় প্রাপ্তির মোট পরিমাণ নির্ণয় কির। ২
(খ) জুলাই ০১, ০৩, ০৪ ও ০৭ তারিখের লেনদেনের সাথে জড়িত হিসাবের শ্রেণি দেখাও। ৪
(গ) জুলাই ১৬, ২২, ২৫ ও ২৮ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪

৬। ভৈরবী এন্ড সন্স এর ২০২১ সালের জুলাই মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :
জুলাই ০৩ ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ৭০,০০০ টাকা।
" ০৪ ৫% বাট্টায় শাওন ট্রেডার্সের কাছ থেকে পণ্য ক্রয় ৮৫,০০০ টাকা। চালান নং-২২৭, বহন খরচ ১,০০০ টাকা। শর্ত ২/৫ নীট ২০।
" ০৯ ব্যবসায়ের হিসাবরক্ষণের জন্য ৩৫,০০০ টাকার ১টি কম্পিউটার ক্রয়।
" ১২ শাওন ট্রেডার্সকে পণ্য ফেরত ৫,০০০ টাকা।
" ১৭ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ১৫,০০০ টাকা।
" ২০ রূপক এন্টারপ্রাইজ থেকে ৯৫,০০০ টাকার পণ্য ৫% বাট্টায় ক্রয় করা হলো। চালান নং-২২৮ প্যাকিং খরচ ৫০০ টাকা। শর্ত ২/১০ নিট ৩০।
(ক) ভৈরবী এন্ড সন্স এর জুলাই মাসে ক্রয় বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত লেনদেন দ্বারা ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
(গ) ক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

৭। মাসাবি ট্রেডার্স একটি মুদি পণ্যের পাইকারী ব্যবসায় প্রতিষ্ঠান। ২০২১ সালের মার্চ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :
মার্চ ০৮ ব্যবসায় অতিরিক্ত বিনিয়োগ করেন ২৭,০০০ টাকা।
" ১২ ফাহিম এন্টারপ্রাইজের নিকট ১০০ টাকা দরে ২০০ লিটার সয়াবিন তৈল বিক্রয়। চালান নং-২০৫। কারবারি বাট্টা ৫%।
" ১৮ দেনাদার থেকে প্রাপ্তি ৬,০০০ টাকা।
" ২০ কর্মচারীকে বেতন প্রদান ৯,০০০ টাকা।
" ২৫ জাহিদ ট্রেডার্সের নিকট ২০০ টাকা দরে ১৫০ পাউন্ড চা বিক্রয়। চালান নং ২০৬। কারবারি বাট্টা ৭%।
(ক) মাসাবি ট্রেডার্সের মোট বিক্রয়ের পরিমাণ কত? ২
(খ) চলমান জের ছক অনুসরণপূর্বক নগদান হিসাব ও বেতন হিসাব প্রস্তুত কর। ৪
(গ) মার্চ ১২ ও ২৫ তারিখের লেনদেন দ্বারা সহকারী খতিয়ান তৈরি কর। ৪

৮। স্বর্ণালী ট্রেডার্সের ২০২১ সালের মে মাসের লেনদেনসমূহ নিম্নরূপ :
মে ০১ নগদ উদ্বৃত্ত ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমা ৩৭,০০০ টাকা।
" ০৫ রাজীবের নিকট হতে ৯,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৮,৬০০ টাকা প্রাপ্তি।
" ০৮ অফিস ভাড়া অগ্রিম প্রদান করা হলো চেকে ৬,০০০ টাকা।
" ০৯ ব্যাংকে জমা দেয়া হলো ২০,০০০ টাকা।
" ১০ পণ্য বিক্রয় নগদে ১৭,৫০০ টাকা এবং চেকে ২০,০০০ টাকা।
" ১৫ সাকিবের পাওনা ১০,০০০ টাকার পূর্ণনিষ্পত্তিতে ৯,৭৫০ টাকা প্রদান করা হলো।
" ২০ কমিশন পাওয়া গেল ১,৫০০ টাকা।
" ২২ ব্যাংক সুদ মঞ্জুর করলো ৮০০ টাকা।
(ক) উপর্যুক্ত তথ্য হতে নগদ বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
(খ) মে, ০১, ০৫, ০৮, ০৯ এবং ১৫ তারিখের লেনদেন দ্বারা দু'ঘরা নগদান বই প্রস্তুত কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্য দ্বারা নগদ প্রাপ্তি জাবেদা প্রস্তুত কর। ৪

৯। মানহা এন্টারপ্রাইজের ২০২২ সালের ৩১শে ডিসেম্বর তারিখের হিসাবের উদ্বৃত্তগুলো নিম্নরূপ :

| হিসাবের নাম | টাকা | হিসাবের নাম | টাকা |
|---|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ৩০,০০০ | ব্যাংক উদ্বৃত্ত (৩১-১২-২০২২) | ৫৪,০০০ |
| প্রারম্ভিক ব্যাংক জমা | ২৫,০০০ | প্রাপ্য হিসাব | ৩৪,২০০ |
| আন্তঃফেরত | ২,৫০০ | প্রদেয় হিসাব | ১৩,০০০ |
| সঞ্চয়পত্রের সুদ | ৩,০০০ | আয়কর | ২,৫০০ |
| রপ্তানি শুল্ক | ১২,০০০ | ক্রয় | ১,৪৭,০০০ |
| দালান-কোঠা | ৭৫,০০০ | বিক্রয় | ১,৯২,০০০ |
| লভ্যাংশ প্রাপ্তি | ১,৫০০ | কমিশন প্রাপ্তি | ১,৭০০ |
| সঞ্চয়পত্র | ৫৬,০০০ | সমাপনী মজুদ পণ্য | ১৮,০০০ |
| মূলধন | ২,০৭,০০০ | বরাদ্দকৃত বাট্টা | ৫,০০০ |

(ক) উপর্যুক্ত তথ্য হতে সমন্বিত ক্রয়ের পরিমাণ নির্ণয় কর। ২
(খ) উপর্যুক্ত তথ্যের আলোকে মুনাফা জাতীয় আয় ও মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্য দ্বারা মানহা এন্টারপ্রাইজের রেওয়ামিল প্রস্তুত কর। ৪

১০। খুলনার "কথা প্রিন্টার্স" এ. আর. পাইলট উচ্চ বিদ্যালয় থেকে ২৫০০টি স্কুল ম্যাগাজিন ছাপানোর কাজ পেল। উপরোক্ত কাজের জন্য নিম্নোক্ত খরচগুলো হয়।

| | |
|---|---|
| কাগজ ক্রয়– | ১,১০,০০০ টাকা |
| প্রত্যক্ষ শ্রম– | ২৫,০০০ টাকা |
| ছাপার কালি ক্রয়– | ২২,০০০ টাকা |
| আঠা ও সুতা ক্রয়– | ৬,০০০ টাকা |
| কারখানা ভাড়া– | ১৫,০০০ টাকা |
| অফিস ও প্রশাসনিক ব্যয়– | ১২,০০০ টাকা |
| আপ্যায়ন খরচ– | ৩,০০০ টাকা |
| কারখানা বিদ্যুৎ খরচ– | ৫,৫০০ টাকা |

বিল আদায় খরচ দরপত্রের উদ্বৃত্ত মূল্যের ৩%।
প্রতিটি ম্যাগাজিনের দাম– ১০০ টাকা
(ক) কথা প্রিন্টার্স এর কারখানা উপরি ব্যয় নির্ণয় কর। ২
(খ) কথা প্রিন্টার্সের প্রতিটি স্কুল ম্যাগাজিনের উৎপাদন ব্যয় নির্ণয় কর। ৪
(গ) মোট উৎপাদন ব্যয় ১,৮০,০০০ টাকা ধরে কথা প্রিন্টার্সের প্রতিটি স্কুল ম্যাগাজিনের লাভ বা ক্ষতি নির্ণয় কর। ৪

১১। জনাব শায়লা একজন চাকুরিজীবী। তিনি প্রতি মাসে ২৫,০০০ টাকা বেতন পান এবং বছরে দুইবার ২০,০০০ টাকা করে বোনাস পান। জনাব শায়লার পরিবারের ১ জানুয়ারি ২০২০ তারিখের আর্থিক অবস্থা– নগদ তহবিল ৩০,০০০ টাকা, বাড়ি ১৫,০০,০০০ টাকা, আসবাবপত্র ৮০,০০০ টাকা, তৈজসপত্র ২৫,০০০ টাকা, গহনা ২,৫০,০০০ টাকা ও ব্যাংক ঋণ ৩,০০,০০০ টাকা। সারা বছরে তাঁর পরিবারের অন্যান্য লেনদেন ছিল নিম্নরূপ :

| | |
|---|---|
| খাদ্য সামগ্রী ক্রয়– | ৯০,০০০ টাকা |
| যাতায়াত ব্যয়– | ৪,০০০ টাকা |
| বাড়ি ভাড়া থেকে আয়– | ২৪,০০০ টাকা |
| ডি, পি, এস, এ জমা– | ১,২০,০০০ টাকা |
| ঋণের সুদ প্রদান– | ৩,৫০০ টাকা |
| পানি ও বিদ্যুৎ খরচ– | ৮,০০০ টাকা |
| আপ্যায়ন খরচ– | ৭,০০০ টাকা |
| চিকিৎসা খরচ– | ১২,০০০ টাকা |
| টেলিভিশন ক্রয়– | ৪৫,০০০ টাকা |
| পৌরকর প্রদান– | ১,৭০০ টাকা |
| ঋণ পরিশোধ– | ৫০,০০০ টাকা |
| কাপড় ক্রয়– | ৬,০০০ টাকা |

এছাড়া বিদ্যুৎ বিল বাবদ ২,০০০ টাকা বকেয়া আছে।
(ক) উপর্যুক্ত তথ্য হতে পারিবারিক তহবিল নির্ণয় কর। ২
(খ) জনাব শায়লার পারিবারিক সমাপনী নগদ তহবিলের পরিমাণ নির্ণয় কর। ৪
(গ) উপর্যুক্ত তথ্যের আলোকে উক্ত পরিবারের আয় উদ্বৃত্ত বা ঘাটতি নির্ণয় কর। ৪

# উত্তরমালা (দিনাজপুর বোর্ড ২০২৫)

## বহুনির্বাচনি অভীক্ষা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | ক | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | ক | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ক |

## সৃজনশীল

**প্রশ্ন ▶ ০১** শাপলা এন্ড কোং-এর ৩১শে ডিসেম্বর ২০২২ তারিখের রেওয়ামিলটি নিম্নরূপ :

**শাপলা এন্ড কোং**
রেওয়ামিল
৩১ ডিসেম্বর, ২০২২

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| প্রারম্ভিক মজুদ পণ্য | ২০,০০০ | |
| পণ্য ক্রয় ও বিক্রয় | ৯৫,০০০ | ১,৯৩,০০০ |
| ফেরত | ৮,২০০ | ৪,৫০০ |
| দেনাদার ও পাওনাদার | ৪০,০০০ | ২৫,০০০ |
| বেতন | ২৪,০০০ | |
| বিমা সেলামি | ২,০০০ | |
| ডাক ও তার | ১,২০০ | |
| পরিবহণ | ৭,০০০ | |
| বিজ্ঞাপন | ৮,৬০০ | |
| বাট্টা প্রাপ্তি | | ২,০০০ |
| কু-ঋণ সঞ্চিতি | | ১,৫০০ |
| ১০% বিনিয়োগ (১-৭-২০২২) | ২০,০০০ | |
| | ২,২৬,০০০ | ২,২৬,০০০ |

**সমন্বয়সমূহ :**
(১) সমাপনী মজুদ পণ্য ১৫,৮০০ টাকা।
(২) পণ্য ক্রয় ৩,০০০ টাকা হিসাবভুক্ত হয় নি।
(৩) দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয়, অবশিষ্ট দেনাদারের ৫% হারে কু-ঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি রাখতে হবে।
(৪) বিজ্ঞাপন খরচ ২ বছরের জন্য পরিশোধ করা হয়েছে।

ক. শাপলা এন্ড কোং-এর নীট দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত তথ্যের আলোকে শাপলা এন্ড কোং এর মোট মুনাফা বা ক্ষতি নির্ণয় কর। ৪
গ. বছর শেষে শাপলা এন্ড কোং এর মোট মুনাফা ৭৫,০০০ টাকা ধরে বিশদ আয় বিবরণী প্রস্তুত কর। ৪

[দি. বো. ২০২৫]

### ১নং প্রশ্নের সমাধান

**ক** শাপলা এন্ড কোং-এর নিট দেনাদারের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| দেনাদার | ৪০,০০০ | |
| বাদ : অলিখিত কু-ঋণ | (২,০০০) | |
| | ৩৮,০০০ | |
| বাদ : সমাপনী কু-ঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি (৩৮,০০০ × ৫%) | (১,৯০০) | |
| **নিট দেনাদার** | | ৩৬,১০০ |

**উত্তর :** নিট দেনাদারের পরিমাণ ৩৬,১০০ টাকা।

**খ**

**শাপলা এন্ড কোং**
**বিশদ আয় বিবরণী**
**২০২২ সালের ৩১ ডিসেম্বর সমাপ্ত বছরের জন্য**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| বিক্রয় | | ১,৯৩,০০০ | |
| বাদ : ফেরত | | (৮,২০০) | |
| | | | ১,৮৪,৮০০ |
| **বাদ : বিক্রীত পণ্যের ব্যয়** | | | |
| প্রারম্ভিক মজুদ পণ্য | | ২০,০০০ | |
| ক্রয় | ৯৫,০০০ | | |
| বাদ : ফেরত | (৪,৫০০) | | |
| | ৯০,৫০০ | | |
| যোগ : অলিখিত কু-ঋণ | ৩,০০০ | | |
| | | ৯৩,৫০০ | |
| পরিবহণ | | ৭,০০০ | |
| | | ১,২০,৫০০ | |
| বাদ : সমাপনী মজুদ পণ্য | | (১৫,৮০০) | |
| | | | (১,০৪,৭০০) |
| **মোট মুনাফা** | | | ৮০,১০০ |

**উত্তর :** শাপলা এন্ড কোং-এর ৩১ ডিসেম্বর মোট মুনাফা ৮০,১০০ টাকা।

**গ**

**শাপলা এন্ড কোং**
**বিশদ আয় বিবরণী**
**২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য**

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **মোট মুনাফা (প্রশ্নে প্রদত্ত)** | | | ৭৫,০০০ |
| **বাদ : পরিচালন ব্যয় :** | | | |
| বেতন | | ২৪,০০০ | |
| বিমা সেলামি | | ২,০০০ | |
| ডাক ও তার | | ১,২০০ | |
| বিজ্ঞাপন | ৭,০০০ | | |
| বাদ : বিজ্ঞাপন খরচ অবোলপন (৭,০০০ × ১/২) | (৩,৫০০) | | |
| | | ৩,৫০০ | |
| নতুন অলিখিত কু-ঋণ | ২,০০০ | | |
| যোগ : সমাপনী কু-ঋণ ও সন্দেহজনক দেনা সঞ্চিতি {(৪০,০০০ − ২,০০০) × ৫%) | ১,৯০০ | | |
| | ৩,৯০০ | | |
| বাদ : প্রারম্ভিক কু-ঋণ সঞ্চিতি | (১,৫০০) | | |
| | | ২,৪০০ | |
| | | | (৩৩,১০০) |
| **পরিচালন মুনাফা** | | | ৪১,৯০০ |
| **যোগ : অন্যান্য আয় :** | | | |
| প্রাপ্ত বাট্টা | | ২,০০০ | |
| বিনিয়োগের সুদ {(২০,০০০ × ১০%) × ৬/১২} | | ১,০০০ | |
| | | | ৩,০০০ |
| **নিট মুনাফা** | | | ৪৪,৯০০ |

**উত্তর :** নিট মুনাফার পরিমাণ ৪৪,৯০০ টাকা।

**প্রশ্ন ▸ ০২** জেবিন ট্রেডার্স এর ২০২২ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্য নিম্নরূপ :

| হিসাবের নাম | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|
| নগদ তহবিল | ৪৯,০০০ | |
| ব্যাংক জমাতিরিক্ত | | ৪২,০০০ |
| মূলধন | | ৩,৪০,০০০ |
| প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব | ৬৩,০০০ | ২৮,০০০ |
| অফিস সরঞ্জাম | ১,৩২,০০০ | |
| ইজারা সম্পত্তি (১০ বছরের) | ৮০,০০০ | |
| বন্ধকী ঋণ | | ৬৫,০০০ |
| উত্তোলন | ২৫,০০০ | |
| বকেয়া ভাড়া | | ৭,০০০ |
| অনাদায়ি বিনিয়োগের সুদ | ৮,০০০ | |
| বিলম্বিত বিজ্ঞাপন | ৫,০০০ | |
| বিনিয়োগ | ১,২০,০০০ | |
| | ৪,৮২,০০০ | ৪,৮২,০০০ |

**সমন্বয়সমূহ :**

(১) সমাপনী মজুদ পণ্যের ক্রয়মূল্য ২৭,০০০ টাকা এবং বাজারমূল্য ২৯,০০০ টাকা।

(২) ২টি ৫০০ টাকার নোট সম্পূর্ণ নষ্ট হয়ে গিয়েছে, যা হিসাবভুক্ত হয় নি।

(৩) অফিস সরঞ্জামের ১০% অবচয় ধরতে হবে।

ক. নিট মুনাফা ৬৫,৫০০ টাকা ধরে মালিকানা স্বত্বে পরিবর্তন বিবরণী প্রস্তুত কর। ২

খ. হিসাবকালের শেষ তারিখে আর্থিক অবস্থার বিবরণীতে মোট সম্পদের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. প্রতিষ্ঠানের ২০২২ সালের স্বল্পমেয়াদি দায় পরিশোধের ক্ষমতা যাচাই কর। ৪

[দি. বো. ২০২৫]

## ২নং প্রশ্নের সমাধান

**ক**

| বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|
| মূলধন | ৩,৪০,০০০ | |
| যোগ : নিট মুনাফা (প্রশ্নে প্রদত্ত) | ৬৫,০০০ | |
| | | ৪,০৫,০০০ |
| বাদ : উত্তোলন | | (২৫,০০০) |
| **মালিকানা স্বত্ব (সমাপনী উদ্বৃত্ত)** | | ৩,৮০,০০০ |

**উত্তর :** মালিকানা স্বত্ব ৩,৮০,০০০ টাকা।

**খ** আর্থিক অবস্থা বিবরণীর মোট সম্পদের পরিমাণ নির্ণয় :

| বিবরণ | টাকা | টাকা | টাকা |
|---|---|---|---|
| **স্থায়ী সম্পদ :** | | | |
| অফিস সরঞ্জাম | ১,৩২,০০০ | | |
| বাদ : পুঞ্জীভূত অবচয় | (১৩,২০০) | | |
| | | ১,১৮,৮০০ | |
| ইজারা সম্পত্তি | ৮০,০০০ | | |
| বাদ : অবলোপন | (৮,০০০) | | |
| | | ৭২,০০০ | |
| **মোট স্থায়ী সম্পদ** | | | ১,৯০,৮০০ |

| | | | |
|---|---|---|---|
| **দীর্ঘমেয়াদি বিনিয়োগ :** | | | |
| বিনিয়োগ | | | ১,২০,০০০ |
| **চলতি সম্পদ :** | | | |
| নগদ তহবিল | ৪৯,০০০ | | |
| বাদ : নষ্টজনিত ক্ষতি (৫০০ × ২) | (১,০০০) | | |
| | | ৪৮,০০০ | |
| প্রাপ্য হিসাব | | ৬৩,০০০ | |
| বিলম্বিত বিজ্ঞাপন | | ৫,০০০ | |
| **মোট চলতি সম্পদ** | | | ১,১৬,০০০ |
| **মোট সম্পদ** | | | ৪,২৬,৮০০ |

**উত্তর :** মোট সম্পদের পরিমাণ ৪,২৬,৮০০ টাকা।

**গ** [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▸ ০৩** সানমুন ট্রেডার্স ২০২২ সালের ১ জানুয়ারি তারিখে নগদ ২,৩০,০০০ টাকা ও ৮০,০০০ টাকার আসবাবপত্র নিয়ে শাড়ি ব্যবসায় শুরু করলো। সারা মাসে প্রতিষ্ঠানের নিম্নোক্ত লেনদেন সংঘটিত হয়।

| | | |
|---|---|---|
| জানুয়ারি | ০৪ | তিশা ট্রেডার্সের নিকট থেকে শাড়ী ক্রয়, নগদে ৩০,০০০ টাকা এবং বাকীতে ২৭,০০০ টাকা। |
| ” | ০৬ | “এন” ব্যাংকে ৩০,০০০ টাকা জমা দিয়ে হিসাব খোলা হলো। |
| ” | ১২ | দোকান ভাড়া প্রদান ১২,০০০ টাকা। |
| ” | ১৫ | শামীম এন্টারপ্রাইজ, বরিশাল এর নিকট ১,০০০ টাকা দরে ৫০টি শাড়ী বিক্রয়। কারবারি বাট্টা ৮%। চালান নং-০১। |
| ” | ২২ | পাওনাদারকে পরিশোধ ২০,০০০ টাকা। |

ক. জানুয়ারি মাস শেষে নীট পাওনাদারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জানুয়ারি ১৫ তারিখের লেনদেন দ্বারা একটি চালান প্রস্তুত কর। ৪

গ. জানুয়ারি ০১, ০৪, ০৬ এবং ১২ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণে প্রভাব দেখাও। ৪

[দি. বো. ২০২৫]

**৩নং প্রশ্নের সমাধান**

**ক** নীট পাওনাদারের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২২ | | | |
| জানুয়ারি-৪ | বাকিতে শাড়ি ক্রয় | ২৭,০০০ | |
| ” ২২ | বাদ : পাওনাদারকে পরিশোধ | (২০,০০০) | |
| | **নিট পাওনাদার** | | ৭,০০০ |

**উত্তর :** নিট পাওনাদার ৭,০০০ টাকা।

**খ** জানুয়ারির ১৫ তারিখ দ্বারা একটি চালান তৈরি করা হলো−

**সানমুন ট্রেডার্স**

চালান নং : ০১ | **চালান** | তারিখ : ১৫ জানুয়ারি, ২০২২

ক্রেতার নাম : শামীম এন্টারপ্রাইজ

ঠিকানা : বরিশাল

| ক্রমিক নং | মালের বিবরণ | দর (টাকা) | পরিমাণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | শাড়ি | ১,০০০ | ৫০টি | ৫০,০০০ |
| | বাদ : কারবারি বাট্টা ৮% (৫০,০০০ × ৮%) | | | (৪,০০০) |
| | | | | ৪৬,০০০ |

**টাকা (কথায়) :** ছেচল্লিশ হাজার টাকা মাত্র।

বিক্রয় শর্ত :

বি.দ্র. : ভুল-ত্রুটি সংশোধনযোগ্য — বিক্রেতার স্বাক্ষর

**গ** **সানমুন ট্রেডার্স**

২০২২ সালের জানুয়ারি মাসের ০১, ০৪, ০৬ এবং ১২ তারিখের লেনদেনগুলো হিসাবসমীকরণে দেখানো হলো–

| তারিখ | উদ্বৃত্ত | সম্পদ (A) | | | = | দায় (L) | + | মালিকানা স্বত্ব (OE) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | নগদ | ব্যাংক | আসবাবপত্র | | প্রদেয় হিসাব | | | |
| ২০২২<br>জুন-১ | | ২,৩০,০০০ | | ৮০,০০০ | = | | + | ৩,১০,০০০ | মূলধন আনয়ন |
| ” ৪ | উদ্বৃত্ত | ২,৩০,০০০<br>(৩০,০০০) | | ৮০,০০০ | =<br>= | <br>২৭,০০০ | | ৩,১০,০০০<br>(৫৭,০০০) | ক্রয় ব্যয় |
| ” ৬ | উদ্বৃত্ত | ২,০০,০০০<br>(৩০,০০০) | <br>৩০,০০০ | ৮০,০০০ | =<br>= | ২৭,০০০ | + | ২,৫৩,০০০ | |
| ” ১২ | উদ্বৃত্ত | ১,৭০,০০০<br>(১২,০০০) | ৩০,০০০ | ৮০,০০০ | =<br>= | ২৭,০০০ | + | ২,৫৩,০০০<br>(১২,০০০) | ভাড়া ব্যয় |
| | উদ্বৃত্ত | ১,৫৮,০০০ | ৩০,০০০ | ৮০,০০০ | = | ২৭,০০০ | + | ২,৪১,০০০ | |
| | মোট | ২,৬৮,০০০ | | | = | ২,৬৮,০০০ | | | |

**উত্তর :** হিসাব সমীকরণের যোগফল ২,৬৮,০০০ টাকা।

**প্রশ্ন ▶ ০৪** জনাব সাবরিনা তার ব্যবসায় প্রতিষ্ঠান 'সাবরিনা এন্টারপ্রাইজ' এর যথাযথ হিসাব সংরক্ষণ করেন না। ১ জানুয়ারি ২০২২ তার ব্যবসায় সম্পদ ও দায়ের পরিমাণ ছিল যথাক্রমে ৩,২০,০০০ ও ১,৪৫,০০০ টাকা। উক্ত বছরে তিনি প্রতিমাসে নগদ ৬,০০০ টাকা ও ২,০০০ টাকার পণ্য নিজ ব্যবহারের জন্য ব্যবসায় থেকে নিয়ে যেতেন। নতুন করে ব্যক্তিগত ৩০,০০০ টাকা কম্পিউটার ব্যবসায় বিনিয়োগ করেন। ৩১ ডিসেম্বর ২০২২ তারিখে তার ব্যবসায়ে নিম্নোক্ত সম্পদ ও দায়সমূহ ছিলো :

নগদ ২,০০,০০০ টাকা, আসবাবপত্র ১,৮০,০০০ টাকা, প্রাপ্য হিসাব ১,৩০,০০০ টাকা, অগ্রিম খরচ ৫,০০০ টাকা, মজুদ পণ্য ৯৫,০০০ টাকা, ব্যাংক ঋণ ৪০,০০০ টাকা, প্রদেয় হিসাব ৬৫,০০০ টাকা এবং অনুপার্জিত আয় ১২,০০০ টাকা।

ক. 'সাবরিনা এন্টারপ্রাইজ' এর প্রারম্ভিক মূলধন পরিমাণ নির্ণয় কর। ২

খ. 'সাবরিনা এন্টারপ্রাইজ' এর সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. ২০২২ সালে সাবরিনা এন্টারপ্রাইজের লাভ/ক্ষতির পরিমাণ নির্ণয় কর। ৪

[দি. বো. ২০২৫]

**৪নং প্রশ্নের সমাধান**

**ক** সাবরিনা এন্টারপ্রাইজের প্রারম্ভিক মূলধনের পরিমাণ নির্ণয় :

প্রারম্ভিক মূলধন = প্রারম্ভিক সমস্পদ − প্রারম্ভিক দায়
= (৩,২০,০০০ − ১,৪৫,০০০)
= ১,৭৫,০০০ টাকা

**উত্তর :** প্রারম্ভিক মূলধন ১,৭৫,০০০ টাকা।

**খ** সাবরিনা এন্টারপ্রাইজের সমাপনী মূলধনের পরিমাণ নির্ণয় :

সমাপনী মূলধন = সমাপনী মোট সম্পদ − সমাপনী মোট দায়
= {(নগদ + আসবাবপত্র + প্রাপ্য হিসাব + অগ্রিম খরচ + মজুদ পণ্য + অফিস সরঞ্জাম) − (ব্যাংক ঋণ + প্রদেয় হিসাব + অনুপার্জিত আয়)}
= (২,০০,০০০ + ১,৮০,০০০ + ১,৩০,০০০ + ৫,০০০ + ৯৫,০০০ + ৩০,০০০) − (৪০,০০০ + ৬৫,০০০ + ১২,০০০)
= (৬,৪০,০০০ − ১,১৭,০০০)
= ৫,২৩,০০০

**উত্তর :** সমাপনী মূলধন ৫,২৩,০০০ টাকা।

**গ** সাবরিনা এন্টারপ্রাইজের লাভ/ক্ষতি পরিমাণ নির্ণয় :

লাভ/ক্ষতি = {(সমাপনী মূলধন + উত্তোলন) − (প্রারম্ভিক মূরধন + অতিরিক্ত মূলধন)}
= (৫,২৩,০০০ + ৯৬,০০০) − (১,৭৫,০০০ + ৩০,০০০)
= ৬,১৯,০০০ − ২,০৫,০০০
= ৪,১৪,০০০

**উত্তর :** লাভের পরিমাণ ৪,১৪,০০০ টাকা।

এখানে,
উত্তোলন
নগদ ৬,০০০ × ১২ = ৭২,০০০
পণ্য ২,০০০ × ১২ = ২৪,০০০
৯৬,০০০

**প্রশ্ন ▸ ০৫** জনাব নাজমা বেগম একজন রেস্টুরেন্ট ব্যবসায়ী। তাঁর রেস্টুরেন্টের জুলাই মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

জুলাই ০১ গ্রাহকের সেবা দ্বারা প্রাপ্য হয়েছে ৮,০০০ টাকা।
" ০৩ পুরাতন চেয়ার টেবিল বিক্রয় ২৫,০০০ টাকা।
" ০৪ বিদ্যুৎ বিল বকেয়া ২,৭০০ টাকা।
" ০৭ বিনিয়োগের সুদ পাওয়া গেল ৩,৬০০ টাকা।
" ১৬ জন্মদিনের আয়োজন বাবদ অগ্রিম পাওয়া গেল ১০,০০০ টাকা।
" ২২ ব্যাংক থেকে ঋণ গ্রহণ ৪০,০০০ টাকা।
" ২৫ বিমা সেলামি পরিশোধ করা হলো ৭,২০০ টাকা।
" ২৮ আসবাবপত্রের উপর অবচয় ধার্য করা হলো ২,৫০০ টাকা।

ক. উপযুক্ত তথ্যাদি হতে মূলধন জাতীয় প্রাপ্তির মোট পরিমাণ নির্ণয় কির। ২
খ. জুলাই ০১, ০৩, ০৪ ও ০৭ তারিখের লেনদেনের সাথে জড়িত হিসাবের শ্রেণি দেখাও। ৪
গ. জুলাই ১৬, ২২, ২৫ ও ২৮ তারিখের লেনদেনগুলোর কারণসহ ডেবিট ও ক্রেডিট নির্ণয় কর। ৪

[দি. বো. ২০২৫]

**৫নং প্রশ্নের সমাধান**

☐ [এসএসসি-২০২৬ এর সিলেবাস বহির্ভূত]

**প্রশ্ন ▸ ০৬** ভৈরবী এন্ড সন্স এর ২০২১ সালের জুলাই মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

জুলাই ০৩ ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক থেকে উত্তোলন ৭০,০০০ টাকা।
" ০৪ ৫% বাট্টায় শাওন ট্রেডার্সের কাছ থেকে পণ্য ক্রয় ৮৫,০০০ টাকা। চালান নং-২২৭, বহন খরচ ১,০০০ টাকা। শর্ত ২/৫ নীট ২০।
" ০৯ ব্যবসায়ের হিসাবরক্ষণের জন্য ৩৫,০০০ টাকার ১টি কম্পিউটার ক্রয়।
" ১২ শাওন ট্রেডার্সকে পণ্য ফেরত ৫,০০০ টাকা।
" ১৭ ব্যক্তিগত প্রয়োজনে পণ্য উত্তোলন ১৫,০০০ টাকা।
" ২০ রূপক এন্টারপ্রাইজ থেকে ৯৫,০০০ টাকার পণ্য ৫% বাট্টায় ক্রয় করা হলো। চালান নং-২২৮ প্যাকিং খরচ ৫০০ টাকা। শর্ত ২/১০ নিট ৩০।

ক. ভৈরবী এন্ড সন্স এর জুলাই মাসে ক্রয় বাট্টার পরিমাণ নির্ণয় কর। ২
খ. উপর্যুক্ত লেনদেন দ্বারা ক্রয় জাবেদা প্রস্তুত কর। ৪
গ. ক্রয় জাবেদা সংশ্লিষ্ট লেনদেন ব্যতীত অবশিষ্ট লেনদেনের সাধারণ জাবেদা দাখিলা দাও। ৪

[দি. বো. ২০২৫]

**৬নং প্রশ্নের সমাধান**

**ক** ভৈরবী এন্ড সন্সের ক্রয় বাট্টার পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| জুলাই-০৪ | শাওন ট্রেডার্সের (৮৫,০০০ × ৫%) | ৪,২৫০ | |
| " ২০ | রূপক এন্টারপ্রাইজ (৯৫,০০০ × ৫%) | ৪,৭৫০ | |
| | **মোট ক্রয় বাট্টার পরিমাণ** | | ৯,০০০ |

**উত্তর :** ক্রয় বাট্টার পরিমাণ ৯,০০০ টাকা।

**খ**

## ভৈরবী এন্ড সন্স

### ক্রয় জাবেদা

| তারিখ | ক্রেডিট হিসাব | শর্ত | চালান নং | সূত্র | ক্রয় হিসাব ডেবিট<br>পাওনাদার হিসাব ক্রেডিট |
|---|---|---|---|---|---|
| ২০২১ | | | | | |
| জুলাই-০৪ | শাউন ট্রেডার্স (গণনা-১) | ২/৫ নিট ২০ | ২৭৭ | ✓ | ৮১,৭৫০ |
| ” ২০ | রূপক এন্টারপ্রাইজ (গণনা-২) | ২/১০ নিট ৩০ | ২২৮ | ✓ | ৯০,৭৫০ |
| | | | | | ১,৭২,৫০০ |

**উত্তর :** ক্রয় জাবেদার যোগফল ১,৭২,৫০০ টাকা।

**গণনা-১ :** শাউন ট্রেডার্স = {৮৫,০০০ − (৮৫,০০০ × ৫%) + ১,০০০} = (৮৫,০০০ − ৪,২৫০ + ১,০০০) = ৮১,৭৫০

**গণনা-২ :** রূপক এন্টারপ্রাইজ = {৯৫,০০০ − (৯৫,০০০ × ৫%) + ৫০০} = (৯৫,০০০ − ৪,৭৫০ + ৫০০) = ৯০,৭৫০

**গ**

## ভৈরবী এন্ড সন্স

### সাধারণ জাবেদা

| তারিখ | হিসাবের নাম ও ব্যাখ্যা | | খ.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|---|
| ২০২১ | | | | | |
| জুলাই−০৩ | নগদান হিসাব | ডেবিট | | ৭০,০০০ | |
| | ব্যাংক হিসাব | ক্রেডিট | | | ৭০,০০০ |
| | [ব্যবসায়ের প্রয়োজনে ব্যাংক হতে নগদ উত্তোলন করা হলো] | | | | |
| ” ০৯ | অফিস সরঞ্জাম হিসাব | ডেবিট | | ৩৫,০০০ | |
| | নগদান হিসাব | ক্রেডিট | | | ৩৫,০০০ |
| | [অফিসের প্রয়োজনে কম্পিউটার ক্রয় করা হলো] | | | | |
| ” ১২ | পাওনাদার (শাউন ট্রেডার্স) হিসাব | ক্রেডিট | | ৫,০০০ | |
| | ক্রয় ফেরত হিসাব | ক্রেডিট | | | ৫,০০০ |
| | [ত্রুটিযুক্ত পণ্য ফেরত দেওয়া হলো] | | | | |
| ” ১৭ | উত্তোলন হিসাব | ডেবিট | | ১৫,০০০ | |
| | গদান হিসাব | ক্রেডিট | | | ১৫,০০০ |
| | [যেহেতু ব্যক্তিগত প্রয়োজনে উত্তোলন করা হলো] | | | | |
| | | মোট | | ১,২৫,০০০ | ১,২৫,০০০ |

**উত্তর :** জাবেদার যোগফল ১,২৫,০০০ টাকা।

**প্রশ্ন ▸ ০৭** মাসাবি ট্রেডার্স একটি মুদি পণ্যের পাইকারী ব্যবসায় প্রতিষ্ঠান। ২০২১ সালের মার্চ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

মার্চ ০৮ ব্যবসায় অতিরিক্ত বিনিয়োগ করেন ২৭,০০০ টাকা।
” ১২ ফাহিম এন্টারপ্রাইজের নিকট ১০০ টাকা দরে ২০০ লিটার সয়াবিন তৈল বিক্রয়। চালান নং-২০৫। কারবারি বাট্টা ৫%।
” ১৮ দেনাদার থেকে প্রাপ্তি ৬,০০০ টাকা।
” ২০ কর্মচারীকে বেতন প্রদান ৯,০০০ টাকা।
” ২৫ জাহিদ ট্রেডার্সের নিকট ২০০ টাকা দরে ১৫০ পাউন্ড চা বিক্রয়। চালান নং ২০৬। কারবারি বাট্টা ৭%।

ক. মাসাবি ট্রেডার্সের মোট বিক্রয়ের পরিমাণ কত? ২
খ. চলমান জের ছক অনুসরণপূর্বক নগদান হিসাব ও বেতন হিসাব প্রস্তুত কর। ৪
গ. মার্চ ১২ ও ২৫ তারিখের লেনদেন দ্বারা সহকারী খতিয়ান তৈরি কর। ৪

[দি. বো. ২০২৫]

## ৭নং প্রশ্নের সমাধান

**ক** মাসাবি ট্রেডার্সের মোট বিক্রয়ের পরিমাণ নির্ণয় :

| তারিখ | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| ২০২১ | | | |
| মার্চ–২২ | ফাহিম এন্টারপ্রাইজ (গণনা–১) | ১৯,০০০ | |
| " ২৫ | জাহিদ ট্রেডার্স (গণনা–২) | ২৭,৯০০ | |
| | **মোট বিক্রয়ের পরিমাণ** | | ৪৬,৯০০ |

**উত্তর :** মোট বিক্রয়ের পরিমাণ ৪৬,৯০০ টাকা।

**গণনা–১ :** ফাহিম এন্টারপ্রাইজ = {(১০০ × ২০০) – (১০০ × ২০০ × ৫%)} = (২০,০০০ – ১,০০০) = ১৯,০০০

**গণনা–২ :** জাহিদ ট্রেডার্স = {(২০০ × ১৫০) – (২০০ × ১৫০ × ৭%) = ২৭,৯০০

**খ**

### মাসাবি ট্রেডার্স
**খতিয়ান বই (চলমান জের ছক)**

**নগদান হিসাব** হিসাবের কোড নং–

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২১ | | | | | | |
| মার্চ–৮ | মূলধন হিসাব | | ২৭,০০০ | | ২৭,০০০ | |
| " ১৮ | দেনাদার হিসাব | | ৬,০০০ | | ৩৩,০০০ | |
| " ২০ | বেতন হিসাব | | | ৯,০০০ | ২৪,০০০ | |

**বেতন হিসাব** হিসাবের কোড নং–

| তারিখ | বিবরণ | জা.পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা | জের | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | ডেবিট | ক্রেডিট |
| ২০২১ | | | | | | |
| মার্চ-২০ | নগদান হিসাব | | ৯,০০০ | | ৯,০০০ | |

**উত্তর :** নগদান হিসাবের ডেবিট জের ২৪,০০০ টাকা এবং বেতন হিসাবের ডেবিট জের ৯,০০০ টাকা।

**গ**

